(খ) বর্ত্তমান আর্থিক বৎসর শেষ হইবার পূর্ব্বেই সাতটী ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র ও একটী থানা স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা যাইবে বলিয়া আশা করা যাইতেছে।

(গ) ও (ঘ) না, বন্ধ নাই। গত বর্ষায় বৃষ্টির জন্য ও ঠিকাদারের (Contractor) কর্ত্তব্যনিষ্ঠার অভাব ও অসাবধানতায় অর্দ্ধসমাপ্ত গৃহের কিছু ক্ষতি হইয়াছিল। ক্ষতির আনুমানিক পরিমাণ ১,৩০০৲ টাকা।

(ঙ) হাঁ, নিম্নলিখিত কারণে এখনও উক্ত গ্রামে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা সম্ভবপর হয় নাই:--

(১) কেহ প্রয়োজনমত ভূমিদান না করায় সরকার কর্ত্তৃক জমি acquire করিতে সময় লাগিয়াছে,

(২) গৃহনির্ম্মাণের জন্য নিয়ন্ত্রিত মালমসলা (controlled articles) সংগ্রহ করিতে সময় লাগিয়াছে, এবং

(৩) ভারপ্রাপ্ত ঠিকাদার সরকারের বিনা অনুমতিতে কাজ ছাড়িয়া চলিয়া যাওয়ায় নূতন ঠিকাদার নিযুক্ত করিয়া পুনরায় কাজ আরম্ভ করিতে হইয়াছে। ইহাতেও চারিমাস সময় লাগিয়াছে।

গ্রামবাসিদের চিকিৎসার সুযোগের অসুবিধা হইতেছে না, কারণ তিন মাইলের ভিতরেই ছান্দার ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র পূর্ব্বেই প্রতিষ্ঠা করা হইয়াছে।

(চ) হাঁ, আশা করা যায় বর্ত্তমান আর্থিক বৎসর সমাপ্ত হইবার পূর্ব্বেই উক্ত স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠিত হইবে।

Sj. SIBNATH BANERJEE : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে, যে ১০ হাজার টাকা এক বদান্য গৃহস্থ দিয়েছিলেন তা কতদিন আগে দিয়েছিলেন?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: Notice চাই।

Sj. SIBNATH BANERJEE : যে contractorএর কর্ত্তব্যনিষ্ঠার অভাব এবং অসাবধানতার জন্য অর্দ্ধসমাপ্ত গৃহের জন্য ১,৩০০৲ টাকা ক্ষতি হয়েছিল এবং যে সরকারের বিনা অনুমতিতে কাজ ছেড়ে দিয়েছিল তার কাছ থেকে ঐ টাকাটা আদায় করবার কি ব্যবস্থা করা হয়েছে?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: যে ঠিকাদার বা contractor এই রকমভাবে কাজের গাফিলতি করে তাকে শাস্তি দেবার যে ব্যবস্থা আছে সেই ব্যবস্থাই করা হবে।

Sj. SIBNATH BANERJEE : আমি জানতে চাচ্ছি তার কি ব্যবস্থা করা হয়েছে?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: Notice চাই।

Sj. SIBNATH BANERJEE : আমি জানতে চাচ্ছি যে সেই contractorএর যে টাকা deposit আছে তার থেকে কত টাকা realise করা হয়েছে।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: Notice চাই, অত সব কি মুখস্থ থাকে?

Sj. SIBNATH BANERJEE : এই সমস্ত মুখস্থ করেই আসা উচিৎ। প্রত্যেক জিনিষই notice চাই বল্লে বুদ্ধির অভাবের পরিচয় দেওয়া হয় না কি?

Mr. SPEAKER : Please make no comments. Put your question.

Sj. SIBNATH BANERJEE : এই যে এখনি বল্লেন যে তিনটী bed খোলা হয়েছে। শুধু খোলাই হয়েছে না সেখানে রোগীর চিকিৎসার ব্যবস্থাও আরম্ভ করা হয়েছে?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: Bed খোলা হয়েছে বললেই চিকিৎসা আরম্ভ করা হয়েছে বোঝা যায়।

Sj. SIBNATH BANERJEE: সেখানে কটা bedএ কটা রোগী আছে?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: Notice চাই।

Sj. SIBNATH BANERJEE: কটা bed খালি আছে এবং কটা bed ভর্তি আছে?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: Notice চাই।

Sj. SIBNATH BANERJEE: আমি বলছি কটা bed খালি আছে এবং কটা ভর্তি আছে, তাদের সংখ্যা কত?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: আজকে কটা bed খালি আছে এবং কটা ভর্তি আছে তা এখান থেকে কি করে বলবো?

Mr. SPEAKER: Question over.

Authenticated Schedule of Supplementary Expenditure for 1949-50.

The Hon'ble BIMAL CHANDRA SINHA: Sir, may I have your permission to lay the authenticated Schedule?

Mr. SPEAKER: Yes.

The Hon'ble BIMAL CHANDRA SINHA: Sir, in pursuance of article 390A(2) of the Constitution of India read with sub-section (*1*) of section 80 of the Government of India Act, 1935, as adapted by the India (Provisional Constitution) Order, 1947, I beg to lay before the Assembly the authenticated Schedule of Supplementary Expenditure for 1949-50, as authenticated by His Excellency the Governor of West Bengal under sub-section (*1*) of section 80 of the Government of India Act.

BUDGET FOR 1950-51

DEMANDS FOR GRANTS.

8—Provincial Excise.

The Hon'ble SYAMA PRASAD BARMAN: Sir, on the recommendation of His Excellency the Governor I beg to move that a sum of Rs. 36,61,000 be granted for expenditure under the head "8—Provincial Excise".

Sir, yesterday Sri Sibnath Banerjee, the Socialist Leader, made a remark that Ministers moved their motions but did not speak. I do not want to be accused on that charge——(Sj. SIBNATH BANERJEE: Thank you. My congratulations for listening to the Opposition)——. I therefore propose to lay before the House the Excise policy of the Government. Sir, prohibition is the declared policy of the Congress, and as an ethical ideal, as an urgent matter of reform it brooks no delay. This idea has to be implemented sooner or later, but steps have to be taken according to the circumstances of the State. Sir, we are faced today with an unsettled political condition in and outside the country: we are faced today with additional problems of protecting our boundaries and of rehabilitation of the refugees and such other vast problems imposing additional burden upon the finances of the State, and it is for this reason that we cannot implement immediately total prohibition in West Bengal. But the prohibition policy of the West Bengal Government is to proceed slowly by stages by creating public opinion, mobilising public opinion in favour of prohibition. Sir, I may be accused of dilatory tactics, but I shall mention here that there are

certain difficulties in our way for implementing the policy of total prohibition. Sir, difficulty No. 1 is that prohibition will lead us to the loss of revenue to the extent of about Rs. 6 crores and the cost of enforcement of prohibition will be another one crore. So, the cost of total prohibition will mean about Rs. 7 crores which our finances can ill-afford as there is no other source of revenue left. Sir, as you know, the taxes in our province are very high and all sources of revenue have been exhausted and there is no source of revenue within the limits of the Constitution which can yield the required amount for introducing prohibition.

Sir, difficulty No. 2 is that there is pressing demand from all sides for development and for road and other constructions. With the attainment of freedom, the State Government have assumed responsibility in the sphere of nation-building departments and have been involved in large commitments in the field of education, sanitation, public health, agriculture, irrigation and industrial development. These responsibilities cannot be discharged unless the revenues of the State are progressively increased or at least the revenues are maintained intact.

Sir, difficulty No. 3 is that West Bengal is the abode of heterogeneous people coming from different countries, from different States, some of whom have a peculiar yearning for drinks and drugs. There are also aboriginals in the State to whom *pochai* is more a food than intoxicant, to whom the drinking of liquor, *pochai* and *tari* is an indispensable part of some of the religious functions.

Difficulty No. 4 is that all the districts of our State except Howrah and Hooghly are bordering districts. Unless our neighbouring States—I mean Bihar, Orissa and East Bengal—go dry, unless they adopt the prohibition policy, it is futile to introduce prohibition here for in that case it will increase the problem of illicit distillation and smuggling to a great extent which it will be very difficult for us with an insufficient staff to check. This is difficulty No. 4.

There is also difficulty No. 5. Sir, the Government of India expressed their unwillingness to render assistance to the States for the implementation of prohibition in the shape of loan or otherwise and it is for this reason that we cannot implement immediately total prohibition in our State.

Sir, in spite of these difficulties if we introduce prohibition in our State, if we are ready to launch the programme of prohibition, then the problem of enforcement and checking and prevention of illicit distillation and smuggling from bordering States will be very difficult. Sir, if Government fail to control the excise offences which will increase as a result of prohibition, it will engender in the minds of the common people a sense of defiant attitude and disrespect for law. So, Sir, in this unsettled political situation, I think it is not wise to introduce prohibition at the present moment. If I close the Russa Distillery or the distilleries of Asansol and Konnagar, that will not help prohibition effectively. I can close down the big industries manufacturing liquor, but that will give rise to cottage industries, home industries. Every house, every cottage of the drinker will be turned into a miniature form of distillery. If I close down the excise shops in the State, then the pan shops, the biri shops will be the excise shops selling illicit liquor and smuggled drugs and these shops will be a menace to our State.

Sir, as a practical proposition, if we really want prohibition, if we really want to create sober habits amongst our people, then I think what is needed most is the mobilisation of public opinion, propaganda from press and platform and propaganda on the governmental basis and also on the popular basis in favour of prohibition. Sir, for these above reasons, conditions being unfavourable for introducing prohibition, Government have taken measures for the reduction of consumption of liquor. Sir, Government have taken measures for the reduction of consumption of intoxicants,

(1) by reducing the number of excise licenses, (2) by reducing the working hours of the excise shops, (3) by declaring one day in a week as a dry day for all the excise shops in Calcutta and all other industrial areas, (4) by putting a bar in granting new licenses, (5) by an intensive drive which was taken for prevention of excise crimes. Sir, after partition we have a very depleted excise staff but in spite of that an extensive drive was made for the prevention of illicit distillation, for checking smuggling and illegal traffic, (6) by bringing under excise control the sale of liquor by non-proprietory clubs which sell liquor to the members. Sir, perhaps last year the Club Licences Bill was passed. It has been enforced and all the *bona fide* clubs have been granted licences and it has checked, it has eliminated all the night clubs of ill-fame and has thus restricted the consumption of foreign liquor.

The next step is, Sir, that we have upgraded the rates of taxation on intoxicants. A comparison of the rates of taxation on alcoholic drink and drugs will show that our rates are the highest.

The maximum rates of excise duties.

		Rs.	a.	p.
Opium per seer—				
West Bengal	...	434	11	0
Bihar	...	360	0	0
Orissa	...	402	9	0
C. P.	...	160	11	0
Assam	...	230	1	0
Madras	...	175	0	0
Bombay	...	100	0	0
Ganja per seer—				
West Bengal	...	295	9	9
Bihar	...	175	0	0
Orissa	...	140	0	0
C. P.	...	140	0	0
Assam	...	150	0	0
Madras	.	65	0	0
Bombay	..	40	0	0
Country spirit per gallon—				
West Bengal	...	51	5	6
Bihar	...	22	13	3
Orissa	...	30	0	0
Assam	...	15	5	0
Madras	...	15	12	0
Bombay	...	30	0	0

From the comparison of these rates it will appear that the rates of our taxes are the highest of all those which are prevailing in other States. It may be said, Sir, that this policy of maximum revenue with minimum consumption has put a great burden upon the poor. It is true, Sir, as my friend Srijut Nishapati Majhi said in his speech during the general discussion on the Budget that by far the largest amount of excise revenue is derived from the sale of *pachwai*, *tari* and country spirit. That is true, but after a full day's toil the labourers in the field and the workers in factories and mines fly to liquor which is their only solace and only enjoyment, and

I think it will be a cruelty if we deprive them of this stimulant to their drooping spirit without making previous arrangements for their home comforts, good houses, recreation rooms and other amenities. But, Sir, I can justify this system, this policy of maximum revenue with minimum consumption. It has checked, it has restricted the spread of drinking habit. It has restricted the consumption of spirit to a great extent. This system of imposing maximum revenue with the result of minimum consumption is prevailing in Great Britain and it has met with good results. Sir, prohibition being our ultimate goal, we are not sitting idle. In order to ascertain whether it will be possible to introduce prohibition, we sent our Excise Commissioner to Malda last year and he met the leading gentlemen there—leading men of Malda, Congress Secretaries, Chairmen, District Boards, Municipalities, and other public men there. But the public opinion is divided there. The majority of the people were against the introduction of immediate prohibition. I have mentioned before, Sir, that prohibition is our ultimate goal and in order to achieve that goal what we want to do is that we shall select certain districts, certain areas, and we shall gather public opinion there, and if the conditions are favourable for the introduction of prohibition, we shall try, and it is in the contemplation of Government, to introduce prohibition there gradually. And if we become successful in those parts, Government will extend prohibition to other districts.

Sir, there are only three cut motions and all deal with the policy of Government about prohibition. I have mentioned the policy of Government regarding prohibition. I have mentioned our difficulties for immediate implementation of prohibition and I think my friend Sj. Sibnath Banerjee and other friends will not move their motions or, if moved, they will withdraw their motions and accept my motion for grant.

With these words, Sir, I move my motion for the acceptance of the House.

(Sj. Pramatha Nath Bandyopadhyaya rose to speak.)

Mr. SPEAKER: Do you want to move your motion?

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAYA: Yes, Sir I beg to move that the demand of Rs. 36,61,000 for expenditure under the head "8—Provincial Excise" be reduced by Rs. 100.

I move this to raise a discussion about the policy of the department.

Sj. SIBNATH BANERJEE: মাননীয় স্পীকার মহোদয়। মাননীয় মন্ত্রীমহাশয়ের আবেদন সত্ত্বেও আমি move করছি।

I move that the demand of Rs. 36,61,000 for expenditure under the head "8—Provincial Excise" be reduced by Rs. 100.

I move this to raise a discussion about the policy and practice of the department.

Sj. PRAMATHANATH BANDYOPADHYAYA: মাননীয় স্পীকার মহোদয়, যেভাবে আমাদের মাননীয় মন্ত্রীমহোদয় মাদকদ্রব্য সম্বন্ধে গভর্ণমেণ্টের পলিসি হওয়া উচিত ব'লে বলেছেন, সেটা শুনে মনে হয় যে মাদকদ্রব্য বন্ধ করা আমাদের গভর্ণমেণ্ট দ্বারা কতকালে যে সম্ভব হবে তা কিছুই ঠিক পাওয়া যাচ্ছে না। তিনি বলেছেন যে আমাদের দেশে যা অবস্থা তাতে দরিদ্র লোক যারা, তারা সারাদিনের কঠোর পরিশ্রমের পর সন্ধ্যাবেলায় একটু আরাম পাওয়ার জন্য এই মাদকদ্রব্য ব্যবহার করে। এছাড়া যে সমস্ত জাতি—সাঁওতাল প্রভৃতি পচাই এবং অন্যান্য মাদকদ্রব্য ব্যবহারে আনন্দ লাভ করে, তাতে কতকটা তাদের পক্ষে খাদ্যের কাজ হয়, এই কথা তিনি বলতে চেয়েছেন।

এই মাদকদ্রব্য ব্যাপারটা আমরা ছেলেবেলা থেকে শুনে আসছি। তখন ইংরেজ রাজত্ব ছিল, ইংরেজকে দোষ দিতাম আমাদের দেশের লোকের চরিত্র নষ্ট করবার জন্য, শরীর নষ্ট করবার জন্য। এদেশে মাদকদ্রব্য চালু রেখেছে বলে, ইংরেজকে আমরা নিন্দা করতাম।

তখনকার দিনে ইংরেজ জাতির ভিতর থেকেও Pussyfoot Johnsonএর মতন লোক এসে মাদকদ্রব্যের বিরুদ্ধে প্রচার কোরেছেন। আমাদের দেশে Progressive যুবসমাজের মধ্যে থেকে এবং অন্যান্য দু'একটা প্রতিষ্ঠানের মধ্য থেকেও অনেকে এই মাদকদ্রব্য নিবারণের জন্য প্রভূত চেষ্টা করেছেন। কিন্তু দুঃখের বিষয় আজও আমরা স্বাধীন হয়েও এই মাদকদ্রব্য নিবারণে অধিকদূর অগ্রসর হতে পারি নাই।

আমার ব্যক্তিগতভাবে জানা আছে যে কাঁথীতে তখনকার দিনে যিনি হেড্‌মাষ্টারমহাশয় ছিলেন তাঁর উপদেশে ও চরিত্রের আদর্শে বহু ছাত্র তাঁরা একেবারেই মাদকদ্রব্য ব্যবহার করতেন না। আমরা তখন দোষ দিয়েছি ইংরেজকে ও অন্যান্য জাতকে, যারা চায়নার কাছ থেকে কোটী কোটী টাকা লাভের জন্য opendoor policy ক'রে সেখানে আফিং ঢুকিয়ে দিয়েছিল এবং সেই আফিংয়ের বিষ থেকে চায়না এখনো পর্য্যন্ত মুক্ত হতে পারেনি। তখন ইংরেজকে শুধু দোষ দিতাম, আর আজকে কয়েক কোটী টাকা লাভের অজুহাতে আমাদের দেশকে নষ্ট ক'রে দিচ্ছেন। Revenueর জন্য আমাদের দেশের কোন জাত যদি নষ্ট হয়, তাহ'লে তার সে দোষটা আমাদের উপরই এসে পড়ে। কাজেই গভর্ণমেণ্টের একটা definite policy থাকা উচিত--আমরা এটা বন্ধ করবো।

মন্ত্রীমহাশয় smugglingএর কথা ব'লেছেন, হাঁ, smuggling কিছু হবে। গভর্ণমেণ্ট যদি গাঁজা, মদ, আফিং বিক্রী করেন, তবে আমরা জনসাধারণকে বলবো কি? তারা বলবে আমাদের কংগ্রেস গভর্ণমেণ্ট বিক্রী করছেন, আমরা কি দোষ করেছি। যারা নেশা করে, তাদের যখন নেশার ঝোঁক হয়, তখন আর দামের কথা বা অন্য কোন কিছুই তারা চিন্তা করে না। গভর্ণমেণ্টেরও এতে আয় বেড়ে যায়। কিন্তু তাহ'লে আর দেশের লোকের কাছে কোন আদর্শ থাকে না। আজ এ আমরা বন্ধ করতে চাচ্ছি। কাজেই এ সম্পর্কে একটা definite policy থাকা উচিত যে আমরা এই মাদকদ্রব্যের ব্যবহার বন্ধ করতে চাচ্ছি। আর বিশেষ কথা এই আমাদের গাঁজা, যেটা পূর্বে চাষ হ'ত নওগাঁ, সেই নওগাঁ আমাদের হাত থেকে বেরিয়ে গেছে। কিন্তু সেই নওগাঁর গাঁজা বেরিয়ে যাওয়া সত্ত্বেও আমাদের গভর্ণমেণ্ট দেখছি মাদ্রাজ গভর্ণমেণ্টের কাছ থেকে গাঁজা কিনেছেন এবং তা বিক্রী করে লাভও করেছেন। অন্য গভর্ণমেণ্টের কাছ থেকে গাঁজা কিনতে হবে এবং তা বিক্রী করে লাভও করতে হবে, এটা দেখে শুনে খুব খারাপ লাগে, এসম্পর্কে জনসাধারণের কাছে ভালভাবে কৈফিয়ৎ দিতেও আমাদের অসুবিধায় পড়তে হয়, তখন শুধু মাথা চুলকাতে হয়। মন্ত্রীমহাশয়কে অনুরোধ করি যাতে এই পাপ দেশ থেকে দূর হয় সেই policy অনুসারে কাজ করুন। তাহ'লে আমরা ঠিকভাবে নির্দ্ধারণ করতে পারবো যে দশ বছর কি বিশ বছর পরে সমস্ত মাদকদ্রব্য তুলে দিতে আমাদের গভর্ণমেণ্ট সক্ষম হবেন। কিন্তু আমরা এখনই মাদকদ্রব্য তুলতে পারছি না এইজন্য যে আমরা দরিদ্র লোকদের জন্য কোন উচ্চতর আনন্দ দেবার ব্যবস্থা করতে পারছি না, সেই হেতু এই নিম্নতর আনন্দটুকু থাকা শ্রেয়— এরকম যুক্তি আদৌ সঙ্গত হবে না। কাজেই আমাদের উচ্চতর আনন্দ দানের ব্যবস্থা করতে হবে। ওদিকে আবার মধ্যবিত্ত সম্প্রদায়কে বলা হচ্ছে তোমরা লাঙ্গলের কাজে লেগে যাও, শারীরিক পরিশ্রম কর। কিন্তু তারাও ত বলবে দিনের পরিশ্রম শেষে অন্যলোক যে রকম আনন্দ পায়, আমাদেরও তেমনি আনন্দ দেবেন। কাজেই এই সমস্ত লক্ষ্য করে ওটা না বললেই ভাল হয়। এমন একটা policy হোক যার দ্বারা একটা নির্দ্দিষ্ট সময়ের ভেতর মাদকদ্রব্যের ব্যবহার আমাদের দেশে একেবারে বন্ধ করতে পারি।

Sj. SIBNATH BANERJEE: মাননীয় স্পীকার মহোদয়, আমি মন্ত্রীমহাশয়কে প্রথমেই অভিনন্দন জানাচ্ছি। Running Commentary ক'রে কালকে আমি যে কথা এই হাউসে ব'লেছিলাম যে মন্ত্রীমহাশয় cut motion move ক'রে তাঁর ডিপার্টমেণ্টের কার্য্যকলাপ সম্বন্ধে কিছু জানান না ও সেটা তিনি শুনেছেন এবং সেটা উল্লেখ করেছেন। (A VOICE: মন্ত্রীমহাশয় cut motion move করেন মানে কি?) (Laughter) কিন্তু "cut motion" move করেন, আরও নানা রকম motion করেন দেখা যায়। সেই জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। আরও বেশী অভিনন্দন জানাতাম যদি তিনি বক্তৃতাটা বাংলায় করতেন। ইংরেজের যখন গোলাম ছিলাম, তখন নিয়ম ছিল ইংরেজীতে বলতে হবে। ইংরেজী যে বলতে না পারবে, সে বাংলা, হিন্দি বা অন্য ভাষায় বলবে। আর এখন দেখছি উল্টো। মন্ত্রীমহাশয় বাংলা ত ভালই বলতে পারেন। আমি অবশ্য ইংরেজীর দোষ ধরছি না। বাংলায় বললে বুঝবার পক্ষে ও আলোচনার পক্ষে আমাদের বেশ সুবিধা হ'ত।

তারপরে যেভাবে তিনি মন্ত্রিমণ্ডলের এই Excise Policy সমর্থন করবার চেষ্টা করেছেন, সেইজন্য আমি তাঁকে মন্ত্রিমণ্ডলের তরফ থেকেও অভিনন্দন জানাচ্ছি।

যে caseএর defence নাই,' যদিও তাঁর weakest point তবুও সেটা তিনি defend করবার চেষ্টা করেছেন। মাননীয় বন্ধু প্রমথবাবুও তা ধরিয়ে দিয়েছেন। সেজন্য সেই সম্পর্কে আমি আর বেশী কিছু বলবো না। শ্রমিকদের তাঁরা অন্য রকম প্রকৃষ্ট আনন্দ দিতে পারছেন না; অতএব তাঁরা তাদের জন্য মদের ব্যবস্থা করছেন। কারণ তারা কায়িক পরিশ্রম বেশী করে। অনেক মন্ত্রীমহাশয়ও পরিশ্রম বেশী করেন; হয়ত বা তাঁরাও এটা দাবী করে বসবেন আমাদের জন্যও exemption হোক, মন্ত্রীমহাশয় আগেই যুক্তি দেখিয়েছেন ছ'কোটী টাকার বেশী রাজস্ব মদ থেকে আসে, ও হঠাৎ কি করে বন্ধ করা যায়? আমি হঠাৎ কিছু করতে বলি না। আমি বলছি না হঠাৎ বন্ধ করে দেও। আমি বলছি আস্তে আস্তে কর; সর্বত্র একসঙ্গে ক'রো না। উনি যে কথা বলেছেন, সেটা ভালই লেগেছে। যেমন লাইসেন্স নম্বর কমিয়েছেন। কিন্তু কত কমিয়েছেন, এবং আগের বছরই বা কত ছিল, সেটা জানালে ভাল হ'ত। Working hour কত ক'মে গিয়েছে সেটারও উল্লেখ নাই। কিন্তু একটা করেছেন comparison of taxation--যা দেখিয়েছেন তাতে বর্তমান মন্ত্রিমণ্ডলী ও মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ দেওয়া যায়। অন্যান্য প্রদেশের তুলনায়--maximum revenue on minimum consumption--যা দেখিয়েছেন সেটা আমরা সমর্থন করছি। তার ফল কি হয়েছে, consumption কত কমেছে, সেটা সম্বন্ধে কিছু জানিয়ে দিলে ভাল হ'ত। নীতির প্রশ্ন তিনি এড়িয়ে গেছেন। শুধু নীতি নয়, এই মাদকদ্রব্য prohibitionএর ব্যাপার নিয়ে, আমাদের দেশে যেমন স্বাধীনতার লড়াই হয়েছে, তার সঙ্গে সঙ্গে মাদকদ্রব্য বর্জন এবং বন্ধ করবার লড়াইও চলেছে। জাতির জনক গান্ধীজীর নেতৃত্বে লবণ আইন এবং এই মাদকতা বর্জন--এই দুটোও সেই স্বাধীনতা আন্দোলনের সঙ্গে জুড়ে দিয়েছিলেন। যার জন্য আজকে তাঁরা মন্ত্রিত্বের গদীতে বসেছেন ব'লে বোধ হয় কিছু অন্যায় বলা হবে না। তাঁরা মদের দোকানে picketing করতে গিয়ে মার খেয়েছেন, লাঠি খেয়েছেন, লাঞ্ছিত হয়েছেন এবং জেলও খেটেছেন। অবশ্য লবণ আইন সম্পর্কে একটা সুরাহা হয়েছে। কিন্তু মাদকদ্রব্য সম্বন্ধে ত তেমন কিছু আমরা দেখতে পাচ্ছি না। শুধু মদ থেকে যে ছ'কোটী টাকা লাভ হয় তা নয়, দুষ্ট লোকে ব'লে যে মদের দোকানের লাইসেন্স ব্যাপারেও অনেক টাকা লাভ হয়। কিন্তু সেটা হয়ত আমাদের গভর্ণমেণ্টের তহবিলে যায় না। অনেকে মদের দোকানের লাইসেন্স পেয়ে অনেক টাকা রোজগার করেন--এটাও জনশ্রুতি আছে। Kelnerএর দোকানে তারা খাবারের দাম বাড়িয়ে দিয়েছে। তার অজুহাত হচ্ছে তারা মদ বিক্রী করতে পারছে না। এই মদের লাইসেন্সও একটা factor--যার জন্য prohibitionএ বাধা হচ্ছে।

মন্ত্রীমহাশয় তাঁর লাল কেতাবে বলেছেন যে নওগাঁ গাঁজার চেয়ে মাদ্রাজের গাঁজা খারাপ। সেই গাঁজাতত্ত্বে আমি অভিজ্ঞ নই। যে প্রশ্ন প্রমথ বাবু তুলেছেন, এটার কেন প্রয়োজন হ'ল? নওগাঁর গাঁজা আসা বন্ধ হয়েছে, --জানিনা পাকিস্থান গভর্ণমেণ্ট তাদের লোকদের খাওয়াচ্ছেন কিনা! এই যে এক কোটী টাকার আফিম খাওয়াচ্ছেন লোককে--এটার কোন দরকার ছিল না। এই আফিমের ব্যাপার নিয়ে চায়নার সঙ্গে ইংল্যাণ্ডের লড়াই পর্যন্ত হয়ে গেল। তবু মন্ত্রীমহাশয় বলছেন আফিম তোমাদের খেতেই হবে, কারণ Provincial Budgetএর ঘাট্‌তি পূরণ করতে হবে। এর জন্য কোন যুক্তি পাওয়া যাচ্ছে না। ৩ কোটী টাকার মদ country liquor খেতে হবে। এটাও কোন যুক্তির মধ্যে দাঁড়ায় না।

আমাদের প্রায়ই বলা হয়, আমি শ্রমিকদের কথা বলছি, আমরা যখন বেশী মাইনের দাবী করি, তোমাদের মাইনা বেশী দিয়ে কি হবে? তারা ত মদ আরও বেশী খাবে। এটা অস্বীকার করছি না, খানিকটা অবশ্য সত্যি। মাইনা বেশী পেলে মদ একটু বেশী তারা খায়; বিশেষ করে কয়লার খনিতে যারা কাজ করে। সেখানে অন্য কোন রকম আমোদ-প্রমোদের ব্যবস্থা নাই। আর যেখানে ছোট খাট আমোদ-প্রমোদের ব্যবস্থা আছে, সেখানেও শ্রমিকেরা মাইনা পেলে মদের দোকানে বিক্রী বেড়ে যায়। আমাদের ইউনিয়ন থেকে বলা হয়েছে-- যে তারা যেদিন মাইনা পাবে তারপর দুদিন যদি মদের দোকান বন্ধ থাকে, তাহ'লে তাদের মদ খাওয়া অনেক পরিমাণে কমে যাবে। কারণ ঐ দুদিনে তাদের অধিকাংশ টাকা চাল, ডাল, নুন তেল কিনতে খরচ হয়ে যাবে। সেদিক থেকে কিছুই করা হচ্ছে না। মন্ত্রীমহাশয় বলেছেন prohibition করতে গেলে পাকিস্থান থেকে বিহারের মধ্য দিয়ে smuggling হবে। এটা অবশ্য খানিকটা সত্য। Prohibition যদি কোন industrial areaতেই প্রথম আরম্ভ করতে হয়, তাহলে যেন কয়লা খনি অঞ্চলেই আগে করা হয়। বিহার থেকেও সেইরকম চেষ্টা হচ্ছে। এই রকমভাবে লোহা কারখানা, চট্‌কল প্রভৃতি industrial areaতে যেন তাঁরা concentrate করেন। কারণ industrial areaতে consumption বেশী হয়। তাঁরা prohibition যদি করতে চান, সেখানে করতে পারেন।

যে নীতিকে তিনি সমর্থন করেন এবং যে নীতি অনুসারে তিনি চলতে যাচ্ছেন, তাতে restricted কয়েকটি district না করে কয়েকটা industrial area করে যদি করেন, তাহ'লে অনেক বেশী কাজ হবে। Industrial production ও অন্যান্য productionএর দিক থেকেও যেদিন তারা মাহিনা পায় সেদিন এমনিই half-a-day তাদের নষ্ট হয়, মদের দোকান যদি ঐদিন বন্ধ থাকে, তাহ'লে absenteeও অনেক কমে যাবে এবং স্বাস্থ্য ও prohibitionএর দিক থেকেও অনেক সুবিধা হবে।

তারপরে এর সঙ্গে সঙ্গে যদি একটা scheme দিতেন, ততদিন যদি মন্ত্রিত্বের গদীতে বসে থাকেন, কত বছরে তারা ঐ কাজ complete করতে পারবেন। যেটা প্রমথবাবু বলেছেন পাঁচ বছর, তিন বছর বা সাত বছরে সেটা হবে? এটা তাঁরাই করুন বা তাঁদের পরে অন্য কেউ এসে করুন দূরদর্শী policy নিয়ে তা করতে হবে। কারণ এটা hand-to-mouth policy নয়, এটা progressive policy. এবার তাঁরা লাইসেন্স কমিয়েছেন। আমরা জানতে চাই কি তাঁদের plan—যার দ্বারা total prohibition কি ভাবে এবং কতদিনে আনবেন তাঁরা? তারপর প্রধান যে কথাটা বলেছেন টাকার অভাব, টাকা নাই, কি ক'রে prohibition হতে পারে? অবশ্য তাঁরা যে দৃষ্টিতে আজ দেখছেন, তাতে সত্যিই তাঁদের টাকা নাই ও বাজেট ঘাটতি রয়েছে। কিন্তু আমরা যে দৃষ্টিতে দেখি মন্ত্রীমহাশয় বা মন্ত্রিমণ্ডলী যদি সে দৃষ্টিতে দেখতে পেতেন, তাহ'লে এই ছ'কোটী টাকা বা আট কোটী টাকা অন্যভাবে তাঁরা পেতে পারতেন। তাতে হবে না। যেমন income-tax অনেক evasion হচ্ছে; কিন্তু কত কি হচ্ছে তা আমরা জানতে পারছি না। কেউ বলছেন পাঁচশো কোটী টাকা, কেউ বা বলছেন তারও বেশী, হাজার কোটী টাকা। তাহ'লে নিশ্চয়ই আমাদের দেশকে মদ খাইয়ে, আফিম খাইয়ে, বিষ খাইয়ে এই টাকা নেওয়া দরকার হ'ত না।

আরো অনেক item রয়েছে সে সম্বন্ধে কিছু বলতে চাই। Industries nationalise করা গেলে ৬ কোটি কেন তার অনেক বেশী টাকা পাওয়া যাবে। Jute Industries nationalise করলে শুধু ৬ কোটি নয় তার ৫ গুণ বেশী পাওয়া যাবে। কিন্তু সে দিকে তাঁরা যাবেন না। তারপর abolition of landlordism যদি হত তাহলে যে টাকাটা তাঁরা কোন পরিশ্রম না করে খেয়ে যাচ্ছেন সে টাকাটা State নিতে পারতো। তাহলে এই ৬ কোটির অনেক বেশীই তারা পেতে পারতো। কারণ সেই original land system যখন হয় তখন তাদের $^{1}/_{10}$th পাওয়ার কথা। আর $^{9}/_{10}$th Stateকে দেবার কথা। আর এখন তার উল্টো হচ্ছে, $\frac{1}{8}$th এর বেশী State পায় না, আর $\frac{7}{8}$thই তারা মেরে খেয়ে যাচ্ছে। যাক, এখানে সে আলোচনা অবান্তর। যদি তাঁরা চেষ্টা করেন তাহলে টাকার অভাব বোধহয় হবে না।

কি পরিমাণ এই বাংলা দেশের লোকের ক্ষতি হচ্ছে, আর কত টাকা এর দ্বারা তাঁরা পাচ্ছেন এই দুইটার পরিমাণ যদি তুলনা করা যায় তাহলে দেখা যায় যে ৬ কোটির অনেক বেশী ক্ষতি করেছে এই বাংলা দেশকে। কিন্তু সেদিকে তাঁরা দৃষ্টি দিচ্ছেন না। কি পরিমাণ লোকসান তাঁরা গাঁজা, আফিং ও মদ খাইয়ে বাংলা দেশের করছেন এটা যদি হৃদয়ঙ্গম করতেন তাহলে এই টাকাটা বন্ধ করে অন্য দিক থেকে বাজেটে অর্থাগমের পথ বের করতে পারতেন।

তারপর দেখা গিয়েছিল যে মহাত্মা গান্ধীর নেতৃত্বে তারা picketing করে জেলে যেত। কিন্তু তখনও তারা না বুঝেই করতেন। মহাত্মা গান্ধী বলেছেন কর তাই তারা করতেন। বিলাতী কাপড়ের চেয়ে অনেক বেশী তারা মদের দোকানে করেছেন।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN : সেটা revenue বন্ধ করার জন্য।

Sj. SIBNATH BANERJEE: Jute Industry will give you all the money that you want, and the abolition of the zamindary system will give you much more than six crores needed for total prohibition.

Industrial areaতে যদি তারা এক দিনের যায়গায় দুই দিন dry day করেন তাহলে তারা দেখতে পেতেন এই dry day থাকার জন্য অনেক consumption কমে যেত। কিন্তু সেই consumption কম হলে ঘাটতি বাড়ে। তারা যদি সত্যি সত্যিই total prohibition করতে চান তবে এই জন্য যে লোকসান হবে সেটা অন্যভাবে পূরণ করে নিতে পারেন।

The Hon'ble SYAMA PRASAD BARMAN: Mr. Speaker, Sir, ——

Sj. SIBNATH BANERJEE: বাংলায় বলুন।

The Hon'ble SYAMA PRASAD BARMAN: আমার শ্রদ্ধেয় বন্ধু শিবনাথ বাবু বাংলায় বলতে অনুরোধ করেছেন সেজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। বাঙ্গালী হয়ে ইংরাজীতে বলা গৌরবের বিষয় নহে। অন্তত: এই বিষয়ে তাঁকে আমি আমার গুরু বল্‌তে রাজী আছি।

শ্রদ্ধেয় প্রমথ বাবু যে কথা বলেছেন তার ভিতরে বাস্তবিকই যৌক্তিকতা আছে। কংগ্রেস Governmentএর পক্ষে prohibition করতে না পারাটা লজ্জার কথা। আমাদের prohibition করা উচিৎ কিন্তু কেন পারছি না তাহার কারণ আমি পূর্ব্বেই বলেছি।

আমি তাঁকে বল্‌বো যে হিন্দু শাস্ত্রে এবং মুসলমান সরিয়ত মতে মদ্যপান একটা মহাপাপ। হিন্দু শাস্ত্রে--আমার ঠিক মনে পড়ছে না, বোধ হয় মনুসংহিতায় হবে বা যাজ্ঞবল্‌কে এটা পরিষ্কারভাবে আছে যে ব্রহ্মহত্যা করা মহাপাপ, গোহত্যা করা মহাপাপ, আরো কি কি আছে, এই রকম ৭টা মহাপাপ আছে। আর মদ্যপান করাটাও একটা মহাপাপ। যদি আমরা সমস্ত লোককে সেই শাস্ত্রের বচন বা উপদেশ--এটা যে মহাপাপ,—সেটা যদি প্রচার করতে পারি তাহলে আমার মনে হয় আজকে prohibition বিষয়ে আলোচনা করা দরকার হত না। মুসলমান শাস্ত্রে বা হাদিসে আছে যে মদ খাওয়া কেন, মদ স্পর্শ করাটাও মহাপাপ। এমন কি শরীরের যদি কোন স্থানে এক ফোঁটা মদ পড়ে, সেটা এত অপবিত্র হয়ে যায় যে সেটাকে কেটে ফেল্‌লেও পবিত্র করা যায় না। এটা হিন্দুশাস্ত্রেও আছে এবং মুসলমান শাস্ত্রেও আছে। এই উভয় শাস্ত্রের অনুশাসন মেনে যদি আমরা সভা সমিতির ভিতর দিয়ে প্রচার করি যে মদ, আফিং, গাঁজা খাওয়া পাপ, এতে শুধু আমাদের অর্থ ও স্বাস্থ্য হানিই হয় না, চরিত্র হানিও হয়, তাহলে অতি অনায়াসেই এই prohibition করতে পারি। কিন্তু আমরা দেখেছি কংগ্রেস আন্দোলনের সময় যখন British Government ছিল তখন prohibition করার জন্য প্রবল আন্দোলন হয়েছিল। কিন্তু আজ সেটা দেখতে পাচ্ছি না। কোন সংবাদপত্রে বা কোন সভা সমিতির ভিতর মদ নিবারণের জন্য সেইরকম কাজ হচ্ছে না। Temperance Society ,যা ছিল সে সব উঠে গিয়েছে। আমার বন্ধু প্রমথ বাবুকে বলছি--আসুন আমরা সকলে মিলে প্রচার করি--শাস্ত্রের দোহাই দিয়ে, নীতির দোহাই দিয়ে--মদ খাওয়াটা নিষিদ্ধ। বাস্তবিকই আমরা দেখছি যে মদ খেয়ে কত লোক নষ্ট হয়ে যাচ্ছে। তাদের চরিত্র নষ্ট হচ্ছে, তাদের পারিবারিক সুখ-স্বাচ্ছন্দ্য নষ্ট হয়ে যাচ্ছে। তা সত্বেও আমরা কিছুই করতে পারছি না। আমার বন্ধু--Socialist বন্ধু বলেছেন যে Factory labourersরা যে দিন বেতন পায়, তারা তা মদ খেয়েই উড়িয়ে দেয়। তিনি তাদের ভিতরই কাজ করেন, তিনি দয়া করে যদি তাদের ভিতর প্রচার করেন মদ খাওয়াটা অন্যায় তাহলে তারা মদ খেয়ে এই সব টাকা উড়িয়ে দেবে না।

Sj SIBNATH BANERJEE : আমরা তা করে থাকি।

The Hon'ble SYAMAPRASAD BARMAN : কিন্তু তা তার সাহসে কুলাবে না। করলে হয়ত সেখানে তার প্রাধান্য লোপ পাবে। কানাই বাবু যেমন বল্‌লেন--প্রহারেণ ধনঞ্জয়--সেই অবস্থা হবে। কমিশনার মালদহ গিয়ে সেখানকার জনসাধারণের মত সংগ্রহ করে যে report দিয়েছেন, সেটা খুব interesting এবং সেই report থেকে কিছু পড়ে শুনাচ্ছি। "Chairman of the English Bazar Municipality," তিনি বল্‌ছেন "he feared that if both the intoxicants were prohibited, the employees might give up thier employment and migrate to places where these drinks will be available" অর্থাৎ মদ ও তাড়ি যদি উঠিয়ে দেওয়া হয় তাহলে scavengers ও মেথররা কাজ ছেড়ে দিয়ে পাকিস্থান চলে যাবে।

তারপর শ্রীলাল বিহারী মজুমদার editor of a local weekly, তিনি বলছেন "It would do more harm than good if the scheme was superimposed on the people all on a sudden without creating a proper atmosphere by propoganda and undertaking other educational and social activities which are considered so essential for the success of the scheme".

তিনি ঠিক কথাই বলেছেন। যদি আমরা ক্ষেত্র তৈরী না করেই আগেই বলি মদ খাওয়া হবে না, আমরা মদের দোকান, তাড়ির দোকান বন্ধ করতে চাই, তাহলে তারা শুনবে না। কারণ মদ, গাঁজা খাওয়াটা একটা অভ্যাস। সেই অভ্যাস তারা একদিনে ছাড়তে পারবে না। আমার বন্ধু নিশাপতি বাবু cigarette খান। তাঁকে cigarette ছাড়তে বলেছিলাম কিন্তু তিনি তা পারেন নাই। অভ্যাস এমনই জিনিষ যে সেটা ত্যাগ করা খুবই কঠিন। যদিও আমরা সকলেই একমত যে prohibition করা উচিত কিন্তু মানুষের স্বভাব সহজে বদলায় না। সে স্বভাবের দাস। অভ্যাসটা এত সহজেই সে ত্যাগ করতে পারে না।

মুখে আমরা খুব বড় বড় কথা বলতে পারি, কংগ্রেসের নীতি মেনে নিয়ে আমরা teetotaller বলে থাকি। কিন্তু দেখি যে আমরা ভিতরে ভিতরে অনেকেই তাহা নই। আমি নিজে একজন teetotaller, আমি সত্যই সুখী হব যদি সকলেই এটা প্রচার করেন যে মদ, আফিং খাওয়াটা খারাপ। আমি একটি কথা বলতে ভুলে গিয়েছি। গত June মাসে দিল্লীতে Excise conference হয়। সেখানে রাজস্ব-সচিব ডাক্তার John Matthai preside করেন। এই conferenceএ decided হয় যে আফিং ও গাঁজার চাষ কি পরিমাণ হবে এবং Statesকে কি পরিমাণ দিতে হবে সে সমস্তই Central Governmentএর হাতে থাকবে। এবং প্রতি বৎসরে শতকরা ১০ ভাগ করে consumption কমাতে হবে। ধরুন এই বৎসর আফিং যদি আমরা ১,০০০ সের পাই, পর বৎসরে ১০০ সের কমবে। এই ভাবে within ten years আফিংএর total prohibition হবে।

গাঁজা সম্বন্ধেও এই রকমই সিদ্ধান্ত করা হয়েছে। এই বিষয় Governmentএর বিচারাধীন আছে। এবং সেটা কতদিনে তার effect দিতে পারবো সে বিষয় আমরা চেষ্টা করছি এবং চিন্তা করছি। তা যদি হয় তাহলে শিবনাথ বাবুকে বলতে পারি যে ১০ বৎসরের মধ্যেই আমাদের এখানে prohibition হয়ে যাবে। তাই আমি বলছি আসুন সকলে মিলে প্রচার করি মাদক দ্রব্য উঠিয়ে দেবার জন্য।

এই বলে আমি আমার বন্ধুর cut motion oppose করছি এবং আমার motion recommend করছি।

Sj. SIBNATH BANERJEE: মাননীয় স্পীকার মহোদয়, ব্যাপারটা কি ঠিক বোঝা যাচ্ছে না, মন্ত্রীমহাশয় এদিক ওদিক চাইছেন আর সুশীলবাবুকে দেখছি লাটিমের মতন ঘুরছেন অথচ এদিকে কাজ বন্ধ।

Sj. SUSIL KUMAR BANERJEE: আমি বলছি আপনার মুখটা একটু বন্ধ করুন।

Mr. SPEAKER: The ordinary course with regard to such motions is that if members of the Government party move cut motions they withdraw in the end. Unfortunately, Mr. Banerjee is not present in the House now, and if I put this motion to vote I will be creating a precedent so far as this House is concerned. I simply want to know as to whether the member is coming or whether the cut motion in question is to be withdrawn. Then it it is not done, certainly I shall have no other alternative but to put the motion to vote.

Sj. SIBNATH BANERJEE: Sir, it is not withdrawn, because he has not said so. As far as cut motions are concerned, they are not allowed to be moved by members of the Government party. Today I find that this motion has been allowed to be moved and so it should be put to vote. Of course it will be out-voted and I can tell you the result—1 against 40.

Shaikh MOHAMAD RAFIQUE: Sir, let us make a search for him! (Laughter.)

Mr. SPEAKER: I shall now put Mr. Banerjee's motion to vote.

The motion of Sj. Pramatha Nath Bandyopadhyaya that the demand of Rs. 36,31,000 for expenditure under the head "8—Provincial Excise" be reduced by Rs. 100, was then put and a division claimed.

(After the division bells ceased ringing and Mr. Speaker was about to put Mr. Banerjee's motion to vote.)

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAYA: Sir, I beg to withdraw my motion.

Mr. SPEAKER: Has the mover the permission of the House to withdraw his motion?

(Cries of "Yes" from Government party members.)

Shaikh MOHAMAD RAFIQUE: Sir, I object.

Mr. SPEAKER: If there is a single objection, the motion cannot be withdrawn as it is and has to be put to the House.

The question before the House is whether Sj. Pramatha Nath Bandyopadhyaya *has the permission of the House to withdraw the cut motion* standing in his name, namely, that the demand be reduced by Rs. 100——

Sj. SIBNATH BANERJEE: On a point of order, Sir. We are in the midst of a division and votes are being taken. Once they have been taken by shouting and now the votes are to be taken by counting. So, in the midst of this another vote cannot be taken. That matter has to be disposed of first. When once voting has started, it goes on to its logical conclusion. The voting has to be completed now. In no circumstances, in no constitution another vote is permissible at this stage.

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: Voting did not start. Only the division bells were rung.

Sj. SIBNATH BANERJEE: Sir, I have risen on a point of order, and I shall be guided by the ruling of the Chair.

Shaikh MOHAMAD RAFIQUE: On the same point of order, Sir. You have been pleased to take the vote just now by the show of hands or by shouting. If the honourable member had not objected to it by saying no, the result would have been one way or the other. That matter would have been disposed of. Fifty per cent. of the vote-taking is already over. It is only there for the poll—for the votes to be recorded. Voting is over, but since no decision could be arrived at on the show of hands or by shouting, you, Sir, have been pleased to have a poll. So I do not think that at this stage the motion can be withdrawn by the honourable mover.

Mr. SPEAKER: So far as this point is concerned the position is this. Voting is certainly not over because a poll has been demanded and the voting is in course of progress. Therefore, the question arises as to whether in the situation in which we find ourselves, so far as this motion is concerned, the mover can withdraw the motion or not. That question I put to the House. No objection was raised by any member at that stage that there cannot be any withdrawal or that this question should not be put to the House at all. Now, if there was an objection to the withdrawal, the question naturally arises as to whether the House should be permitted to vote on the question of withdrawal or not. I have not been able to look up the precedents on this subject, nor is there the time just now to look into the matter. To me it appears that if a member wishes to withdraw at this stage, certainly the question can be put to the House before the main question is put. Because if the House gives him the necessary sanction to withdraw then there is an end of the whole thing and the cut motion need not be put further. If, on the other hand, the House does not give him permission to withdraw, in that case that question of granting him permission to withdraw will have to be put to the House. Therefore, to me it appears that this question with regard to the permission to withdraw should be put before the House, and if the House sanctions the withdrawal there is an end of it.

Sj. SIBNATH BANERJEE: May I make my submission, Sir? I would suggest that, as the matter seems to be rather complicated and all the references on the subject have not been looked up by us at least—it may be known to you perhaps—the matter be held over for tomorrow as we do not want anything unconstitutional to be done in this House. By one day's delay the Excise Department will not break down. Let us look to the proper position of the law and then settle the matter tomorrow. Whatever decision you are pleased to give will have to be accepted by us but when we will have to guard against this, i.e., if we do something unconstitutional today questions may be raised and further complications may arise in course of time. Just now we have not got the time nor the ability to see all the Rules of May's Parliamentary Practice and all the rest of it. So

you may be pleased to look up the references and tell us tomorrow what the position is. Of course the result will be the same one way or the other. Either the mover withdraws his motion or permission is given to him by the House by voting on granting such permission to him. As the matter is very important I do not think that the House should be called upon first to vote on the question whether it grants permission to the mover to withdraw his motion or not when the Division Bell had already begun ringing and the House was to record its verdict for or against the cut motion of the honourable member. That is my appeal to the Speaker.

Mr. SPEAKER: I am sorry I cannot agree to postpone this matter for a day inasmuch as this is a cut motion in respect of a demand which has to be disposed of today according to the programme. To me it appears that so long as voting is not completed a member is entitled to withdraw his motion. And once this right is conceded that he can withdraw his motion the necessary corollaries will follow and one of the corollaries is that this question should be put to the House to see whether the House grants him permission to withdraw his motion. But the matter does not seem to be free from difficulty. I shall have to refer to rules before a decision is taken, and it is better therefore that I shall adjourn the House now for twenty minutes. Besides it is now time for prayer. I will give my ruling after the adjournment.

(The House was then adjourned for twenty minutes.)

(After adjournment.)

Mr. SPEAKER: With regard to the question of withdrawal of the motion I have considered the matter during the interval and I find that if there be a dissentient voice, the motion cannot be withdrawn, and the withdrawal motion cannot be put to the vote in the manner in which it has been proposed. I find from May's Parliamentary Practice that if any dissentient voice be heard that the question be put, the motion cannot be withdrawn, even if the dissentient subsequently signifies that he no longer wants to put it to vote.

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: On another ground I submit that the original motion should be put. It cannot be allowed to be withdrawn. In Ilbert's House of Common's Procedure, section 129 says: "at any time after a question on a motion has been proposed from the Chair and before the voices both of the ayes and of the noes have been collected, the motion may, with the leave of the House or committee, but not otherwise, be withdrawn by the member who proposed it". That is, a motion can be withdrawn before the voices are collected: otherwise, it cannot be withdrawn.

Mr. SPEAKER: Therefore the position now is that the withdrawal cannot take place.

The motion of Sj. Pramatha Nath Bandyopadhyaya that the demand of Rs. 36,61,000 for expenditure under the head "8—Provincial Excise" be reduced by Rs. 100 was then put and a division called, with the following result:—

AYES—5.

Abdullah, Janab S. M.	**Mohamad Rafique, Shaikh**
Badruddula, Janab Syed	**Muhammed Idris, Janab**
Banerjee, Sj. Sibnath	

NOES—35.

Bandopadhaya, Sj. Pramatha Nath
Banerjee, Sj. Susil Kumar
Barman, The Hon'ble Syama Prasad
Bhattacharyya, Sj. Shyamapada
Bhowmick, Sja. Bina
Chakravarty, Sj. Satish Chandra
Chatterjee, Sj. Haripada
Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath
Choudhury, Sj. Annada Prosad
Das, Sj. Radha Nath
Dass, Sj. Kanailal
De, Sj. Kanai Lal
Doloi, Sj. Harendra Nath
Ganguli, Sj. Bepin Behari
Gayen, Sj. Arabinda
Ghosh, Dr. P. C.
Golam Hamidur Rahman, Janab
Haldar, Sj. Kuber Chand
Maiti, The Hon'ble Nikunja Behari
Majumdar, The Hon'ble Bhupati
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Annadaprasad
Mandal, Sj. Bankubehari
Mandal, Sj. Umesh Chandra
Mukherji, Sj. Dhirendra Narayan
Naskar, The Hon'ble Hem Chandra
Panja, The Hon'ble Jadabendra Nath
Pentony, Mr. L. R.
Pramanik, Sj. Rajani Kanta
Ricketts, Mrs. E. M.
Roy, Sj. Jajneswar
Roy Singh Sarker, Satish Chandra
Sen, Sj. Debendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sinha, The Hon'ble Bimal Chandra

The Ayes being 5 and the Noes 35, the motion was lost.

Sj. SIBNATH BANERJEE: Sir, I beg to withdraw my motion.

Mr. SPEAKER: Is there any objection?

(There being no objection.)

The motion of Sj. Sibnath Banerjee that the demand of Rs. 36,61,000 for expenditure under the head "8—Provincial Excise" be reduced by Rs 100 was then, by leave of the House, withdrawn.

The motion of the Hon'ble Syama Prasad Barman that a sum of Rs. 36,61,000 be granted for expenditure under the head "8—Provincial Excise" was then put and agreed to

Mr. SPEAKER: I wish to make one observation with regard to that point and that is whether at that stage the member could at all move a motion for withdrawal or not. I am leaving that open because it is not necessary for us to decide that point. The rule cited by Haren Babu is a rule of the House of Commons and that rule does not govern us. However, in any event, I leave this question open.

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: May I point out, Sir, that under the new Constitution where there are no specific rules, the House of Commons rules will guide our procedure.

Mr. SPEAKER: No, whether that applies to rules or only to powers, privileges and immunities is also a moot question. Therefore, I leave this question open for the time being.

9—Stamps.

The Hon'ble SYAMA PRASAD BARMAN: Sir, on the recommendation of His Excellency the Governor I beg to move that a sum of Rs. 5,98,000 be granted for expenditure under the head "9—Stamps".

The motion was then put and agreed to.

10—Forest.

The Hon'ble HEM CHANDRA NASKAR: Mr. Speaker, Sir, on the recommendation of His Excellency the Governor I beg to move that a sum of Rs. 49,02,000 be granted for expenditure under the head "10—Forest".

মাননীয় স্পীকার মহোদয়--মহামান্য গভর্ণরের সুপারিশ অনুযায়ী আমি প্রস্তাব করি যে আগামী ১৯৫০-৫১ আর্থিক বৎসরে ব্যয়ের জন্য "10—Forest" খাতে ৪৯ লক্ষ ২ হাজার টাকা মঞ্জুর করা হউক।

এই সম্পর্কে পশ্চিম বঙ্গের বন পরিচালনার বিষয় কিছু বলা সমীচীন মনে করি। জনসাধারণের হিতার্থে বিজ্ঞানসম্মত উপায়ে বনসম্পদ সংরক্ষণ, পরিবর্দ্ধন এবং বনজের সংগ্রহ ও সরবরাহ বন পরিচালনার মুখ্য উদ্দেশ্য।

পশ্চিম বঙ্গের সরকারী বন প্রধানতঃ উত্তরে দার্জ্জিলিং এবং জলপাইগুড়ি জেলায় এবং দক্ষিণে ২৪-পরগনায় অবস্থিত। এই সকল অঞ্চলের বনভূমি অনেক কাল হইতেই সরকারের তত্ত্বাবধানে বিজ্ঞানসম্মত কার্য্যক্রম অনুসারে পরিচালিত হইয়া আসিতেছে এবং কাঠ, তক্তা, জ্বালানী প্রভৃতি নানাপ্রকার প্রয়োজনীয় বনজাত দ্রব্যের প্রধান উৎপাদন ক্ষেত্র হইয়া রহিয়াছে। ইতিপূর্ব্বে মালিকগণকর্ত্তৃক সুপরিচালিত না হওয়ায় বেসরকারী বনগুলির গুরুতর অবনতি ঘটিয়াছে এবং অনেক ক্ষেত্রে লোপ পাইবার উপক্রম হইয়াছে। ইহার ফলে শুধু যে জনসাধারণের নিত্য ব্যবহার্য্য বনজাত দ্রব্যের নিয়মিত সরবরাহ ব্যাহত হইয়াছে তাহাই নহে, বনচ্ছাদন হ্রাস পাওয়ায় মৃত্তিকা ক্ষয় প্রাপ্ত হইয়াছে এবং ভূমির উৎপাদিকা শক্তি নষ্ট হওয়ায় নানাস্থানে অনাবাদী পতিত জমির সৃষ্টি হইয়াছে। এই অবস্থার প্রতিবিধানকল্পে West Bengal Private Forest Act প্রনয়ন করা হইয়াছে এবং উন্নয়ন পরিকল্পনা হিসাবে মেদিনীপুর এবং বাঁকুড়া জেলায় ঐ Act অনুযায়ী বেসরকারী বনগুলির যথাযথ পরিচালনার ব্যবস্থা অবলম্বিত হইতেছে। এই দুই জেলায় এ পর্য্যন্ত মোট ৩৪৩ বর্গমাইল পরিমিত বেসরকারী বনভূমি বিজ্ঞানসম্মত কার্য্যক্রম (working plan) প্রস্তুত হইয়াছে এবং মালিকগণ তদনুযায়ী কার্য্য করিতেছেন। এই কার্য্য পর্য্যবেক্ষণের জন্য বনবিভাগীয় কর্ম্মচারী নিযুক্ত রহিয়াছেন। গত জুন মাস হইতে West Bengal Private Forest Act বীরভূম, বর্দ্ধমান, মুর্শিদাবাদ, হুগলী, পশ্চিম দিনাজপুর এবং মালদহ জেলাতেও প্রযুক্ত হইয়াছে। উন্নয়ন পরিকল্পনা অনুসারে বনবিভাগ এই বৎসর ছয়টি বিভিন্ন জেলায় নূতন বন সৃজন উদ্দেশ্যে নিম্নলিখিত পরিমান পতিত জমিতে বৃক্ষ রোপণ করিয়াছেন--মেদিনীপুরে ৮৭০·৮৪ একর, বাঁকুড়াতে ১৬৫ একর; বীরভূমে ৭৩ একর, মুর্শিদাবাদে ৫০ একর, মালদহে ১৮·১৮ একর; নদীয়াতে ২৯১·৩৩ একর; মোট ১৪৬৮·৩৫ একর।

এতদ্ব্যতীত মেদিনীপুর জেলায় খাসমহলের ২৭৮·৪৫ একর পরিমান বন সুপরিচালনার উদ্দেশ্যে বনবিভাগ কর্ত্তৃক গৃহীত হইয়াছে। উক্ত জেলাতে ৫২৮·৭৫ একর লোনা জলের বনের সংরক্ষণ এবং উন্নতি সাধন সম্বন্ধেও ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে। এই বৎসর উন্নয়ন পরিকল্পনার কার্য্য হিসাবে বিভিন্ন জেলায় মোট ২৫টী চারা উৎপাদন কেন্দ্র খোলা হইয়াছে এবং বৃক্ষ রোপণ বিষয়ে উৎসাহ সঞ্চারের জন্য ঐ সকল কেন্দ্র হইতে মোট ৪ লক্ষের উপর চারা বিভিন্ন মিউনিসিপ্যালিটী, লোকাল বোর্ড, বিদ্যায়তন এবং জনসাধারণের মধ্যে বিতরণ করা হইয়াছে। ইহাও উল্লেখযোগ্য যে অপ্রধান বনজের উৎপাদন ও সংগ্রহ বিষয়েও বনবিভাগ মনোনিবেশ করিয়াছেন। জলপাইগুড়ি জেলায় সরকারের তত্ত্বাবধানে পরীক্ষামূলক ভাবে খয়েরের উৎপাদনের কথা আমি গত বৎসরই উল্লেখ করিয়াছিলাম। আপনারা শুনিয়া সুখী হইবেন যে এই পরীক্ষায় আশানুরূপ ফল পাওয়া গিয়াছে এবং এ পর্য্যন্ত মোট ৮২২ মন খয়ের প্রস্তুত হইয়াছে। ইহা ছাড়া এই বৎসর ২৪-পরগণার বন হইতে ৪৬৭ মন মধু এবং ৪৪ মন মোম সংগৃহীত হয় এবং গত নভেম্বর মাসের মধ্যেই তাহা বিক্রয় হইয়া যায়। বিশুদ্ধ অবস্থায় এই সকল বনজ দ্রব্য জনসাধারণকে সরবরাহ করাই বনবিভাগের উদ্দেশ্য হওয়ায় মাত্র ৪,২৩৩ টাকা নীট লাভে মধু ও মোম বিক্রয় করা হইয়াছে।

এইসঙ্গে আরও একটু জানান প্রয়োজন যে আমরা প্রতি বৎসরই Forest Villager দ্বারা উৎপন্ন উৎকৃষ্ট ধরণের পাটের বীজ সরবরাহ করিয়া কৃষিবিভাগের পাটচাষের সহায়তা করিয়া থাকি। গত বৎসর ২৪০ মন বীজ সরবরাহ করা হইয়াছে এবং এই বৎসর ১,০০০ মন বীজ উৎপন্ন হইবে বলিয়া আশা করা যায়। এতদ্ব্যতীত তুলার চাষেরও চেষ্টা চলিতেছে। জনগণের কল্যাণের জন্যই বন সংরক্ষণ প্রয়োজন। রাজস্ব উৎপাদন বনবিভাগের প্রধান উদ্দেশ্য নহে, এই বিভাগের নানাবিধ বৈজ্ঞানিক ক্রিয়াকলাপের জন্য সুদক্ষ ও অভিজ্ঞ কর্ম্মচারী নিযুক্ত রাখিতে হয়। বনের দুর্গম প্রদেশে বনজ সংগ্রহ করিবার উদ্দেশ্যে ক্রমাগত নূতন নূতন রাস্তা নির্ম্মাণ করিতে হয় এবং বনের মধ্যে অবস্থানকারী কর্ম্মচারী ও শ্রমিকদের বাসোপযোগী নূতন নূতন গৃহ নির্ম্মাণ এবং পুরাতন গৃহগুলি সংস্কার করিবার জন্য প্রতিবৎসর যথেষ্ট অর্থব্যয় করিবার প্রয়োজন হয়। এই সকল কারণেই বনবিভাগের সাধারণ খরচ অন্যান্য রাজস্ব প্রদানকারী বিভাগের তুলনায় কিছু বেশী। ইহা সত্বেও বনবিভাগ ইহার মুখ্য কর্ত্তব্য অর্থাৎ বনসংরক্ষণ কার্য্য সম্পাদন করিয়াও প্রতি বৎসরই প্রাদেশিক অর্থভাণ্ডারে কিছু কিছু নীট আয় প্রদান করিয়া আসিতেছে এবং আগামী বৎসরেও ১৩ লক্ষ ১৩ হাজার টাকা নীট আয় দিতে সমর্থ হইবে বলিয়া আশা করা যায়।

আগামী বৎসরের ব্যয় সম্বন্ধে আমার বক্তব্য এই যে ব্যয়ের অধিকাংশই "Conservancy and works" "Establishment" ও "Development programme" এই তিন খাতে ধার্য্য হইয়াছে। পূর্ব্বোক্ত খাতে ২২ লক্ষ ৮৬ হাজার ৬ শত ২৯ টাকা ধার্য্য হইয়াছে। এই টাকা প্রধানতঃ নিম্নলিখিত কার্য্যাবলীর জন্য ব্যয় করা হইবে:--

(১) সরকারী ব্যবহার কাঠ এবং অন্যান্য বনজাত দ্রব্য বন হইতে আনয়ন--১১,০০,৭০০৲ টাকা,

(২) ক্রেতা ও গ্রাহকগণ কর্ত্তৃক কাঠ এবং অন্যান্য বনজাত দ্রব্য বন হইতে আনয়ন--২,২৫,০০০৲ টাকা,

(৩) বনসম্পদ পুনর্জনন ও রক্ষণ--২,৮৭,১২৯৲ টাকা,

(৪) বনবিভাগের কর্ম্মচারী ও শ্রমিক অধিবাসীদিগের বাসোপযোগী গৃহনির্ম্মাণ--১,৫০,০০০৲ টাকা,

(৫) সরকারী বনের রাস্তার উন্নতি--৪৫,০০০৲ টাকা,

(৬) ২৪-পরগণায় বনবিভাগের সীমান্তে পেট্রল আউট পোষ্ট ও চৌকী স্থাপন--৪২,৯২৫ টাকা।

"Establishment খাতে কর্ম্মচারীদের বেতন, ভাতা ইত্যাদির জন্য ১৮ লক্ষ ৮৩ হাজার ৭১ টাকা ধরা হইয়াছে এবং ইহার মধ্যে নূতন set up এর বাড়তি খরচ অন্তর্ভুক্ত আছে। এই প্রসঙ্গে ইহা উল্লেখযোগ্য যে গত ১লা জানুয়ারী হইতে Subordinate Forest Service এর fixed payএর পরিবর্ত্তে time-scale of pay প্রবর্ত্তিত হওয়ায় ঐ শ্রেণীর কর্ম্মচারীদের একটা পুরাতন অভিযোগ দূরীভূত হইয়াছে।

Development programme খাতে আগামী বৎসর ৭ লক্ষ ২৫ হাজার টাকা বরাদ্দ হইয়াছে। উন্নয়ন পরিকল্পনার অন্তর্ভুক্ত কার্য্যের বিষয় আমি পূর্ব্বেই বলিয়াছি। ইহা উল্লেখযোগ্য যে বনবিভাগের উন্নয়ন পরিকল্পনাগুলি স্বভাবতঃই সময় সাপেক্ষ এবং তাহা হইতে আয় হইতে সময় লাগিবে।

আগামী বৎসরে "10—Forest" খাতে ৪৯ লক্ষ ২ হাজার টাকা মঞ্জুরী প্রস্তাব গ্রহণ করিবার জন্য এই সভাকে আমি পুনরায় অনুরোধ করিতেছি।

Sj. SIBNATH BANERJEE: Sir, I beg to move that the demand of Rs. 49,02,000 for expenditure under the head "10—Forest" be reduced by Rs. 100.

I move this to raise a discussion about the policy and practice of the department.

আমাদের এখন আর কোন ভাবনা নেই। মানুষ কি চায়--দেশে "milk আর honey" "দুধ আর মধু"। কয়েকদিন পূর্ব্বে আমাদের বন্ধু প্রফুল্ল চন্দ্র সেনমহাশয় দুধের ব্যবস্থা করে দিয়েছেন, এবার মধুর ব্যবস্থা করে দিলেন মন্ত্রীমহাশয়--আর কোন ভাবনা রহিল না, দুধ এবং মধুর জন্য।

আমি বেশী লম্বা বক্তৃতা করব না, শুধু দুটো কথা বলব। এই ডিপার্টমেণ্টে দেখতে পাচ্ছি যে ৫০ লক্ষ টাকা ব্যয় হবে আর মাত্র ৬২ লক্ষ টাকা আয় হবে। আমাদের যা জিনিষ তা সমস্তই ফরেষ্টে রয়েছে, সেখানে কোন উৎপাদনের ব্যাপার নাই, জুট মিল ও ইঞ্জিনিয়ারিংএর প্রয়োজন নাই, সেখান থেকে মধু হোক, মোম হোক তা বিক্রয় করা হয়। এবং তাদের ভাল ভাল clients আছে, military বা tea gardensএ টাকা পয়সা মারা যাবার ভয় নাই, অথচ আমাদের যা জিনিষ রয়েছে তা বিক্রয় করবার জন্য আনুষ্ঠানিক ব্যাপারে ব্যয় করতে হয় ৫০ লক্ষ টাকা। আপাতঃ দৃষ্টিতে খুব খারাপ দেখছি, জানি না এর ভিতর কি রহস্য আছে। এ বিষয় তিনি যদি বুঝিয়ে বলেন তা'হলে ভাল হয়।

গভর্ণমেণ্টের Reserve Forestএ monopoly রয়েছে অথচ সেগুলি বিক্রয় করবার জন্য ৫০ লক্ষ টাকা খরচ হবে আর সেখান থেকে আয় হবে মাত্র ৬২ লক্ষ টাকা--এ জিনিষটা আমি বুঝতে পারছি না। কেন এমন অশোভন ব্যবস্থা হ'ল। মদ, গাঁজা, আফিং বিক্রয় করে এবং তা দেশবাসীকে খাইয়ে গভর্ণমেণ্ট বহু টাকা লাভ করেছেন, কিন্তু এখানে আমাদের মাননীয় মন্ত্রীমহাশয়ের ডিপার্টমেণ্টে সেরকম কোন বিশেষ লাভ দেখতে পাচ্ছি না--যেখানে আমাদের মতে বহু টাকা লাভ হওয়া উচিত। আমাদের রাষ্ট্রীয় সম্পত্তি রয়েছে সুন্দরবন ও অন্যান্য ফরেষ্ট; সেখান থেকে কাঠ এনে বিক্রয় করতে কেন এত খরচ হবে এবং তার রিটার্ণ কেন এত কম হবে সেটা বোধগম্য জিনিষ নয়। আমি বিশেষ করে দুটি জিনিষের কথা বলছি—একটা জিনিষ হচ্ছে কাগজ, যেটা আমাদের দেশে কম তৈরী হয়, অথচ কাগজের খুব প্রয়োজন রয়েছে। Education Budget যখন আসবে তখন বুঝা যাবে যে তাঁরা কি করছেন। বইএর জন্য, newspaperএর জন্য কাগজের বেশী প্রয়োজন। (A VOICE: বক্তৃতা ছাপানর জন্যও কাগজের খুব প্রয়োজন আছে।) হাঁ, সেটার জন্যও প্রয়োজন আছে। আমাদের দেশে,

খানে যে দুটো মিল আছে, তাতে কাগজ যা প্রস্তুত হয় তা প্রয়োজনের তুলনায় কিছুই নয়। বিদেশ থেকে কাগজ আমদানী করতে হয়। Central Provinceএ একটা কাগজের কল তৈরী হচ্ছে, সেখান থেকে কাগজ apply হবে।

আমাদের huge forest রয়েছে এবং সেখানে যে সমস্ত ingredients রয়েছে ও ভারতবর্ষে যে বাঁশ প্রভৃতি নানারকমের গাছ রয়েছে তার দ্বারা কাগজ প্রস্তুত করা যেতে পারে, যেমন ক্যানাডা প্রভৃতি দেশে হয়ে থাকে।

মাননীয় সদস্যগণকে আমি গত বৎসরের বাজেট-বক্তৃতায় এই প্রদেশের মৎস্য উৎপাদন এবং সরবরাহের অপ্রতুলতার বিষয়ে এক বিস্তারিত বিবরণী দিয়াছিলাম। তাহাতে বলিয়াছিলাম যে এই রাজ্যের মৎস্যভোজীদের চাহিদার দশমাংশও এই দেশে উৎপন্ন হয় না। তজ্জন্যই আমাদিগকে নানারূপ স্বল্প-মেয়াদী পরিকল্পনার ব্যবস্থা করিতে হইয়াছে। পশ্চিম বঙ্গের মোট লোকসংখ্যা ২৫০ লক্ষ অথবা প্রাপ্তবয়স্কের হিসাব ২০৯ লক্ষ ধরিলে মাথাপিছু গড়ে ২ আউন্স হিসাবে আমাদের দৈনিক ৩২,০০০ মণ অর্থাৎ বৎসরে ৪ লক্ষ ৩২ হাজার টন মৎস্যের প্রয়োজন। পাকিস্তান হইতে আমদানী ব্যাহত হওয়ার পূর্ব্বে এই রাজ্যের বাৎসরিক সরবরাহের পরিমাণ মাত্র ৫০ হাজার টন ছিল। গত দুই বৎসরের চেষ্টায় এই রাজ্যের মৎস্য উৎপাদন প্রায় ৪ হাজার টন বাড়ান হইয়াছে এরূপ অনুমান করা হইতেছে। তদ্ব্যতীত ভারতের অন্যান্য রাজ্য হইতে আমদানীর পরিমাণও বার্ষিক প্রায় ৩ হাজার টন বাড়ান হইয়াছে। কিন্তু এই বৃদ্ধিতে পাকিস্তানের আমদানী কমিয়া যাওয়ার ক্ষতির কিছু অংশ পূরণ হইয়াছে মাত্র। এইজন্যই পশ্চিম বঙ্গে মৎস্যের মূল্য আশানুরূপ কমান এখনও সম্ভবপর হয় নাই।

পশ্চিম বঙ্গের জলাশয়গুলির মোট পরিমাণ প্রায় ১২ লক্ষ ৭৬ হাজার একর। ইহার মধ্যে খাল, নালা, বিল, বাওর ও পুষ্করিণী এবং সাধারণ নদী প্রভৃতি সবই ধরা হইয়াছে। এই জলাশয়ের প্রায় দুই-পঞ্চমাংশ সম্পূর্ণ কিম্বা আংশিক মজিয়া যাওয়ায় এবং আরও এক-পঞ্চমাংশ জলজ উদ্ভিদাদিতে আচ্ছন্ন থাকায় বর্ত্তমানে মৎস্য চাষের অনুপযোগী হইয়া রহিয়াছে, যদিও বর্ত্তমান অবস্থাতেও ইহা হইতে কিছু মাছ পাওয়া যায়। বৈজ্ঞানিকদিগের সাধারণ হিসাব অনুযায়ী যদি বিঘায় ৩ মণ করিয়া মৎস্য উৎপাদন করা যায় তাহা হইলেও বর্ত্তমানে মৎস্যচাষ-যোগ্য জলাশয়গুলিতে বৎসরে ৪৫ লক্ষ ৯৩ হাজার মণ মাছ উৎপাদিত হইতে পারে। যদি সমস্ত জলাশয়গুলি মৎস্যচাষের উপযোগী করিতে পারা যায় তবেই উৎপাদিত মৎস্যের পরিমাণ প্রায় ১ কোটি ১৪ লক্ষ ৮৪ হাজার মণ বা ৪ লক্ষ ২৫ হাজার টনে দাঁড়াইবে। তাহা হইলেই কেবলমাত্র এই রাজ্যের উৎপন্ন মৎস্যে এই রাজ্যের চাহিদা মিটান সম্ভব হইবে। কিন্তু রাজ্যের সমস্ত নদ-নদী-জলাশয়ে মৎস্য চাষ করান বিশেষ চেষ্টা ও ব্যয়সাধ্য এবং সময়সাপেক্ষ ইহা সহজেই অনুমান করা যায়। এই প্রসঙ্গে ১৯৫০-৫১ সালের সিভিল বাজেট এষ্টিমেটের ৪০৩ পৃষ্ঠায় বর্ণিত পরিকল্পনাগুলির প্রতি মাননীয় সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করিতেছি। উহাতে আপনারা দেখিবে-

12

পাইবেন যে প্রয়োজনানুরূপ ১২টি পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে। নানারূপ প্রতিকূল অবস্থার মধ্যে পড়িয়াও আমরা অধিকাংশ পরিকল্পনাই গ্রহণ করিয়াছি এবং কয়েকটি পরিকল্পনামত কাজ বেশ অগ্রসরও হইয়াছে। এই পরিকল্পনাগুলি কার্য্যকরী করিতে কতদূর অগ্রসর হইতে পারিয়াছি ও যেসকল অসুবিধার সম্মুখীন হইতে হইতেছে তাহা নিম্নে সংক্ষেপে উল্লেখ করা হইল:—

১। শতাধিক বৎসরের অবহেলার ফলে পশ্চিম বঙ্গের অধিকাংশ পুকুর মজিয়া গিয়াছে। অধিকাংশ বিল, বাওর ও দীঘির তলদেশ অসমতল, নানারকম জলজ উদ্ভিদে পূর্ণ এবং উহাদের আবশ্যকীয় উন্নতির জন্য উপযুক্ত সংখ্যক মজুর পাওয়াও দুষ্কর। এই বাধা কিছু পরিমাণে দূরীকরণের জন্য জল ও কাদা অপসারণ করিতে পারে এরূপ কতকগুলি হাল্কা ধরণের পাম্প ও মাড়পাম্প কেনা হইতেছে এবং জলজ উদ্ভিদ অপসারণের জন্য উপযুক্ত যন্ত্রপাতি প্রস্তুত ও ক্রয়ের জন্য চেষ্টা চলিতেছে।

২। সদস্যগণ অবগত আছেন যে আমাদের এই প্রদেশের জলাভূমির মালিকানা অনেক ক্ষেত্রেই বহু অংশীদারের আয়ত্তাধীন। ফলে তাহারা প্রায়ই একমত হইয়া জলাশয়গুলির প্রয়োজনীয় উন্নতিসাধন করিয়া মৎস্যচাষ করিতে পারেন না। অনেকস্থলে জলাশয় দখলকারীগণের কোন স্থায়ী স্বত্ব না থাকাতে জলাশয়ের উন্নতি করা সম্ভব হয় না। এই সব কারণে আমরা বিল ও অসংস্কৃত পুষ্করিণীতে মৎস্য চাষের পরিকল্পনা এখনো কার্য্যকরী করিতে পারি নাই। তবে বহু চেষ্টায় এরূপ কিছু সংখ্যক জলাশয় পাওয়া গিয়াছে যাহা লইয়া এই দুইটি পরিকল্পনার কার্য্য অবিলম্বে আরম্ভ করা হইবে। সরকার হইতে এরূপ বহু সংখ্যক জলাশয় হাতে লইয়া তাহাতে মৎস্য উৎপাদন করা বিশেষতঃ মৎস্য রক্ষা করা কঠিন। এইজন্য আমরা এই সব জলাভূমি সরকারের আয়ত্বে আনিয়া মৎস্যের চাষ করিতে ইচ্ছুক জনসাধারণের হস্তে সমর্পণ করিতে মনস্থ করিয়াছি। এইজন্য প্রয়োজনীয় আইনের একটি খসড়াও রচনা করা হইয়াছে এবং সত্বর উহা বিধিবদ্ধ করার চেষ্টা হইতেছে।

৩। এই প্রদেশের সুন্দরবন এলাকায় প্রচুর মৎস্য পাওয়ার সম্ভাবনা আছে। এই অঞ্চল হইতে মৎস্যের চালানের সুবন্দোবস্ত না থাকাতে এবং যথেষ্ট মৎস্য পাওয়া যাইবে কি না সন্দেহ থাকাতে ধীবরগণ যাইতে চাহিত না। ঐ অঞ্চলে বহুসংখ্যক ধীবরকে মৎস্য ধরিতে যাইতে উৎসাহিত করিবার জন্য আমরা একটী পরিকল্পনা মঞ্জুর করিয়াছি। ইহাতে অনধিক ১০০ জন ধীবরকে মাসিক প্রত্যেকের ন্যূনতম ১০০৲ টাকা আয়ের গ্যারাণ্টী দিয়া সরকারী তত্ত্বাবধানে সুন্দরবনের কয়েকটী অঞ্চলে মৎস্য ধরিতে পাঠান হইতেছে। ইহাদের ধৃত মৎস্যের মূল্য হইতে প্রত্যেক ধীবর মাসিক ১০০৲ টাকা না পাইলে সরকারী সাহায্য দ্বারা ঐ আয় পূরণ করা হইবে। এই প্রচেষ্টায় যদি সাফল্য লাভ করা যায়, তাহা হইলে বে-সরকারী প্রচেষ্টাও এই কাজে নিয়োজিত হইবে এবং বহু ধীবর অতঃপর ঐ অঞ্চলে মৎস্য ধরিতে যাইবে বলিয়া আশা করা যায়। সুন্দরবন অঞ্চল হইতে উক্তরূপ ধৃত মৎস্য টাটকা অবস্থায় সহরের বাজারে আনয়নের জন্য আমরা আবশ্যকীয় জলযানের ব্যবস্থাও প্রায় সম্পূর্ণ করিয়াছি।

৪। দেশের অভ্যন্তরভাগের পুষ্করিণীগুলিতে মৎস্যচাষ পরিকল্পনাগুলি কার্য্যকরী করিতে অনুসন্ধান, প্রচার-কার্য্যাদি এবং উপযুক্ত তত্ত্বাবধানের জন্য যত কর্ম্মচারীর দরকার, তাহার অভাব বিশেষভাবে অনুভূত হইতেছে। প্রতি মহকুমায় মাত্র একজন করিয়া সহকারী মৎস্য আধিকারিক নিযুক্ত আছেন। তিনিই মৎস্য বিভাগ সম্বন্ধে যাহা কিছু করিয়া থাকেন। প্রতি মহকুমায় গড়ে প্রায় ৭০০ গ্রাম থাকে; কাজেই আপনারা অনুমান করিতে পারেন এই একজন কর্ম্মচারীর দ্বারা কতটুকু কাজ সম্ভবপর। এইরূপ অসুবিধা সত্ত্বেও আমরা এযাবৎ প্রায় ২০ লক্ষ মৎস্যের পোনা উৎপাদন করিয়া ন্যায্য মূল্যে বিতরণ করিতে পারিয়াছি। ইহার অর্দ্ধেক পোনা যদি বাঁচিয়া থাকে এবং বর্দ্ধিত হয়, তাহা হইলে দুই বৎসর পরে অত্যন্ত কম করিয়া ধরিলেও প্রায় ৮ হাজার মণ মাছ পাওয়া যাইবে বলিয়া আশা করা যায়।

৫। এযাবৎ প্রায় ২,৪০০ বিঘার মত পুকুর এবং অন্যান্য জলাভূমিতে সরকারী খরচায় মৎস্যচাষ করিবার জন্য নির্ব্বাচন করিয়া ২,১০০ বিঘায় মৎস্যচাষ আরম্ভ করা হইয়াছে। মালিকগণ দুই বৎসরের শেষে উৎপন্ন মৎস্যের কিছু অংশ বিক্রয় করিয়া সরকারী অর্থ শোধ দিবেন। ইহাতে প্রায় ১২ হাজার মণ মৎস্য পাওয়া যাইতে পারে।

৬। মৎস্যজীবিগণ সূতা এবং আলকাতরা প্রভৃতির অভাবের জন্য বিশেষ অসুবিধায় পড়িয়াছিলেন। তাহার প্রতিকারকল্পে আমরা এযাবৎ প্রায় ২,৯৬৬ বেল সূতা বিতরণ করিয়াছি। ইহা হইতে আন্দাজ ৯৬৬ বেল পুরাতন জাল সংস্কারের জন্য এবং অবশিষ্ট সূতা নূতন জাল তৈয়ারের জন্য ব্যবহৃত হইয়াছে বলিয়া আশা করা যায়। এই সূতায় প্রায় ৩০,০০০ সাধারণ মাপের জাল হয়। ইহার মধ্যে যদি ২৪,০০০ জালধারাও নিয়মিত-ভাবে বৎসরে ১৮০ দিন মাছ ধরা হইয়া থাকে এবং প্রতি জালে দিনে গড়ে এক সের মাছও পাওয়া গিয়া থাকে,

[illegible]ে মৎস্যের সরবরাহ বৎসরে প্রায় ১০৮,০০০ মণ বৃদ্ধি পাইয়াছে। কিন্তু এই সব মাছ প্রায়ই অল্প অল্প [illegible]রিমাণে দেশের বিভিন্ন অংশে বৃদ্ধ হওয়ায় স্থানীয় লোকের ব্যবহারে লাগিয়াছে ও কলিকাতা প্রভৃতি স্থানের বাজারে [illegible]য় সামান্য অংশই আসিয়াছে।

৭। কাঁথী পরিকল্পনাতে এ বৎসর আমরা ৪,০০০ হাজার পাউণ্ড processed fish, ২০ হাজার পাউণ্ড [f]ish meal ও প্রায় ৭ হাজার পাউণ্ড medicated shark liver oil এবং আনুষঙ্গিকভাবে ৭৫৬ মণ [খ]াদ্যোপযোগী মৎস্য সংগ্রহ করিতে পারিয়াছি।

অন্যান্য পরিকল্পনাগুলিও আমরা যথাসত্বর কার্য্যে পরিণত করিতে চেষ্টা করিতেছি। সমুদ্রে মৎস্য ধরিবার কোন পরিকল্পনা এতাবৎকাল আমরা করি নাই। কারণ ভারত সরকার তাঁহাদের পরিকল্পিত গভীর সমুদ্র জরীপের কাজ সম্পূর্ণ না করা পর্য্যন্ত অংশাবে মৎস্য সংগ্রহ পরিকল্পনা স্থগিত রাখিতে বলিয়াছিলেন। কিন্তু দুঃখের বিষয় আর্থিক কারণে তাঁহারা ঐ পরিকল্পনা কার্য্যকরী করিতে পারিলেন না বলিয়া জানাইয়াছেন। ভারত সরকারের অনুমতিক্রমে এই কাজ আমরা নিজেরাই করিতে মনস্থ করিয়াছি। তজ্জন্য সিলোন সরকারের জীবতত্ত্ব বিভাগের অধ্যক্ষের সঙ্গে পরামর্শ করিয়া তথাকার একজন অভিজ্ঞকে আনান হইতেছে। তিনি বঙ্গোপসাগরে মৎস্যপ্রাপ্তির স্থান সম্বন্ধে অনুসন্ধান করিয়া আবশ্যকীয় সংবাদাদি সহ রিপোর্ট দিবেন। তাহার উপরেই ভিত্তি করিয়া সমুদ্রে মৎস্য ধরিবার পরিকল্পনা গ্রহণ করা হইবে।

মাননীয় সদস্যগণ দেখিয়াছেন যে প্রয়োজন ও সরবরাহের মধ্যে যে বেশ ব্যবধান রহিয়াছে, তাহা বর্ণিত অবস্থায় অত্যাল্পকালের মধ্যে দূর করা অসম্ভব। কিন্তু তাহা বলিয়া এই দুরবস্থার সুযোগে মৎস্যের মূল্যমান বর্দ্ধিত হইতে দিতে পারা যায় না। এইজন্য যাহাতে মৎস্যের মূল্য দেশের জনসাধারণের ক্রয়ক্ষমতার মধ্যে থাকে তজ্জন্য প্রয়োজনমত মূল্য বাঁধিয়া দেওয়ার ক্ষমতাসহ একটী আইন এই অধিবেশনেই আপনাদের সম্মতির জন্য পেশ করা হইয়াছে এবং অবস্থা বিবেচনায় প্রয়োজনবোধে তাহা প্রয়োগ করা হইবে।

বর্ত্তমান ব্যয়-বরাদ্দের মধ্যে প্রধানতঃ কর্ম্মচারিগণের বেতনাদি, ভাতা এবং বিবিধ ব্যয়ের খাতে যথাক্রমে ২ লক্ষ ৪০ হাজার, ১ লক্ষ ৬৩ হাজার ৫ শত এবং ৫৭ হাজার টাকা দেখানো হইয়াছে। তৎপর "অধিক খাদ্য উৎপাদন পর্য্যায়ে" মৎস্য উৎপাদনের জন্য সিভিল বাজেট এষ্টিমেটের ৪০৩ পৃষ্ঠায় উল্লিখিত পরিকল্পনাগুলিতে ১৩ লক্ষ ৩৫ হাজার টাকা এবং অন্য নূতন তিনটী পরিকল্পনাতে ২ লক্ষ ৭৬ হাজার টাকা ধরা হইয়াছে। ইহা ব্যতীত Loans and Advances by Provincial Government খাতে আমাদের মৎস্য-বৃদ্ধি পরিকল্পনাগুলির জন্য ৬ লক্ষ ৬৮ হাজার টাকা বরাদ্দ করা হইয়াছে। ইহার দ্বারা জলাশয়ের মালিকগণকে জলাশয়গুলির প্রয়োজনীয় উন্নতিসাধন করিয়া মৎস্যচাষ করিবার জন্য ঋণ দেওয়া হইবে; সংশ্লিষ্ট মন্ত্রীমহোদয় ঐ খাতে যথাসময়ে বরাদ্দের মঞ্জুরী প্রার্থনা করিবেন।

উপরোক্ত অবস্থাধীনে আমি প্রস্তাবিত বরাদ্দ অনুমোদন করিতে পরিষদকে অনুরোধ করিতেছি।

Sj. KANAI LAL DE: সহ-সভাপাল মহাশয়, মৎস্য বিভাগের মন্ত্রীমহাশয় মৎস্য বাড়ান সম্পর্কে যে সমস্ত পরিকল্পনার কথা বললেন তা শুনে আমরা খুবই আশান্বিত হলাম। কিন্তু বাজারে যখন যাওয়া যায় সেখানে মৎস্যের অত্যধিক মূল্য দেখে আমাদের খুবই নিরাশ হতে হয়। বাংলাদেশের লোকের নিকট মৎস্য অতি প্রয়োজনীয় খাদ্য।

মৎস্য বিভাগের উন্নতিসাধনকল্পে মন্ত্রীমহাশয় যে চেষ্টা করছেন তা খুবই প্রশংসনীয়। কিন্তু মন্ত্রীমহাশয়ের সদিচ্ছা থাকা সত্ত্বেও ঐ বিভাগ থেকে এ বিষয়ে বিশেষ কোন কাজ হচ্ছে না। আমি এদিকে সরকার এবং মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত বৎসর মৎস্য বিভাগে যত টাকা মঞ্জুর করা হয়েছিল মাছের চাষ বাড়ানর জন্য দেখা যাচ্ছে এই বিভাগ বরাদ্দের সমস্ত টাকা খরচ করতে পারেনি; বহু টাকা উদ্বৃত্ত হয়ে গিয়েছে। বিভিন্ন জেলার জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছিল, সেই সমস্ত জায়গায় কর্ম্মচারীরা এই সমস্ত টাকা ব্যয় করতে পারেননি, সেই মঞ্জুরী টাকার বেশীর ভাগই ফেরৎ এসেছে। "লোক-সেবক" কাগজে আজও বেরিয়েছে যে মৎস্য বিভাগের বহু টাকা অব্যয়িত রয়েছে। যখন বাংলাদেশে মৎস্যের এত অভাব, তখন সেখানে আমরা আশা করেছিলাম যে, যত টাকা এই বিভাগের জন্য বরাদ্দ হয়েছে তার চেয়েও অনেক বেশী টাকা মৎস্য চাষের জন্য খরচ করবেন, কিন্তু দুঃখের বিষয় ঐ মঞ্জুরীর টাকাই ব্যয় হচ্ছে না। মন্ত্রীমহাশয়ের সদিচ্ছা থাকা সত্ত্বেও তাঁর বিভাগীয় কর্ম্মচারীরা কেন সহযোগিতা করছেন না, তাঁদের কোন্ ত্রুটী বা গলদের জন্য এই রকম হচ্ছে সে বিষয়ে মন্ত্রীমহাশয়ের বিশেষ দৃষ্টি দেওয়া কর্ত্তব্য।

মৎস্য বিভাগ সম্পর্কে ইতিপূর্ব্বে "লোক-সেবক" কাগজে একটি গুরুতর অভিযোগ প্রকাশিত হয়েছিল এবং সেই অভিযোগের প্রতিবাদে সরকারের তরফ থেকে এখনও পর্য্যন্ত কোন press-note বাহির হয়নি। জনসাধারণ এজন্য বিশেষ উৎসুক হয়ে আছে, অভিযোগের কোন ভিত্তি না থাকিলে জনসাধারণের মন থেকে এই ভুল ধারণা দূর করবার নিমিত্ত এ বিষয়ে সরকারের তরফ থেকে আলোকপাত করা অত্যন্ত প্রয়োজন। ঐ কাগজে এই রকম কথা বলা হয়েছে যে কাঁথি এবং সুন্দরবন অঞ্চল হতে ৮৭৲ টাকা মন দরে মাছ কিনে এনে ২৭৲ টাকা মন দরে সেই মাছ কলিকাতার বাজারে বিক্রয়ের জন্য কয়েকজন ভাগ্যবান্ লোককে দেওয়া হয়েছে। এবং তার ফলে সরকারের প্রভূত টাকা ক্ষতি হয়েছে। এই অভিযোগ সত্য হলে যে সকল কর্ম্মচারীর অব্যবস্থায় এইরূপ ঘটেছে এবং যার ফলে সরকারের এত টাকা লোকসান হয়েছে, সেই সরকারী কর্ম্মচারীগণের কাছ থেকে জরিমানা হিসাবে বা তাঁদের বেতন থেকে এই টাকা আদায় করবার জন্য ব্যবস্থা হোক। আমি সরকারকে অনুরোধ করি তাঁরা যেন এ বিষয়ে কঠোর ব্যবস্থা অবলম্বন করেন। এই রকম কিছু না করলে এই বিভাগের সুনাম ক্ষুণ্ন হবার সম্ভাবনা রয়েছে। পূর্ব্ব বঙ্গ আমাদের হাত ছাড়া হয়ে গেছে। পশ্চিম বঙ্গে মৎস্য চাষ খুব অল্পই হয়। এখানকার নদী, নালায় ও বিলে খুব কমই মাছ হয়, আমার মনে হয় এখানকার পুকুরগুলিতেই চেষ্টা করলে ভাল মাছ জন্মাতে পারে। সুতরাং পুষ্করিণীগুলির পঙ্কোদ্ধার করে মৎস্য চাষের ব্যবস্থা করা প্রয়োজন। মৎস্য বিভাগ ও কৃষি বিভাগ উভয়ে একযোগে যদি দেশের পুষ্করিণীগুলি পঙ্কোদ্ধার করেন ও গভীর করিয়া কাটান, তাহা হলে উহা দ্বারা জমিতে জল সেচ ও প্রচুর পরিমাণে মৎস্য চাষও হতে পারে। পশ্চিম বঙ্গে লক্ষ লক্ষ পুষ্করিণী ও বড় বড় বাঁধ আছে, কিন্তু সেগুলি প্রায় মজে গেছে। এই সমস্তগুলির পঙ্কোদ্ধার করে যদি মাছের চাষ বাড়ান যায়, তবে দেশে মাছের অভাব ঘটে না এবং প্রচুর পরিমাণে মাছ কলকাতায় চালান আসতে পারে। কিন্তু এদিকে কাজ খুব অল্পই হয়েছে।

বাঁকুড়া জেলায় মৎস্য বিভাগের যেসকল কর্ম্মচারী আছেন সমস্ত বৎসরের মধ্যে তাঁদের কখনও দেখতে পাই না। কিন্তু মন্ত্রীমহাশয় সফরে গেলে, তাঁরা যখন মন্ত্রীমহাশয়ের নিকট দেখা করতে আসেন এবং বলেন যে মাছ চাষের জন্য যথেষ্ট পুকুর পাওয়া যায় না সেই সময় তাঁরা যদি আমাদের কাছে আসেন এবং আমাদের পরামর্শ গ্রহণ করেন তাহলে আমরা তাঁদের অনেক সুযোগ-সুবিধা ও বন্দোবস্ত করে দিতে পারি। কিন্তু তাঁরা সম্ভবতঃ বেশী সময় চিঠিপত্র লেখা ও অফিসের কাজে ব্যয় করেন। তাঁরা মাছের চাষ যে কাগজে কলমে হয় না এবং হিসাব করলেই যে মাছ বাড়ে না, ইহা মনে রাখা দরকার। সেইজন্য যে সমস্ত কর্ম্মচারীদের বাস্তব অভিজ্ঞতা আছে ও যারা হাতেকলমে কাজ করে তাঁদেরই এই বিভাগে নিয়োগ করা উচিত, এবং এদের দ্বারা ঠিকমত কাজ হচেছ কিনা, সেটাও মৎস্য বিভাগের অধিকর্ত্তার দেখা কর্ত্তব্য। যখন বাঙ্গালীদের শরীর অনেকটা মাছের উপর নির্ভর করে, এবংআজকাল যখন অন্যান্য পুষ্টিকর খাদ্যদ্রব্য দুষ্প্রাপ্য ও দুর্ম্মূল্য হয়ে উঠেছে তখন মাছের মত একটা প্রয়োজনীয় ও পুষ্টিকর খাদ্য যাতে দেশে প্রচুর পরিমাণে উৎপন্ন হয় ও বাজারে সস্তা দরে কিনতে পাওয়া যায় তার জন্য সরকারের বিশেষ সচেষ্ট হওয়া কর্ত্তব্য। এ বিষয় আমি আর বেশী কথা বলব না শুধু মৎস্য বিভাগের সংশ্লিষ্ট কর্ম্মচারীদের নিষ্ক্রিয়তা মন্ত্রীমহাশয় যাতে দূর করতে পারেন সে বিষয়ে আমি তাঁকে সচেষ্ট হবার জন্য অনুরোধ করছি। মৎস্য চাষের উন্নতির জন্য মন্ত্রীমহাশয়ের সদিচ্ছা আছে জানি কিন্তু শুধু সদিচ্ছা থাকলেই মাছের সরবরাহ বাড়বে না। কর্ম্মচারীরা যেন সচেষ্ট হ'ন; যে জনসাধারণের প্রদত্ত কর বেতনস্বরূপ তাঁরা ভোগ করছেন তার বিনিময়ে তাঁরা যেন ঠিক মত কাজ করেন। এই কথা বলে, মৎস্য বিভাগের মন্ত্রীমহাশয় যে ব্যয় বরাদ্দ দাবী করেছেন তা আমি সমর্থন করছি।

Janab MUSHARRUFF HOSSAIN: উনি যখন বাংলায় বললেন তখন আমিও একটু বাংলায় বলি। (A VOICE: ঠিক বলেছেন, আপনিও বাংলায় বলুন।)

এই "Fisheries" সম্বন্ধে আমার সামান্য যে অভিজ্ঞতা আছে, সে সম্বন্ধে একটু জানাতে চাচ্ছি। আমার পূর্ব্ববর্ত্তী বক্তা বললেন যে পুকুর কেটে যখন জমিতে জল সেচ করা হয়, তখন পুকুরের সমস্ত পানি বাহির হয়ে যায় এবং ফলে সেখানে মাছ আর থাকতে পারে না, সব মরে যায়।

আমি সেই problemটা solve করেছি। কিভাবে করেছি—সেটা জানাচ্ছি। আমি একটা পুকুর কাটিয়েছিলাম। তার থেকে পানি উঠিয়ে দিবে পরে যে levelএ পানি ছিল তার নিচে আমি পুকুরের মধ্যে 40 ft. by 40 ft. করে গর্ত অর্থাৎ ছোট পুকুরের মত--সেটা ৮।৯ ফিট গভীর করে খুঁড়ে দিয়েছিলাম। তার ফলে পুকুরে যখন পানি কম থাকে তখন সব মাছ এই গর্ত্তে থাকে এবং বর্ষার সময় পুকুরে পানি বেশী হলে

মাছগুলি বড় হতে পারে। আমার এই অভিজ্ঞতার মাধ্যমে যদি আপনারা নেন তবে আমার বোধ হয় আমার ...nd যে উক্তি করেছেন সে উক্তির উত্তর পাবেন। আমার বোধ হয় যদি আপনারা আমার এই উক্তি কার্য্যে ...া করেন তাহলে ভাল হয়। আমি এই কথাটাই বলতে চাই।

Sj. PRAMATHA NATH BANDYOPADHAYA : মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আমি যেখান ...ক এসেছি সেখানে মাছ এবং নুন এই দুইটা জিনিষের উন্নতি হওয়ার খুব সম্ভাবনা আছে। আমার বন্ধু বলেছেন ...াছ চাই, মাছ না হলে চলেনা। আমি বলছি সে রকম নুনও চাই। কথায় আছে—যার নুন খাই তার গুণ ...াই এবং নুন খেয়ে গুণ না গাইলে আমরা সেটাকে অকৃতজ্ঞ নেমকহারামী বলি যদিও আজ কাল দেখা যায় ...নেকেই নুন খেয়ে গুণ গাইছেন না। এই নুন শিল্পের উন্নতি করতে হবে। তাছাড়া পুকুর বাড়িয়ে মাছের ...ন্নতির সম্ভাবনার কথা মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে সে বিষয়ে তাঁরা চেষ্টা করছেন। কিন্তু দুর্ভাগ্যবশতঃ ...ই মাছ নদী পুকুর হতে পাচ্ছি না। এবং সমুদ্র থেকে বেশী করে মাছ ধরবার যে কৌশল সেটা আমাদের জেলেদের জানা ছিল না। এই deep sea fishing—গভীর সমুদ্র থেকে মাছ ধরার পদ্ধতি যদি আমাদের জেলেদের শিক্ষা দেওয়ার ব্যবস্থা হয় তাহলে কলকাতার বাজারে মৎস্যের যে অভাব দেখা দিয়েছে সে অভাব আর থাকবে না। নুন শিল্পের সম্বন্ধেও ঠিক তাই। মাননীয় প্রধান মন্ত্রীমহাশয় বলেছেন——

Mr. DEPUTY SPEAKER : This is a demand under the Fishery. Please speak to the point.

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAYA : আমার নুন না হলে বেশী fish হলেও রাঁধা যায় না। সুতরাং এই সম্বন্ধে কিছু বলতে হচ্ছে।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN : আবার সরিষার তেলও চাই এই মাছ ভাজবার জন্যে।

Mr. DEPUTY SPEAKER : মাছে নুন দিন—নুনে মাছ দিচ্ছেন কেন? নুনের জন্য মাছ নয়, মাছের জন্য নুন।

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAYA : তাই নুন সম্বন্ধে এখানে বলতে হচ্ছে। আমাদের দেশে বহু লোক বহুদিন ধরে নুন তৈরী করছে। তাদের এই পৈতৃক ব্যবসাটা যাতে নষ্ট না হয় এবং দেশের লোকে এই শিল্পটার সুযোগ পায় সেইদিকে লক্ষ্য রেখে মন্ত্রীমহাশয় আশা করি সে ব্যবস্থা করবেন। নুন দেওয়া মাছ ভাল থাকে, নষ্ট কম হয় এবং সস্তাও হয়—নুনের খরচও কম হয়। সেই নোনা মাছ বাজারে আমদানী করলে নুনের খরচ কম হয়। আমি আর একটা কথা বলছি আমার বন্ধু কানাই বাবু যে বলেছেন deep sea fishingএর কথা আমি সে সম্বন্ধে মন্ত্রীমহাশয়কে বলতে চাই যে এতে দেশী লোককে এই ভাবে মাছ ধরা সম্বন্ধে expert লোক দিয়ে trained করতে হবে। কিন্তু আমার মনে হয় এতে দু'এক বৎসর বিলম্ব হবে। আমি চিলকা এবং পুরীতে মাছ ধরা দেখেছি। সেখানকার জেলেদের ব্যবস্থা অন্য রকম। তারা সমুদ্রের ভিতর অনেক দূরে গিয়ে মাছ ধরে আনে। কিন্তু কন্টাইতে তা নয়। তবে আমি মাছের উন্নতি সম্বন্ধে আলোচনা করতে গিয়ে বলছি যে আগে দেশের একটা প্রথা ছিল বড়লোকদের পুকুর দান করা। যাদের পয়সা হ'ত তারাই পুকুর দিত। সেইসব পুকুরেও মাছ হত। সুতরাং তখন দেশের লোকের মাছের অভাব ছিল না। আজকাল বেশী পয়সা হলে লোকে পুকুর দেয় না। যাদের জমিদার বলি তারা পুকুর দেওয়া বন্ধ করে মটর গাড়ী কেনেন। কত ধর্মপ্রাণ মেয়েরাও পুকুর প্রতিষ্ঠা করতেন কিন্তু এখন তাঁরা school প্রতিষ্ঠা করছেন, এটা অনেক যায়গায়ই দেখা যায়। ভাল কথা, এটার বিরুদ্ধে আমি কিছু বলছি না। মাননীয় শিক্ষা মন্ত্রীমহাশয়ও বলেছেন যে বহু school প্রতিষ্ঠিত হয়েছে। কিন্তু তার result কি হয়েছে? তার থেকে যে সমস্ত ছেলেরা বেরোচ্ছে তারা শারীরিক পরিশ্রম করতে ভুলে গিয়েছে—কোন রকম শিল্পের মধ্যে আসতে চায় না, তারা শুধু চাকরী চায়। আমি যে কথা বলছিলাম যে, দেশে যে সমস্ত পুকুর আছে সেগুলির সংস্কার করা হয় না এবং নূতন পুকুর দেওয়াও বন্ধ হয়েছে। এখন অনেক যায়গায় tube-well দেওয়া হচ্ছে। Tube-wells ভাল জল পাওয়া যায় যদিও এর অধিকাংশই খারাপ হয়ে থাকে। তবুও এর বিরুদ্ধে কিছু বলতে চাই না। কিন্তু যদি এই সমস্ত পুকুর সংস্কার করা হয় তাহলে পানীয় জলের অভাব হয় না এবং মাছেরও চাষ ভাল হয়। কিন্তু দুঃখের বিষয় যে এই সব পুকুরের দিকে দেশের লোকের একটুও নজর নাই। এই সকল পুকুরের সংস্কার করা হয় না। বহু পুকুর আস্তে আস্তে জমিতে পরিণত হয়েছে। আমি ৫০।৫১ বৎসর আগে বর্দ্ধমানে যে সমস্ত বড় দীঘি দেখেছিলাম এই ৫০ বৎসরের মধ্যে তার অনেক

অবনতি হয়েছে। ২০০ বৎসরের মধ্যে যে অবনতি হয়েছিল না আজ ৫০ বৎসরের মধ্যেই তার বেশী অবনতি হয়েছে। এই রকমভাবে সব যায়গার পুকুরগুলি নষ্ট হয়ে যাচ্ছে। আমি এই দিকে Governmentএর দৃষ্টি আকর্ষণ করছি। তাঁরা যেন একটা বিশেষ আইন তৈরী করে এই সমস্ত পুকুরগুলির সংস্কার করেন এবং যদি এখানে co-operative basisএ মাছ জন্মান হয় তাহলে বাংলা দেশে মাছের অভাব হবে না। মাছ না হলে আমাদের চলে না। কারণ মাছই আমাদের একমাত্র Protein food, এটা না হলে আমাদের শরীরের বিশেষ ক্ষতি হয়। এটা যে উপায়েই হোক বাড়াতে হবে। আর একটা আইন করা উচিত যাতে সব মাসেই মাছ না খাওয়া হয়--যেমাসে মাছ ডিম ছাড়ে সে সময় মাছ খাওয়া হবে না। এই ডিম ছাড়ার সময় মাছ খাওয়ার জন্য আমরা দেখেছি যে--অন্তত: কাঁথির কথা বলতে পারি যে সেখানে অনেক মাছের বংশ লোপ পাচ্ছে যথা পাবতা, কৈ, মাগুর, ইত্যাদি। এর প্রধান কারণ হচ্ছে যে পুকুরগুলি পরিষ্কার হচ্ছে না এবং এই ডিম ছাড়বার সময় মাছ খাওয়া হয় বলে। সেইজন্য এর একটা বিশেষ আইন করা উচিত। আইন করলেও কিছু লোক হয়ত মাছ ধরবে যেমন black-marketing হচ্ছে কিন্তু এতে কিছুটা খাওয়া কমবে এবং মাছেরও উন্নতি হবে। এই কথা বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

The Hon'ble HEM CHANDRA NASKAR : মিষ্টার ডেপুটী স্পীকার, স্যার, আমার বন্ধু কানাই বাবু বললেন যে তিনি "লোক-সেবকে" দেখেছেন যে কয়েকটি ক্ষেত্রে আমাদের অনেক টাকা নষ্ট হয়েছে কিন্তু আমাদের পরিকল্পনা অনুযায়ী যে টাকা ধরা হয়েছিল তা উপযুক্ত সংখ্যক নৌকা প্রস্তুত করে এবং লোকের মাইনে দিয়ে খরচ করা হয়েছে। তারা যে মাছ ধরে, তার অর্দ্ধেক Governmentকে দেয়। এবং সে মাছ সস্তা দরে সেখানে বিক্রয় হয়। আমার বন্ধু প্রমথ বাবু সাক্ষী আছেন যে কাঁথিতে তখন ১২৲ টাকা করে মাছের মণ বিক্রয় হচ্ছিল। লঙ্কায় সোনা সস্তা। কাঁথিতেও মাছ সস্তা হয়েছিল। এই পরিকল্পনায় অবশ্য সেখানে প্রায় ৪০ হাজার টাকা লোকসান হয়েছে। এই মাছ ধরার পরিকল্পনা আগেই বনবিভাগের পূর্ব্বে করা হয়েছিল। এবং আমরাও এই পরিকল্পনাটা গ্রহণ করেছিলাম কিন্তু কেন জানি না ১ বৎসর সেখানে মোটেই মাছ হয় নাই। অথচ টাকা খরচ হয়েছে। তাই আপনাদের এই জিনিষটা বিবেচনা করে দেখতে বলছি। এই পরিকল্পনাটা যদি ভাল করে দেখেন তাহলে আমার মনে হয় সেখানে কোন গলদ নাই। তিনি "লোক-সেবকের" যে কথা বলেছেন তার উত্তর দেবার কথা বলেছেন। কিন্তু সেটার উত্তর আগেই দেওয়া হয়েছে। শ্রদ্ধেয় বন্ধু কানাইলাল বাবু যে কথা বলেছেন, অর্থাৎ তাঁর অভিযোগ এই যে মৎস্য বিভাগের কর্ম্মচারী সব জায়গায় গিয়ে তদারক করেন না। তাঁকে জানাচ্ছি যে প্রতি মহকুমায় আমাদের মাত্র একজন করে কর্ম্মচারী আছেন, তাঁকে যদি মহকুমার প্রায় সাতশো গ্রাম দেখতে হয়, তাহলে সব জায়গায় যাওয়া সম্ভব হয় না। বিষ্ণুপুরের দিকের যে পরিকল্পনা আমাদের তৈরী করা হয়েছে এ বছরে সেখানে কাজ অনেক বাড়ানো হবে। সেখানে কোথায় কোথায় কি করা উচিৎ সে সম্বন্ধে যদি, তাঁর বাড়ীর কাছেই আমাদের যে আফিস আছে, সেখানে গিয়ে বলেন আমরা তার উপদেশ সম্বন্ধে অবহিত হব। আমি গত বৎসরেও বলেছি, এবারও বলছি, প্রত্যেক সদস্যকেই, যিনি যতটা পারেন আমাদের যদি সাহায্য করেন তাহলে আমরা বিশেষ কৃতজ্ঞ হব। এ সব কাজ একা গভর্ণমেণ্ট দ্বারা শীঘ্র হওয়া সম্ভব নয়, জনসাধারণের সহযোগীতা থাকলে সহজে হয়।

এই রকম যে সব পুকুর পাঁকের জন্য মজে যাওয়ার মধ্যে এসেছে, সেই সব পুকুরের পাঁক নিয়ে যদি জমিতে দেয়া যায় তাহলে জমিও উর্ব্বর হয় আর পুকুরেরও পঙ্কোদ্ধার হয়ে সহজে মৎস্য চাষের উপযোগী হতে পারে, এবং খেতের ফসলও বাড়বে। কিন্তু যাদেরই এ কথা বলেছি তারা এ কাজে হাত দিতে সাহস পান না। বলেন চিরকাল যা করিনি তা আজ করতে পারব না। এ ভাবে পুষ্করিণীগুলো পরিষ্কার করলে সহজে হতে পারে। উদাহরণস্বরূপ আমি মেদিনীপুর জেলার দাঁতন থানার পড়সংখ্যার কথা বলতে পারি। আমরা কেবল সেই সব জায়গারই টাকা দিতে পারি যেখান থেকে আমাদের টাকা আদায় হতে পারে।

প্রমথবাবু যে বলেছেন, এ বিষয়ে ঈশ্বরবাবুও জানেন নোনা মাছের চাষ সম্বন্ধে তাঁরা যা বলেছেন সে সম্বন্ধে মৎস্য বিভাগ অবহিত আছেন। এবং শুধু নোনা মাছ কেন অন্যান্য মাছ যাতে বৃদ্ধি হয় সে চেষ্টাও চলছে। এবং ঈশ্বরবাবু স্বীকার করেছেন যে এবার তাঁদের ওদিকের খালে অনেক মাছ হয়েছে। প্রমথবাবুকে বলেছিলাম, তাঁরা নিজেরা কোন পরিকল্পনা নিতে পারেন কি। তাছাড়া আমি বলেছিলাম আমাদের নারাণিয়াতে প্রায় ১,৫০০ বিঘা জলকর আছে, এই জলায় যদি তাঁরা বাঁধ দিয়ে মাছ ধরিয়ে নানা জায়গায় নিতে পারেন তাহলে বেশী ভাল ব্যবস্থা হতে পারে, কিন্তু সেখানে ভাটার সময় জল শুকিয়ে যায় জোয়ারে জল হয়। এই জন্য উপযুক্ত পরিমাণ মাছ পাওয়া যাবে কি না এই সন্দেহে সেটাতে যোগ দেন নি। মাছের চাষের জন্য অনেক বিলের কথা উঠেছে কিন্তু সেটাতে ৪।৫টা শরিক, তার ভিতর দুজন কি একজন এসে টাকা দেওয়া যেতে পারে না, সকল শরিক এক

সঙ্গে এসে আর যেখানে কোন স্বত্বের গোলমাল নাই সেখানেই মাত্র টাকা দেবার ব্যবস্থা আছে। এই রকম যে লোকের মাত্র ৫ বছরের লিজ আছে এই রকম লোককে যদি টাকা দিই, তাহলে আমাদের সে টাকা আদায় হবে না। সুতরাং গভর্ণমেণ্টের নীতি হচ্চে এই যে যাদের স্থায়ী স্বত্ব তাদের টাকা দেয়া হবে।

সভ্যদের আমি গত বছরেও বলেছি, এবারও বলছি এবং সকল সভ্যকেই অনুরোধ করছি তাঁরা নিজেরা যে যতটা পারেন করুন, গভর্ণমেণ্টের পক্ষের সকল জায়গায় কর্ম্মচারী রেখে মাছ করানো সম্ভব নয়। আর একটা জিনিষ হচ্চে এই যে মাছ কাঁচা মাল। রাত্রে মাছ অনায়াসে চুরি যেতে পারে। সুতরাং লোকেরা নিজেরা না করলে গভর্ণমেণ্ট কিছু করতে পারে না, কারণ পুলিশ যেখানে রয়েছে সেখান থেকেও যখন চোর নিয়ে যায় দেখা গেছে, তখন পাড়াগাঁয়ে যাদের পুষ্করিণী তারা নিজেরা যদি না দেখেন তাহলে গভর্ণমেণ্টের করা সম্ভব হবে না। আমরা বলাগড়ে গিয়েছিলাম, ত্রিবেণীতে গিয়েছিলাম, সেখানে জেলে ভাইদের অনুরোধ করেছিলাম—আপনারা এখানে মাছ ধরুণ, আপনাদের জাল দেব, নৌকা দেব, তাছাড়া দুটি মোটর লঞ্চও আছে। কিন্তু সেগুলি তারা না নেয়ায় বসিরহাট থেকে মাছ আনাবার ব্যবস্থা হয়েছে। এবারে ব্যবস্থা হয়েছে—তারা যদি মাছ ধরতে যান এবং মাছ না পান তাহলে আমরা তাঁদের দৈনিক ৩৲ টাকা করে দেব, টাকা দিয়ে কাজ করার প্রলোভন দিয়ে লোকদের নিয়ে গিয়েও যদি কাজ না হয় তাহলে আর কি করব বলুন। কানাইবাবু বলেছেন—তাঁদের দিকে যে সব পুকুর আছে সেগুলি সম্বন্ধে আমাদের জানাবেন। তা যদি তিনি জানান এবং আমাদের সঙ্গে সহযোগীতা করেন তাহলে তাঁকে আমি এই প্রতিশ্রুতি দিতে পারি যে যদি বাজেটে বরাদ্দ নাও থাকে তাহলেও প্রধান মন্ত্রীমহাশয়কে বলে, তাঁর কাছ থেকে টাকা আদায় করে আমরা সাহায্য করব। লোকেরা নিজেরা যদি এ সব কাজ না করেন তাহলে গভর্ণমেণ্টের বিরুদ্ধে শুধু টিপ্পনি কাটলে কিছুই হবে না।

The motion of the Hon'ble Hem Chandra Naskar that a sum of Rs. 20,89,000 be granted for expenditure under the head "43—Industries—Fisheries" was then put and agreed to.

43—Industries—Cinchona.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, on behalf of Sj. Nalini Ranjan Sarker with your permission and on the recommendation of His Excellency the Governor I beg to move that a sum of Rs. 32,64,000 be granted for expenditure under the head "43—Industries—Cinchona".

Sir, the history of cinchona in this province and in this country has been a sort of doubtful course. It so happened that India can and used to produce sufficient quinine for the treatment of malaria in the whole of India. In the south, in the Nilgiris, as well as in Mungpo area of the Darjeeling district there is quite enough area for plantation of sufficient quantity of cinchona trees for the purpose of yielding the quinine that is necessary. At Mungpo today we have got 1,724 acres under cultivation, at Lakpanchar 217 acres, at Monson 1,626 acres and at Rangpo 537 acres.

Sir, the cinchona trees yield quinine, or rather quinine products in two forms: one is the ordinary quinine and the other is cinchona febrifuge. The usual method which was adopted at Mungpo was rather an old method, namely, to prepare quinine which is usually called the Indian type of quinine which is a little lower in its alkaloid value as compared with the British Pharmacopoeial quinine. This quinine as manufactured in Mungpo is rather darkish in colour and therefore it is not so popular as the white quinine that comes from Java or from other parts of the world. Usually we manufacture 70 thousand pounds of quinine in the Mungpo factory and about 35 thousand pounds or 30 thousand pounds of cinchona febrifuge every year. If you want to convert or make white quinine, the plant that we have got at Mungpo can only produce 50 thousand pounds of quinine. During the war and for some time afterwards quinine products were controlled very strictly and in its place paludrine and mepacrine were imported from abroad. I am not here to give the relative value of these two products but it is true that our country people, particularly those living in rural areas, have been accustomed to the use of quinine and the use of paludrine or mepacrine is

not so well known which generally requires some amount of medical supervision. Therefore, I have felt and I have told the department so that they should increase the plantation, and this year instead of spending the whole of the money for increasing the products of the Indian type of quinine I have asked them to prepare the B. P. standard of quinine which would be a little less in quantity—it would be about 50 thousand pounds of quinine out of the harvesting of cinchona every year. We have got now 150,000 pounds of quinine more or less in storage and I have decided that this year we should be able to sell some of this quinine instead of storing it and also to distribute it freely through the various post offices as also to give to the different Governments for their requirements—Governments of Bihar, Orissa and Assam and Tripura. I have also arranged to put in new machinery so that we might be able to produce larger quantity of quinine. India requires about three times as much quinine as is produced in this factory and therefore there is no reason why we should not produce the whole of that quantity in India instead of importing from abroad.

With these words I move that the motion which stands in the name of Mr. Nalini Ranjan Sarker be accepted, namely, Rs. 32,64,000 be granted for expenditure under the head "43—Industries—Cinchona".

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that a sum of Rs. 32,64,000 be granted for expenditure under the head "43—Industries—Cinchona" was then put and agreed to.

Adjournment.

The House was then adjourned at 5-47 p.m. till 4 p.m. on Thursday, the 16th March, 1950, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 16th March, 1950, at 4 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble ISWAR DAS JALAN) in the Chair, 9 Hon'ble Ministers and 52 members.

Committee on Petitions.

Mr. SPEAKER: In accordance with the provision of rule 73 of the West Bengal Legislative Assembly Procedure Rules, I nominate the following seven members of the Assembly to form a Committee on Petitions with the Deputy Speaker as Chairman:—

(1) Sj. J. C. Gupta,

(2) Janab Abdur Rahman Siddiqi,

(3) Sj. Bimal Comar Ghose,

(4) Mr. L. R. Pentony,

(5) Janab Syed Badrudduja,

(6) Sj. Hemanta Kumar Basu, and

(7) Sj. Dhirendra Narayan Mukherji.

Governor's Reply to the Address.

Mr. SPEAKER: His Excellency the Governor has sent the following reply to the address which was presented to him by the Assembly:—

"Members of the Legislative Assembly,

I have received with great satisfaction the respectful expression of your thanks for the speech with which I have opened the present session of the Assembly".

STARRED QUESTION

(to which oral answer was given)

Road transport in the district of Malda

***56. Janab ABUL HASHEM:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Home Department be pleased to state whether the construction work for the *pucca* roads of—

(*i*) Malda-Rajmahal, and

(*ii*) Tildanga-Khejuria-Malda-Balurghat

is complete?

(*b*) If the answer to (*a*) is in the negative, will the Hon'ble Minister be pleased to state when it is expected to be completed?

(c) Will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether motor services are plying on the said routes;

(*ii*) if so, the names of the firms or individuals who are running the services;

(*iii*) whether advertisements were made in respect of appointment of transport agencies; and

(*iv*) whether a company managed by Messrs. Commercial Carrying Co., Ltd., of 11, Clive Street, Calcutta, have been appointed by the District Magistrate, Malda, to run motor services on the said routes?

(*d*) Will the Hon'ble Minister be pleased to state if it is a fact—

(*i*) that District Magistrate, Malda, is forcing the private owners of buses to withdraw their buses from those routes; and

(*ii*) that the Malda Transport, Ltd., formed by the Commercial Carrying Co., Ltd., have been supplied with petrol coupons for 600 gallons?

(*e*) If the reply to (*d*) is in the affirmative, will the Hon'ble Minister be pleased to state the reasons therefor?

MINISTER in charge of the HOME DEPARTMENT (the Hon'ble Dr. Bidhan Chandra Roy): (*a*) No.

(*b*) The earthwork of both the roads has already been undertaken. The expected date of completion for all-weather traffic cannot be stated definitely at this stage. But every endeavour is being made to complete the roads as early as practicable so that these may be completed by the next year.

(*c*)(*i*) For (*a*)(*i*) Yes. For (*a*)(*ii*) No. But buses ply over two sectors of the route, viz., (*i*) Malda-Khejuria Ghat and (*ii*) Malda-Gajole.

(*ii*) (1) Sri Matilal Behani and

(2) Sri Dinesh Misra—Malda-Rajmahal.

(3) Sri Badri Narayan Lal and

(4) Sri Sudhir Kr. Chakraborty—Malda-Khejuria Ghat.

(5) Sri Badri Lal Kundu—Malda-Gajole.

(*iii*) Yes.

(*iv*) No.

(*d*)(*i*) No.

(*ii*) Yes.

(*e*) In view of transport difficulties in Malda and Dinajpore area, it was decided to run a service from Dhulyan to Malda and West Dinajpur to carry essential supplies. The Commercial Carrying Co. was appointed the transport agency for the purpose.

Sj. SIBNATH BANERJEE: মাননীয় মন্ত্রীমহাশয় এই যে বললেন "by the next year" এই next year মানেটা কি? সামনের বৎসরের March মাস না এই বৎসরেই বর্ষা আসার আগেই শেষ হবে?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Next cold weather—November, December, January.

BUDGET FOR 1950-51

DEMANDS FOR GRANTS.

40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account.

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: Sir, on the recommendation of His Excellency the Governor I beg to move that a sum of Rs. 2,61,58,000 be granted for expenditure under the heads "40—Agriculture" and "71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account".

আমি সংক্ষেপেই দু'কথা বলবো ভেবেছিলাম; কিন্তু বিশেষ করে যখন শিবনাথ বাবু উপস্থিত আছেন (Sj. Sibnath Banerjee: ধন্যবাদ) তাঁর অবগতির জন্য আমাদের Agriculture Departmentএর কাজ সম্বন্ধে কিছু বলব। আপনারা জানেন Agriculture বিভাগটা বিভিন্ন ভাগে বিভক্ত আছে। তার মধ্যে বর্তমানে সব চেয়ে বড় কাজ হচ্ছে কি করে ১৯৫১ সালের মধ্যে খাদ্য বিষয়ে,—আমি ডাল, দুধ, মাছ বা তেল—এসবের কথা বলছি না, শুধু cereals অর্থাৎ তণ্ডুলজাতীয় খাদ্য জিনিষ সম্বন্ধে স্বাবলম্বী হতে পারা যায়। (Sj. Sibnath Banerjee: অন্যান্য জিনিষই বাদ যায় কেন?) সে কথা পরে হবে। আমরা বিশেষ জোর দিচ্ছি কি করে cerealsএ, চালের ব্যাপারে, ১৯৫১ সালের ডিসেম্বরের মধ্যে আমরা স্বাবলম্বী হতে পারব। আমি মোটামুটিভাবে আমাদের Agriculture Departmentএ যে কাজগুলি হচ্ছে,—অনেকেই হয়ত তা জানেনা,—সদস্যদের কাছে বলছি। আমাদের এই কৃষি বিভাগের কর্ম-প্রচেষ্টা ৫ ভাগে বিভক্ত।

প্রথমতঃ আমাদের প্রধান কাজ হচ্ছে—grow more food—কি করে ১৯৫১ সালের ডিসেম্বর মাসের মধ্যে আমাদের পশ্চিম বাংলায় চালের যে ঘাটতি আছে সেই ঘাটতি আমরা পূরণ করতে পারি।

আমাদের Agriculture Departmentএর দ্বিতীয় কর্তব্য হলো চাল, গমের উৎপাদন বৃদ্ধি ছাড়াও অন্যান্য কৃষিজাত দ্রব্যেরও উৎপাদন বৃদ্ধি করা, যথা jute, আখ, তুলা প্রভৃতি, যাতে করে আমাদের কৃষকদের হাতে দুটো পয়সা আসতে পারে।

তৃতীয় দফা হচ্ছে—extension service—গ্রামের কৃষকদের সঙ্গে গভর্ণমেণ্টের কৃষি উন্নয়ন প্রচেষ্টার সংযোগস্থাপন। কৃষি সম্বন্ধে যা কিছু গবেষণা হয় সেই পরীক্ষালব্ধ ফলগুলি ভাল করে গ্রামে চাষীদের বুঝিয়ে দিতে হবে। এজন্য আমরা আমাদের পশ্চিম বাংলায় যে প্রায় দু'হাজার ইউনিয়ন আছে তার প্রত্যেক ইউনিয়নে একজন করে কৃষি সহকারী রাখার ব্যবস্থা করেছি। এবং ইতিমধ্যে প্রায় ১,৭০০ ইউনিয়নে কৃষি সহকারী রেখেছি, এবং এদের trainingএর ব্যবস্থাও করেছি। আর, এখানে আমি বলতে বাধ্য হচ্ছি যে আমাদের research work খুব ভাল করে চলছে না। তার কারণ যুক্ত বাংলা যখন ছিল তখন যে কৃষি বিদ্যালয়গুলিতে গবেষণার কাজ চলছিল, তার অধিকাংশ বিদ্যালয়ই এবং তার প্রধানটাই ছিল ঢাকাতে, আমাদের হাত ছাড়া হয়ে গেছে। অবশ্য আমরা এই অসুবিধা দূর করার চেষ্টায় আছি, এবং বর্তমানে চেষ্টা করছি চিনসুরায় কি করে কাজ করা যায়।

আমাদের এই Agricultural Directorateএর আর একটা দিক আছে, সেটা হচ্ছে—Agricultural marketing—কৃষিজাত দ্রব্যের উপযুক্ত marketএর ব্যবস্থায়ও আমরা হাত দিয়েছি।

এই পাঁচ দফা কাজের মধ্যে grow more foodএর দিকে আমরা কি কি প্রচেষ্টা করেছি তার একটা আভাষ আপনাদের আগে দিতে চাই। এ সম্বন্ধে আমরা যেসব measure বা পন্থা adopt করেছি তার একটা হচ্ছে জলসেচ। ছোট ছোট খাল কেটে, পাম্পে জল তুলে এবং পুকুর কেটে, এই তিন রকমে আমরা এখন সেচের ব্যবস্থা করছি। আর একটা measure হচ্ছে—Waste land reclamation—পতিত জমি উদ্ধার। তাছাড়া distribution of seeds,—চাষীদের ভাল বীজ বিতরণ করা এবং জমির সারের ব্যবস্থা করার বন্দোবস্তও এই grow more food কাজের মধ্যে রয়েছে। এর উপর আর একটা কাজ হচ্ছে plant protection এই যে কাজগুলির কথা আমি বললাম এসব হচ্ছে ছোট ছোট পরিকল্পনা—এর উপর পশ্চিম বাংলার জন্যে দুটো বড় কাজ রয়েছে—দামোদর ও ময়ূরাক্ষী পরিকল্পনা। কিন্তু ১৯৫১ সালের ভিতর এই দুটো পরিকল্পনার ফল আমরা পাব বলে মনে হয় না। এই দুটি schemeএর মধ্যে Mor scheme কার্যে পরিণত হলে দু'লক্ষ একর, আর দামোদর ভ্যালি পরিকল্পনা কার্যকরী হলে আট লক্ষ ৬৭ হাজার (৮৬৭,০০০) একর জমি চাষের জন্য আমরা নতুন করে পাব। এবং ময়ূরাক্ষীর ৬০০,০০০ একরে ৩২৬,০০০ টন আর দামোদরের ৮৬৭,০০০ একরে প্রায় দু'লক্ষ টন ধান আমাদের বাড়তি উৎপাদন হবে।

এখানে আমি ১৯৪৮-৪৯ সালের এই সব বিবিধ প্রচেষ্টার একটা হিসাব দিচ্ছি।

আমাদের উন্নত ধরণের বীজের ফলে ১৯৪৮-৪৯ সালে ৭,০৯০ একর জমিতে বেশী ফসল হয়েছে এবং তার জন্য আমরা অতিরিক্ত পেয়েছি খারিফ ১৭০ টন এবং রবি ৮২০ টন।

জল নিকাশের ব্যবস্থা করে আমরা পেয়েছি ২৮,৭৪৪ একর জমিতে খারিফ ৭,৭০৩ টন, রবি পাওয়া যায়নি। Lift irrigation করে জল ঢালিয়ে ২,০২০ একর জমিতে পেয়েছি যা, তাতে অতিরিক্ত আমরা খারিফ কিছুই পাইনি, কিন্তু রবি ফসল বেড়েছে ৯৪০ টন।

Tank improvement করে ১৩,৬৬৬ একর জমিতে অতিরিক্ত ফসল হয়েছে খারিফ, ২,৩৪০ টন, রবি, ২৫০ টন।

Manures সম্বন্ধে আমি আপনাদের বলতে পারি যে রাসায়নিক সার আমাদের বিভাগ থেকে বেশী পরিমাণে বড় একটা দেয়া হয়নি কারণ দুর্মূল্য হবার দরুণ এতে খরচ বেশী পড়ে। সুলভ compost সারের প্রচলন যাতে বেশী হয় আমাদের কৃষি বিভাগের লক্ষ্য সেই দিকে রয়েছে।

২,৯১৪,৮৯৫ একর জমিতে সার প্রদানের দরুণ ১৯৪৮-৪৯ সালে আমরা অতিরিক্ত ফসল পেয়েছি খারিফ ২০,৯১১ টন, আর রবি ১৩,৪৫০ টন, waste land reclamationএর দ্বারা আমরা ২০ একর land পেয়েছি এবং তার দরুণ আমাদের ফসল বেড়েছে মাত্র ১০ টন খারিফ। আর একটা জিনিষ হচ্ছে plant protection; এর দ্বারা আমরা রবি ফসল ২,০০০ টন বাড়াতে পেরেছি। এই হিসেবটা হলো ১৯৪৮-৪৯ সালের। এর সঙ্গে যদি ১৯৪৯-৫০ সালের ফসলের তুলনা করে দেখেন, তাহলে দেখবেন কত ভালো কাজ আমাদের হয়েছে। (Sj. SIBNATH BANERJEE: এক সঙ্গে দুটো দিলে ভালো হ'ত।) এক সঙ্গেই আপনারা পাবেন।

১৯৪৯-৫০ সালে উন্নত ধরণের বীজ বিতরণের দ্বারা ৬২,৭৯৭ একর জমিতে অতিরিক্ত ফসলের পরিমাণ হচ্ছে খারিফ ৪৫৩ টন, এবং রবি ৬,০৬৭ টন। Flow irrigation দ্বারা কৃষিবিভাগ থেকে যদি ১০ হাজার টাকার মধ্যে হয় সেইগুলিই শুধু আমাদের কৃষি বিভাগ ম্যানেজ করেছে আর দশহাজার টাকার উপরেরগুলি Irrigation and Waterworks Department থেকে করা হয়েছে; তদনুসারে ১৯৪৯-৫০ সালে flow irrigationএ Agricultural Department কর্ত্তৃক ১৬,০৪২ একর জমিতে পাওয়া গেছে অতিরিক্ত খারিফ ৩,৮৯৬ টন, রবি ৩,৫৬০ টন। Irrigation and Waterworks Department কর্ত্তৃক ৯৫,৫৯৪ একর জমিতে পাওয়া গেছে অতিরিক্ত খারিফ ৯,৪২০ টন, রবি ৯,৫৭১ টন।

তারপরে lift irrigation দ্বারা ১৪,২০০ একর জমি আমরা বাড়াতে পেরেছি এবং তাতে অতিরিক্ত ফসল হয়েছে খারিফ ৯৬০ টন আর রবি ১৯,৪০০ টন। Tank improvementএর ফলে ১১,৯৭৫ একরে অতিরিক্ত ফসল পাওয়া গেছে খারিফ ৪,৭৬০ টন, রবি ৯৫০ টন। Manures এবং fertilisers প্রয়োগের দরুণ পাওয়া গেছে ১১৭,৮৭২ একর জমিতে খারিফ ৮,০৯৯ টন, রবি ১৮,৫৯৮ টন। Waste land reclamation বা পতিত জমি উদ্ধারের দ্বারা পাওয়া গেছে ২,২৪০ একর জমিতে বাড়তি ফসল খারিফ ৭০৭ টন, রবি ৫১৬ টন। এছাড়া plant protection কাজের দ্বারা এবারে পাওয়া গেছে খারিফ ২,৪০০ টন, রবি ৫,৭৪০ টন। তাহলে আপনারা দেখতে পাচ্ছেন ১৯৪৮-৪৯ সালে যেখানে মোট উৎপন্নের পরিমান ছিল খারিফ আর রবি ফসল মিলিয়ে ৪৮,৫৫৪ টন, সেখানে ১৯৪৯-৫০ সালের উৎপন্নের পরিমাণ দাঁড়িয়েছে খারিফ ৩০,৬৯৫ টন আর রবি ৬৪,৪০২ টন এবং দুইয়ে মিলেয়ে ৯৫,০৯৭ টন অর্থাৎ মোটামুটি হিসাবে প্রায় দ্বিগুণ।

এ ছাড়া, ৮,৬০০ টন ধানের হিসেব যা নাকি ১৯৪৮-৪৯ সালে আমাদের কৃষি বিভাগ কর্ত্তৃক village compost সার বিতরণের ফলে উৎপন্ন হয়েছে তা এখানে ধরা হয় নাই। গ্রামে গ্রামে আমাদের যেসব সহকারী আছেন তাদের মধ্যে অনেকেই খুব ভাল কাজ করেছেন, এবং এই সব কাজের ফলে compost সার ব্যবহার করায় যাঁরা খুব বেশী পরিমাণ ফসল উৎপন্ন করতে পেরেছেন তাঁদের নাম ও ঠিকানা আমি পরে বলছি। (Sj. SIBNATH BANERJEE: আবার পরে কেন একবারে দিলেই ত ভাল হ'ত।) একটু পরেই বলছি, আগে এ itemটা শেষ করেনি। এসব ছাড়া আমাদের কৃষি বিভাগ থেকে বছরে ৪,৫০০ পাউণ্ড vegetable seeds আর চারা বিতরণ করা হয়েছে তাতে প্রায় ৪,০০০ টন vegetable পাওয়া যাবে বলে যে আমরা আশা করছি তাও আমাদের বর্ত্তমান হিসেবের ভিতর ধরা হয় নি।

এখন খাদ্য সম্বন্ধে self-sufficient—স্বয়ংসম্পূর্ণ হওয়ার ব্যাপারে আমাদের সব চেয়ে বড় measure যেটা—যেটা নাকি আমাদের লক্ষ্যের দিকে বেশী এগিয়ে নেবে অথবা single measure হিসেবে, এবং যেটা নাকি একটা permanent measure সেটার সম্বন্ধে আমি আপনাদের কাছে একটু বিশেষ করে বলছি। এর মধ্যে দুটো ভাগ আছে। একটা হলো irrigation, আর একটা হলো flow irrigation. আমি আগেই বলেছি সেচের ব্যাপারটার যেগুলি নাকি ১০ হাজার টাকার ভিতরে শেষ করা যায় মাত্র সেইগুলিই Agricultural Department থেকে করা হয়। আর ১০ হাজার টাকার উপর যেগুলি সমাধা করতে খরচ পড়ে সেগুলি সেচ বিভাগ হতে manage করা হয়। আমাদের Agricultural Department থেকে ছোট ছোট যেসব কাজ হয়েছে তার কথা আপনাদের কাছে বলব—সেটা বলার আগে কোন্ কোন্ জেলায় কতটা করে tank improved হয়েছে সেটা আপনাদের জানাচ্ছি।

বর্দ্ধমান জেলায় ১৯৪৮-৪৯ সালে ৪১টি এবং ১৯৪৯-৫০ সালে ৯টি, মোট ৫০টি; মেদিনীপুরে ১৯৪৮-৪৯ সালে ৫০টি এবং ১৯৪৯-৫০ সালে ৩৬টি, মোট ৮৬টি; পশ্চিম দিনাজপুরে ১৯৪৮-৪৯ সালে ১টি, ১৯৪৯-৫০ সালে ১টিও হয় নাই; মুর্শিদাবাদে ১৯৪৮-৪৯ সালে ১৩টি এবং ১৯৪৯-৫০ সালে ৮টি, মোট ২১টি; বীরভূমে ১৯৪৮-৪৯ সালে ৩৭টি এবং ১৯৪৯-৫০ সালে ৪টি, মোট ৪৫টি; বাঁকুড়ায় ১৯৪৮-৪৯ সালে ৯২টি এবং ১৯৪৯-৫০ সালে ১৫৪টি, মোট ২৪৬টি; মালদায় ১৯৪৮-৪৯ সালে ২৭টি এবং ১৯৪৯-৫০ সালে ৫টি, মোট ৩২টি; হুগলী জেলায় ১৯৪৮-৪৯ সালে ১৮টি এবং ১৯৪৯-৫০ সালে ৩টি, মোট ২১টি। মোট ১৯৪৮-৪৯ সালে ২৮০টি আর ১৯৪৯-৫০ সালে ২২২টী পুকুরের সংস্কার হয়েছে। (SJ. SIBNATH BANERJEE: তাহলে দেখতে পাচ্ছি tank improvements এর progress হচ্ছে backward directionএ।) শিবনাথ বাবু দয়া করে ভুল করবেন না যে ১৯৪৯-৫০ সালের যে হিসাবটা দিলাম সেটা হচ্ছে ১৯৪৯-৫০ সালের ডিসেম্বর পর্য্যন্ত। ১৯৫০ সনের জানুয়ারী, ফেব্রুয়ারী, মার্চ্চ এই তিন মাসের হিসেব এখনো পাওয়া যায়নি বলে এখানে ধরা হয়নি। এবং বছরের এই তিনটী মাসেই পুকুর খনন বা সংস্কারের কাজ বেশী হয়। কাজে কাজেই ডিসেম্বর পর্য্যন্ত যে ২২২টী হয়েছে তার আনুপাতিক একটা যদি অঙ্ক কষে নেন মনে মনে (হাস্য) তাহলে দেখবেন কত বেশী কাজ হয়েছে।

এখন আমি lift irrigationএ আমরা কি করেছি সে সম্বন্ধে আপনাদের কাছে বলছি। এবছর আমরা ঠিক করেছি ১৫০টা power pump কিনব। তার মধ্যে ১৩৬টী মাত্র এ পর্য্যন্ত পাওয়া গেছে এবং তার ১০০টী ইতিমধ্যেই বিক্রয় হয়েছে। এক একটা pumpএ ৫০ একরের জলের কাজ হয়। এই হিসেব করে দেখেছেন হরিপদ বাবু এবং তিনি সমর্থনও করেছেন। (SJ. SIBNATH BANERJEE: তবে তো আর কথাই নাই।) আর একটা pumpএ অতিরিক্ত ফসল হয় ১০০টন। (SJ. SIBNATH BANERJEE: Why don't you use Persian wheels ?) আমরা Persian wheels scheme এ বছর পরিত্যাগ করেছি, কারণ এটা লোকে নিতে চায় না। বোধ করি ইঁদারা থেকে জল তুলে লোক দিতে চায় না বলেই Persian wheelsএর চাহিদা তেমন নাই। কিন্তু দোণের বেলায় খুব ফল পেয়েছি। এবার আমরা ৫,০০০ দোণ দিয়েছি। এক একটা দোণে প্রায় দু একর জমিতে জল দিতে পারে এবং অতিরিক্ত ফসল পাওয়া যাবে প্রায় ৪ টন। দোণ খুব সস্তাতে হয় সেইজন্য লোকে নিচ্ছেও খুব।

এবার আমি, অনেকে যে বলেন "পতিত জমি উদ্ধার করতে হবে—waste land reclaim করতে হবে" সেই সম্বন্ধে বলছি। এ সম্বন্ধে আমরা প্রথমে যে স্কীম্ করেছিলাম সেইটে ধরে কাজ করতে গেলে অনেক হাঙ্গামা, তাতে এতটা বেশী খরচ পড়বে যে সে খরচটা ঐ সব উদ্ধার করা জমি থেকে একেবারে অসম্ভব না হলেও কতকালে যে সম্ভব হবে তা বলা যায় না। সুতরাং আমাদের বহু ব্যয়সাধ্য scheme পরিত্যাগ করে অল্প ব্যয়ে ছোট ছোট স্কীমের কাজ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তদনুসারে আমাদের নিজেদের যে tractorগুলি আছে তারই সাহায্যে যতটা সম্ভব কাজ সুরু করা হয়েছে। ১৯৪৯-৫০ সালে আমাদের ১০টী মাত্র tractors ছিল। সেই ১০টী tractorsএর ৪টী জলপাইগুড়ি জেলায়, দুটো মালদা জেলায়, দুটো নদীয়া জেলায় আর দুটো বর্দ্ধমানে দেয়া হয়। ঐ ৪টী জেলায় যে ১০টী tractors দেয়া হয়েছিল তার মধ্যে জলপাইগুড়িকে দেয়া ৪টের দুটো tractor সম্পূর্ণরূপে কাটাপুকুরী এবং তালমার refugee colonyর চাষের কাজের জন্য ব্যবহৃত হয়েছে। এই tractor দুটো না দিলে সেখানকার উদ্ধার করা জমিগুলিতে চাষ না হয়ে পতিতই পড়ে থাকত। মালদাকে যে দুটো tractor দেয়া হয়েছে তার মধ্যে ১টা চাষের কাজের জন্য আর একটা reclamation of landএর জন্য দেয়া হয়েছে। নদীয়ার দুটোর একটা এতকাল ভগ্ন অবস্থায় ছিল, সম্প্রতি repair করে পাঠান হয়েছে। কাজেই মাত্র ৫টী tractor ১৯৪৯-৫০ সালে এই reclamationএর কাজে ব্যবহৃত হয়েছে। ৫টী tractorsএর capacity যেখানে ২৫ হাজার একর, সেখানে আমাদের গত ফেব্রুয়ারী মাস পর্য্যন্ত ২,২৪০ একর পতিত জমি উদ্ধারের কাজ হয়েছে। এছাড়া ব্যক্তিগত প্রচেষ্টার ফলেও প্রায় ৭,০০০ একর পতিত জমি চাষযোগ্য হয়েছে।

এবারে আমরা reclamation কাজের জন্য ২০টী tractors আনাবো ঠিক করেছি এবং তদ্বারা প্রায় ১৫,০০০ একর অতিরিক্ত জমি চাষযোগ্য করতে পারা যাবে।

আমাদের মত এখানকার সদস্যদেরও অনেকের হয়ত অভিজ্ঞতা আছে যে কৃষি বিভাগ হতে যে বীজ supply করা হয় সেগুলি সাধারণতঃই বেশ উন্নত ধরণের। যদিও বাংলা বিভাগের পর আমাদের seedmultiplication farm বড় একটা ছিল না, খুব বড় ধরণের না হলেও আমরা এমি, মধ্যে কয়েকটী farm উন্নত ধরণের বীজ উৎপাদনের জন্য বর্দ্ধমান, মেদিনীপুর, মালদা, রামপুরহাট, জলপাইগুড়ি ও ক্যানিংএ করবার

আয়োজন করেছি। তার মধ্যে বর্দ্ধমানের farmটার আংশিক জমি বিভাগের আগেই acquire করা হয়েছিল, বাকিটাও সম্প্রতি আমাদের দখলে এসেছে। বর্দ্ধমান farmএ বর্গাপ্রথায় চাষ করিয়ে ৩,০০০ মণ বীজ ধান উৎপন্ন হয়েছে এবং কিছু গমের বীজও পাওয়া গেছে। এগুলো খারিফ ঋতুর উৎপন্নের হিসাব। আবার রবি seasonএ প্রায় ৩৮ একর জমিতে আলু ও গম প্রভৃতি দেয়া হয়েছিল। এই farmটিকে সম্পূর্ণ mechanised প্রণালীতে চালানো হবে এবং সেজন্য যাকিছু কলকব্জা machineryর প্রয়োজন তা সব কেনা হয়ে গেছে। মালদার farmটিতে small scaleএ কাজ আরম্ভ হয়েছে, এমন কি কিছু কিছু রবি ফসল সেখানে এরি মধ্যে উৎপন্নও হয়েছে। মেদিনীপুর, রামপুরহাট, জলপাইগুড়ি ও ক্যানিংএর farmগুলির জন্য জায়গা আমাদের দেখা হয়ে গেছে, এবং জায়গাগুলি acquire করার বন্দোবস্ত করা হচ্ছে।

দার্জিলিং জেলার রংপুলে আমাদের যে farm আছে সেখানে খুব ভাল আলুর বীজ তৈরী হয়। গেলো seasonএ এই farm থেকে ২০০ মণ আলুর বীজ পাওয়া গেছে। এবং আশা করা যায় আগামী seasonএ আমরা এখান থেকে ৩,৫০০ মণ আলুর বীজ supply করতে পারব। এখানকার বীজগুলি হচ্ছে disease-free seeds. আপনারা হয়ত জানেন যে গভর্ণমেণ্টের cold storageএ সংরক্ষণের ফলে আলুর বীজগুলি খুব ভালো থাকে। গেলো বছরে ৭,২০০ মণ বীজ আমাদের cold storageএ সংরক্ষিত ও চাষীদের কাছে বিক্রীত হয়েছে। এবছরে আমরা আশা করছি ১৫,০০০ মণ বীজ আমরা সংরক্ষণ করতে পারব এবং চাহিদা মতন চাষীদের দিতে পারব।

সারের ব্যবহার সম্বন্ধে আমাদের দেশে মতদ্বৈধ আছে। কেউ কেউ বলেন রাসায়নিক সার ভালো, আবার কারো কারো মতে ওটা ভালো নয়, compost সারই ব্যবহার করা উচিত। আমি আগেই বলেছি দুর্মূল্যতার দরুণ আমাদের বিভাগ থেকে chemical fertilisers এবং bonemeal বিতরণ কমিয়ে দিয়ে দেশীয় সারের ব্যবহার বাড়ানোর চেষ্টা চলেছে। এখানে আমরা রাসায়নিক সার ও bonemeal প্রভৃতি বিতরণের ১৯৪৮-৪৯ সাল ও ১৯৪৯-৫০ সালের একটা হিসেব আপনাদের দিচ্ছি।

Ammonium sulphateএর দাম বাড়ছে, ভারত গভর্ণমেণ্ট যে subsidy দিতেন সেটা সম্প্রতি বন্ধ করে দিয়েছেন এবং Ammonium sulphate ও অন্যান্য রাসায়নিক সার ১৯৪৮-৪৯ সালের তুলনায় এ বছর বেশী বিক্রয় হয়নি। আমি একটা figure বলে দিচ্ছি। Ammonium sulphate ১৯৪৮-৪৯ সালে বিক্রয় হয়েছে ৭,৫২৪ টন, এ বছর বিক্রয় হয়েছে ৫,৩৬২ টন। Ammonium phosphate ১৯৪৮-৪৯ সালে বিক্রয় হয়েছে ১৩৪$\frac{১}{২}$ টন, এ বছর বিক্রয় হয়েছে ২২৯ টন। Super phosphate ১৯৪৮-৪৯ সালে কিছুই বিক্রয় হয়নি, এ বছর হয়েছে ১১১ টন। Bonemeal—আপনারা জানেন, বাংলা দেশের বহু জায়গায়, ভাগাড়ে, আনাচে কানাচে এই হাড়গুলি পড়ে থাকে। বাঁশবেড়েতে একটা bonemeal factory আছে, সেখানে বহু লোক আছেন যারা এই সমস্ত হাড় কুড়িয়ে সংগ্রহ করে নিয়ে যান। সেখানে দুটী bonemeal crusher আছে। সেখানে তাঁরা gelatineও তৈরী করেন, সুতরাং bonemeal বেশী বিক্রয় করতে পারেন না, এবং তার ফলে bonemealএর দাম বেশী বেড়ে গিয়েছে। আমরা এখন বেশী পরিমাণ subsidyও দিতে পারছি না। গত বছর ৩,৩১২ টন bonemeal বিক্রয় হয়েছে, এ বছর বিক্রয় হয়েছে মাত্র ১,৩৩২ টন্। আর একটা কথা বলে রাখি, আমরা খুব চেষ্টা করছি গ্রামের ভিতর এই সমস্ত হাড় সংগ্রহ করে একটা মিল তৈরী করতে। আমরা দু-চারটা জায়গায় খুব ভাল ফল পেয়েছি। তাঁরা সেখানে হাড় কুড়িয়ে দিচ্ছেন। একটা কুসংস্কার আছে যার জন্য অনেকে হাড় ছুঁতে চান না, কিন্তু তা সত্ত্বেও বহু লোক আছেন, যাঁরা হাড় কুড়িয়ে দিচ্ছেন। হাড় কুড়িয়ে নিয়ে সেগুলি নিজেরাই গুড়া করছেন, এবং তাঁদের জমিতে দিচ্ছেন, এতে খুব ভাল ফল পাওয়া গেছে।

আমরা বাঙালী--সরষের তেল খাই ও খৈল জমিতে দিয়ে থাকি। সরষে এখানে খুব কমই উৎপন্ন হয়, ফলে বাইরে থেকে খৈল আমদানী করতে হয়। Oilcake একটা মস্ত বড় প্রয়োজনীয় জিনিষ। আমরা গরুকে খাওয়াই এবং জমিতে দিতে চাই। গত বছর আমরা খৈল বিক্রয় করেছি ৪,১৭৮ টন আর এ বছর মাত্র ২,৭২৪ টন। যাই হোক, আমাদের দেশে রাসায়নিক সারের ব্যবহার খুব বেশী নেই।

পরীক্ষা করে দেখা গিয়াছে যে, গ্রাম্য compost রাসায়নিক সারের চেয়ে অনেক ভাল। বিভিন্ন জায়গায় গ্রাম্য compost তৈরীর উদ্দেশ্যে তাঁরা খুব ভাল কাজ করছেন। তাঁদের উৎসাহ দেবার জন্য ১০৲ টাকা, ১৫৲ টাকা করে কতকগুলি prize দেবার ব্যবস্থা হয়েছে, এবং তাতে লোকের খুব উৎসাহ দেখা যাচ্ছে। আমাদের এ বছর ৩১ শে জানুয়ারী পর্য্যন্ত ৮৪ হাজার টন গ্রাম্য কম্পোষ্ট সার তৈরী হয়েছে এবং সেটা ব্যবহার করতে পারছি। আমি কতকগুলি নাম দিচ্ছি যাঁরা যতখানি কম্পোষ্ট সার প্রস্তুত করেছেন।

প্রথমেই হচ্ছে Dr. S. Goswami, Nabadwip (Nadia)—তিনি ৩০০ টন compost সার করেছেন। Sri Manindra Nath Chakravarty, Sibpur (Nadia)—তিনি ২৪০ টন করেছেন। Tehatta Union এর President ২৪০ টন, Burdwanএর Janab Kaminazzaman Sheikh ১২২ টন। Janab Abdul Gaffer, Raykha, police-station Ketugram (Burdwan) ৭৮ টন। Sri Kamini Kumar Debnath, Bidyanagar, police-station Purbasthli (Burdwan) ৭৫ টন। Sri Sukhakar Chatterjee, Dhitipur, police-station Purbasthali (Burdwan) ৭৪ টন। Sri Mohan Thakur, Kanda, police-station Ketugram (Burdwan) ৭২ টন। Sri Banagopal Chowdhury of Aidagram, police station Katwa (Burdwan) ৭২ টন। Sri Panchanan Mondal of Palaspur, police-station Contai (Midnapore) ৬৮ টন। Srikanta Multipurpose Society of Burdwan District ৬৬ টন। সহরে এবং মিউনিসিপালিটিতে কম্পোষ্ট সার প্রস্তুত করবার জন্য চেষ্টা করছেন, এবং তাঁরা এক টন্ করলে পরে আমরা তাদের subsidy হিসাবে দেড় টাকা দিয়ে থাকি। এই রকমভাবে town compost প্রচুর পরিমাণে তৈরী হচ্ছে এবং তা ব্যবহার করে খুব ভাল ফল পেয়েছি। যাঁরা একশ টন বা তদূর্দ্ধ এই কম্পোষ্ট সার ব্যবহার করেছেন তাঁদের নাম দিচ্ছি।

নাম।	পরিমাণ।
	টন।
শ্রীনিলমনী সামন্ত, নোয়াপাড়া, কলিকাতা সেণ্টার	৩৭৫
বেলুর মঠ, বেলগাছিয়া, হাওড়া মিউনিসিপ্যালিটি	২৫০
শ্রীসতীশ চন্দ্র দাস গুপ্ত, খাদি প্রতিষ্ঠান, পাণিহাটি মিউনিসিপ্যালিটি	১২৫
শ্রীকৃষ্ণদাস মণ্ডল, হাওড়া মিউনিসিপ্যালিটি	১০০
শ্রীবসন্ত বেরা, কলিকাতা সেণ্টার	১০০
শ্রীকালা চাঁদ প্রধান, কলিকাতা সেণ্টার	১০০
শ্রীবিপিন চন্দ্র দাস, কলিকাতা সেণ্টার	১০০

তারপরে আমরা চার হাজার টন স্লাজ (sludge) ফেব্রুয়ারী পর্যন্ত বিতরণ করেছি যদিও আমাদের ইচ্ছা ছিল ১০ হাজার টন। গত বছর আমরা মাত্র ২,৯৯২ টন কম্পোষ্ট বিতরণ করেছি। এইভাবে যদি আমরা কাজ করে যেতে পারি তাহলে ফল যে খুব ভাল হবে তাতে কোন সন্দেহ নেই।

যাঁরা বেশী পরিমাণে উপরোক্ত সার ব্যবহার করেন তাঁদের নাম বলছি।

নাম।	পরিমাণ।
	টন।
মুরাকালি ফার্ম, পিডনি (মেদিনীপুর)	৩৮৬
লোকো ওয়ার্কসপ্, চিত্তরঞ্জন	২০১
শ্রী এন্ পাঁজা, সামপুর রোড্ (বাঁকুড়া), বি-ডি-আর	৭৫
শ্রীআশুতোষ সিং, সাতবাঁকড়া (মেদিনীপুর)	৪০
শ্রীরাজকুমার সিং, চন্দ্রকোণা, (মেদিনীপুর)	২,০০০ টনের

indent place করেছেন। আমরা প্রত্যহ তাঁদের দুই wagon করে পাঠাচ্ছি। কাজে কাজেই sludge খুব বেশী বিক্রয় হচ্ছে।

আমরা Calcutta sludge ব্যবহারের জন্য, একটা scheme করে ধাপা railway lineটাকে বাড়িয়ে Banpur ডিপো পর্যন্ত নিয়ে যাওয়ার ব্যবস্থা করছি। এবং আশা করা যাচ্ছে যে, এর কাজ আগামী বর্ষাকালের মধ্যেই শেষ হয়ে যাবে। এর জন্য ৪,৭৫,০০০ টাকা খরচ করা হবে। এই scheme সফল হলে পর আমরা বছরে ৪০,০০০ টন sludge দিতে পারব, এবং যেখানে ১৫।০ দাম আছে সেখানে আমরা ৯৲ টাকায় দিতে পারব।

আর একটা জিনিষ—কলকাতায় যে সমস্ত খাটাল আছে সেখান থেকে আমরা গোবরগুলি নিয়ে ১৯৪৮-৪৯ সালে ৪৫০ টন গোবর দিয়েছি এবং এ বছর ফেব্রুয়ারী মাসের শেষ পর্যন্ত ৪৫০ টন দেওয়া হয়েছে। একজি কিনা

পয়সাতেই চাষীদের দেওয়া হচ্ছে; শুধু নিয়ে যাওয়ার যা খরচ তাই নেওয়া হচ্ছে। (Sj. SIBNATH BANERJEE: বিনাপয়সায় দিচ্ছেন?) হাঁ, বিনা পয়সাতেই দেওয়া হচ্ছে, শুধু নিয়ে যাওয়ার গাড়ী ভাড়া নেওয়া হচ্ছে। এই সমস্ত ধাটাতে গোবরগুলি ভালভাবে রাখবার জন্য ১২টা vat তৈরী হয়েছে এবং তাতে ৫,২০০্ টাকা খরচ পড়েছে। এর খরচ অর্দ্ধেক Calcutta Corporation ও অপর অর্দ্ধেক Government দিচ্ছেন। আমাদের একটা plant protection scheme আছে। সেটা খুব ভাল। এ বছরে ১০,৬২১ একর জমিতে insect pest তাড়াবার ব্যবস্থা হয়েছে এবং এতে করে ৭০০ টন চাল আমরা save করতে পেরেছি।

Sj. SIBNATH BANERJEE: মন্ত্রীমহাশয় compost সম্বন্ধে এখানে দীর্ঘ বক্তৃতা না দিয়ে রেডিওতে দিলে ভাল হয়। Compost-এর বিষয় আমরা ভাল করে জানি।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: শিবনাথ বাবুকে একটা খবর দিচ্ছি। আমরা শুধু compost যে ভাল তৈরী করে তাকেই যে prize দিচ্ছি, তা নয়, বেশী করে ভাল ধান যারা ফলাতে পারবে, আমরা তাদের জন্যও prize দেবার ব্যবস্থা করেছি।

কিছুদিন থেকে অভিযোগ আসছিল লোহা এবং সিমেণ্ট চাষীরা বেশী পাচ্ছে না। আমরা সেগুল দেবার ব্যবস্থা করেছি। গত ১৯৪৮-৪৯ সালে আমরা ১,৪০০ টন লোহা তাদের দিয়েছিলাম। কিন্তু এ বছর ৩,৪০০ টন লোহা আমরা চাষীদের দিচ্ছি এবং সিমেণ্টও ৫০০ টন দিচ্ছি।

আমাদের বিভাগ থেকে sweet potato vines বিনামূল্যে চাষীদের বিতরণ করা হয়েছে।

এই হ'ল আমাদের Grow More Food-এর মোটামুটি হিসাব।

এর আগের দিন শিবনাথ বাবু কৃষি বিভাগের details শোনবার জন্য বড় ব্যস্ত হয়েছিলেন। কিন্তু আজ যখন ব'লতে আরম্ভ করলাম, তখন দেখছি তাঁর আর ধৈর্য্য নাই।

Sj. SIBNATH BANERJEE: আমি চাচ্ছি বাংলাদেশের অন্যলোকেও এই বক্তৃতা শুনুক। কাজেই রেডিওতে দিয়ে বললে ভাল হবে।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: এখন আমি পাট সম্বন্ধে বলবো। কেন না অনেকের এ বিষয়ে খুব আগ্রহ আছে শোনবার। পাটের restriction যখন ছিল, তখন এর জন্য আইনেরও দরকার হয়েছিল। গত ১৯৪৭ সালে মাত্র ২২৯,১০০ একর জমিতে পাট উৎপন্ন হয়েছিল, আর ১৯৪৯ সালে ৪৫৭,০০০ একর জমিতে পাট হয়েছে। এ বছরে পাটের চাষ আরও আমরা বাড়াবো। এমন কি প্রয়োজন হ'লে আউশ ধানের জমিকে পাটের জমিতে পরিণত করবো। এ বিষয়ে আগেও বলেছিলাম। তার জন্য ভারত গভর্ণমেণ্ট প্রতিশ্রুতি দিয়েছেন যে, যে পরিমাণ আউশের জমিতে পাট করবো তার দরুণ আউশ যেটা কম হবে, সেটা ভারত গভর্ণমেণ্ট পূরণ করে দেবেন এবং পুকুর কাটিয়ে পাট পচাবার জন্য যা খরচ হবে, সেগুলোও ভারত গভর্ণমেণ্ট বহন করবেন।

তারপর এবার আমরা আখের চাষ বাড়াবার চেষ্টা করবো। এটা বোধ হয় শিবনাথ বাবুর ভাল লাগবে। আখের ফলন গত বারে কিছু কম হয়েছে। ১৯৪৮-৪৯ সালে যেখানে ৬৫ হাজার একরে আখের চাষ হয়েছিল, সেখানে এ বছরে ১৯৪৯-৫০ সালে আখের চাষ হয়েছে ৫৮ হাজার একর জমিতে। চাষীরা জানতো না যে চিনির কণ্ট্রোল হবে ও গুড়ের দাম বাড়বে। আমরা চেষ্টা করছি যাতে কিছু বেশী করে গুড় তৈরী হয়। তার জন্য আমরা ১৯৪৮-৪৯ সালে ৫০টা crushers চাষীদের ভাড়া দিয়েছিলাম এবং এ বছর আরও ৫৫টা crushers লোকদের দিচ্ছি।

আমাদের দেশে লম্বা আঁশওয়ালা তুলা যাতে হয়, তার জন্য আমরা পরীক্ষা করছি।

আম, লিচু ও citrus plant যাতে বাড়ে, তার জন্য কৃষ্ণনগর Horticulture Research Station থেকে সেগুলো বিতরণ করা হচ্ছে। তাতে ভাল কাজ হচ্ছে। এছাড়া এ বছর অনেক banana suckers দিচ্ছি এবং আনারস ও পেঁপে seedlings-ও বিতরণ করা হচ্ছে।

কৃষিকার্য্যের প্রসারের জন্য আমাদের প্রত্যেক থানায় একজন করে Demonstrator আছে, প্রত্যেক থানায় একজন করে Inspector আছে এবং প্রত্যেক ইউনিয়নে একজন করে Agricultural Assistant আছে।

আমাদের গবেষণার কাজ আগে ঢাকায় হ'ত, এখন চুঁচুড়ায় কিছু কাজ হচ্ছে; বাঁকুড়া ও বহরমপুর ফার্মেও কিছু কিছু কাজ হ'চ্ছে। Agricultural Chemist-এর কাজ এখন Presidency College-এ

হচ্ছে এবং Laboratoryর কাজ Bose Instituteএ হচ্ছে। তবে আমরা চেষ্টা করছি ক'লকাতায় একটা বাড়ী ভাড়া নেবার জন্য যাতে সেখানে কৃষি-গবেষণার সমস্ত শাখার কাজ সুষ্ঠুভাবে হতে পারে। আমাদের পরিকল্পনা ছিল হরিণঘাটাতে একটা Agricultural College করবো। কিন্তু তাতে এত বেশী টাকার দরকার যে তত টাকা আমাদের নাই। ভারত গভর্ণমেন্টও সেই টাকা দিতে পারছে না বলে সে পরিকল্পনাটা বন্ধ আছে।

যে সমস্ত পোকা মাকড়ে ধান, আখ, আম প্রভৃতি শস্যাদি বিনষ্ট ক'রে, তার প্রতিকারকল্পে Entomological Section ও Mycological Sectionএ খুব ভাল কাজ হচ্ছে। চুঁচুড়াতে এই কাজ হচ্ছে।

অন্য প্রদেশের তুলনায় আমাদের পশ্চিমবঙ্গের Marketing organisationটা খুবই ছোট। আস্তে আস্তে এটাকে বড় করবার চেষ্টা আমরা করছি। তথ্যাদি অনুসন্ধান, খবরাখবর সংগ্রহ ও survey ইত্যাদি করার কাজে Marketing Officerরা ভাল কাজ করছেন।

তারপর হচ্ছে আমাদের হরিণঘাটা পরিকল্পনা। এই হরিণঘাটা সম্বন্ধে অনেকে অনেক রকম সত্য-মিথ্যা গুজব শুনেছেন। সে সম্বন্ধে সংক্ষেপে কিছু বলতে চাই। ১৯৪৫ সাল থেকে এই হরিণঘাটা scheme আরম্ভ হয়েছে। এর মধ্যে অনেক কিছু ব্যাপার হয়েছে, অনেক কিছু ঘটেছে। সেখানে যাতে আমরা ভাল কাজ পেতে পারি, তার জন্য চেষ্টা করছি। পাঁচশো গরু-মহিষ সেখানে রাখবার ব্যবস্থা হয়েছে। বর্তমানে আমাদের ১৪২টা গরু ও ১৩৬টা মহিষ সেখানে আছে। আমাদের আগে হচ্ছিল ১৫ থেকে ১৬ মণ দুধ, আর এখন সেখানে প্রতিদিন ৫০ মণ করে দুধ হচ্ছে। দুধ খুব ভাল হচ্ছে। কি বলবো, যেসব হাসপাতালে আমরা দুধ দেই, তার কোন কোন হাসপাতাল থেকে খবর পেয়েছি যে সেই দুধে কিছু জল মিশিয়ে না দিলে রোগীরা সেটা ঠিক হজম করতে পারছে না। আমাদের বিভাগে সব দিক দিয়েই ভাল concentrated work হচ্ছে। গরু breed খুব ভাল হচ্ছে। এই breedingএর কাজ বেলডাঙ্গা অঞ্চলে ও হুগলী জেলার কোন কোন অঞ্চলে এখন হচ্ছে। আপনারা সেসব দেখলে খুব আনন্দ পাবেন। গরুর দুধ যেখানে তিন পোয়া এক সের ছিল, সেখানে এখন তিন সের, চার সের হয়ে গেছে, কোন কোন জায়গায় ছ'সের পর্যন্ত হয়ে গেছে।

হরিণঘাটাতে আমার মনে হয় পাঁচশো গরু-মহিষ আনতে পারবো। সেখানে আমাদের আশপাশের গ্রাম থেকে দুধ সংগ্রহ করে' tone-up করে বিলি করার ব্যবস্থা করবো। বোম্বেতে যেমন করেছে কলিকাতা সহরেও আমরা সেই রকম একটা milk scheme কার্যকরী করতে পারবো। এ বাদে ভাল ভাল মুরগী ও হাঁস রাখা হয়েছে।

হরিণঘাটায় যদি আপনারা যান তাহলে দেখতে পাবেন এবং আমি আশা করি দেখে আপনারা খুশীও হবেন যে সেখানে আমাদের মুর্গীর ডিমগুলি লোকেরা কি রকম আগ্রহ সহকারে নিয়ে যায়। তাছাড়া হরিণঘাটায় আমাদের যে সমস্ত জমি আছে তাতে আমরা fodderও তৈরী করাচ্ছি, ধানও সেখানে আমরা করিয়েছি এবং সে ধান খুব ভালো হয়েছে, সে ধান বীজের জন্য রাখা হবে।

উপসংহারে আমি আশা করি আমার প্রদত্ত বিবরণ শুনে মাননীয় সদস্য মহাশয়েরা, বিশেষ করে শিবনাথ বাবু, বুঝতে পেরেছেন যে আমাদের এই কৃষিবিভাগের কাজটাকে অগ্রসর করে নিতে, নানা অসুবিধা সত্ত্বেও আমরা চেষ্টার কিছু ত্রুটী করিনি। কাজে কাজেই আমি যে সামান্য টাকাটা চেয়েছি ২,৬১,৫৮,০০০ টাকা এটা মঞ্জুর করতে নিশ্চয়ই আপনারা কার্পণ্য করবেন না।

Sj. SIBNATH BANERJEE: Sir, I beg to move that the demand of Rs. 2,61,58,000 for expenditure under the heads "40—Agriculture" and "71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

I move this to raise a discussion about the policy and practice of the department.

Janab MUDASSIR HOSSAIN: Sir, I beg to move that the demand of Rs. 2,61,58,000 for expenditure under the heads "40—Agriculture" and "71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

I move this to raise a discussion about the inefficiency of the department.

Sj. SIBNATH BANERJEE: মাননীয় স্পীকার মহোদয়, গতবার agriculture সম্বন্ধে যখন বলেছিলাম যে এটার উন্নতি চাই, তখন বিভাগটার মন্ত্রী ছিলেন পাঁজা মহাশয়। এবার শ্রীযুক্ত সেন মহাশয় সম্মুখ সমরে এসে গেছেন।

প্রথমেই মন্ত্রীমহাশয় যে কথাটা বলেছেন, বাংলাদেশকে খাদ্যসম্বন্ধে স্বয়ংসম্পূর্ণ হতে হবে, সে কথাটা ভুল। কারণ ওঁরা নিজেরাই স্বীকার করেছেন,—Central Governmentএর কাছে গিয়েছেন এবং দাবী করেছেন "আমরা পাট যে অতিরিক্ত তৈরী করেছি তার বদলে চাল দাও"। এবং আমি বলবো সেইটাই হওয়া উচিত। এই বাংলা দেশের যে পাট ও পাটজাত শিল্প সেই শিল্পের দ্বারা ৩৩ per cent. ডলার আয় হয়। অতএব খাদ্যসম্বন্ধে স্বয়ংসম্পূর্ণ না হলেও যাতে করে দেশের ঐশ্বর্য্য বাড়ছে সেদিকে যদি আমরা দৃষ্টি দিই তাহলে অন্যায় হয় না। যখন বাংলা দেশ দুভাগ হয়নি তখনকার সঙ্গে আজকের যদি তুলনা করা যায় তাহলে দেখা যাবে শতকরা ৮০টা শ্রমশিল্প পশ্চিম বাংলায় রয়ে গেছে। ইংলণ্ডেও তাদের দেশের লোকের সম্পূর্ণ খাদ্য উৎপন্ন হয় না। লড়াইয়ের সময় অনেক বৈজ্ঞানিক মিলে চেষ্টা করেও সব লোকের উপযোগী খাদ্য সেখানে উৎপন্ন করতে পারে নাই। তারা industrial জিনিষ তৈরী করেছে, কয়লা উত্তোলন করেছে, করে সেই সব জিনিষ বিক্রয় করে তাদের প্রয়োজনীয় খাদ্য সংস্থান করেছে। বাংলা দেশকে যে কোন রকমে খাদ্যসম্বন্ধে স্বয়ংসম্পূর্ণ হতে হবে, এই theory ঠিক নয় বলেই আমি মনে করি। কিন্তু আমাদের খাদ্যসম্বন্ধে স্বয়ংসম্পূর্ণ হতে হবে গোড়াতেই এটা না করে সেণ্টারের সঙ্গে বন্দোবস্তের চেষ্টা করেছেন যে পাট করবার যে ক্ষতি হবে ধানের দিকে সেটা অন্যান্য জায়গা থেকে এনে তাঁরা দেবেন। আমার বিশ্বাস আমাদের যতটুকু জমি আছে তাতে যদি ভালো করে চাষের বন্দোবস্ত করা যায় তাহলে প্রদেশের যতটা খাদ্যের প্রয়োজন তা মিটতে পারে।

অনেক কথাই মন্ত্রীমহাশয় বলেছেন কিন্তু প্রধান যে কথাটা যেটা কার্য্যে পরিণত হলে নাকি সত্য সত্যই grow more food এর moveটা অতি সহজেই সফল হতে পারে সে দিকটার কথা তিনি উল্লেখই করেন নাই। সেটা হচ্ছে, গতবার আমি যে বলেছিলাম যদি সত্যই বেশী শস্য উৎপাদন করতে হয় তাহলে জমির মালিক এদেশের কৃষকদেরই করতে হবে। লাঙ্গল যার জমি তার এই নীতিটা মেনে নিয়ে abolition of landlordism করে জমির প্রকৃত মালিক চাষীদের করতে হবে। এবং co-operative basisএ collective firming এর সুযোগ দিতে হবে। তবেই কৃষকেরা রাজী হবে বেশী উৎপাদন করতে। গতবারে আমার এই প্রস্তাব সম্বন্ধে উত্তর পাঁজা মহাশয় দেন নি, এবারে সেন মহাশয়ও কিছু দিলেন না। এবং খাদ্যসম্বন্ধে বলতে গিয়ে বেশী খাদ্য উৎপাদনের প্রধান factor যেটা সেটারই আলোচনা তিনি করেন নাই। দুবছর ধরে চেষ্টা করে দুশো একর বাড়ানো হয়েছে, বা সংস্কার করা হয়েছে, বা আট হাজার একরে compost সার বা উন্নত বীজ দেয়া হয়েছে এই সব কথা মন্ত্রীমহাশয়ের বক্তৃতাতে বলা হয়েছে; কিন্তু সমস্ত বাংলা দেশের চাষীরা যে উদগ্রীব হয়ে আছে যে সমস্ত জমির মালিক তারা কবে হবে, সেই কথাটা বলে দিয়ে কৃষকদের ভিতর যে প্রেরণাটা আনা দরকার সে সম্বন্ধে সেন মহাশয় নিরব। তেভাগা Ordinanceও যা নাকি ওরা করেছেন যেটায় ওঁরা স্বীকার করেছেন যে তিনভাগের দুভাগ তারা পাবে যা নাকি চাষীদের অনেক মারামারি, লড়াই, ও জেলে যাওয়ার ফলে হয়েছে সেটাও ওঁরা প্রদেশের সর্বত্র প্রচলন করেন নাই।

The Hon'ble BIMAL CHANDRA SINHA: Sir, if I may interrupt the honourable member for a second and say that the Act has been made applicable all over Bengal without any discrimination, and that Act has been passed by this House.

Sj. SIBNATH BANERJEE: গভর্ণমেণ্ট সমস্ত বছর ঘুমিয়ে থেকে মাত্র ১৫ দিন আগে এটা করেছেন। (Sj. SUSHIL KUMAR BANERJEE: আপনি তো সেটা পাশ হওয়ার সময় oppose করেছিলেন।) আপনি ঘুমিয়ে আছেন বা স্বপ্ন দেখছেন। আমি বলেছিলাম জমি কৃষকদের দেয়া হোক। তা যদি না দেয়া হয় তো তিনভাগের দুভাগ তাদের দেয়া হোক। জমির স্বত্ব, জমির উপর অধিকার কৃষকদের না দিলে এই সমস্ত বাইরের জোড়া-তালিতে ভিতর থেকে প্রেরণা আসে না। লাঙ্গল যার জমি তার এই নীতি অবলম্বন করা এই গভর্ণমেণ্টের দ্বারা হবে বলে ভরসা পাওয়া যাচ্ছে না।

আমি সংক্ষেপে একটা বলছি, যখন তখন আমাদের শুধু বলা হয় যে তোমরা destructive criticism কর, যেহেতু আমরা গভর্ণমেণ্টের সমালোচনা করি। কিন্তু এখানে আমি বলতে চাই আমাদের কৃষক পঞ্চায়েতের

তরফ থেকে যে programme নেওয়া হয়েছে সমস্ত ভারতের, বাংলা দেশেও তার মধ্যে আছে শুধু খাদ্যসম্বন্ধে স্বয়ংসম্পূর্ণই নয় surplus হবে বিদেশে তা export করা হবে। ৬টা programme দেয়া হয়েছে মন্ত্রীমহাশয়ের অবগতির জন্য আমি এখানে বলছি।

Land to the tiller by immediate decree, যারা জমি চাষ করে তাদেরই সে জমি দিতে হবে। তার পরে হচ্ছে land army for the uncultivated tracts, যে সব জমি চাষ হচ্ছে না সেগুলির জন্য একটা কৃষি ফৌজ তৈরী করা, 3rd হচ্ছে industrialisation through small unit industries. যেমন নাকি Tennessee Valley, Damodar Valley বা Sindre Project প্রভৃতি বড় বড় আয়োজনের ভিতর দিয়ে হয়, যা নাকি বহু অর্থ ও সময়সাপেক্ষ সেদিক দিয়ে না গিয়েও ছোট ছোট প্রচেষ্টা দ্বারা যাতে কৃষকদের প্রয়োজনীয় দ্রব্য সরবরাহ করা যায় তার চেষ্টা করা।

তারপরে হচ্ছে redistribution of land; প্রত্যেক কৃষক যাতে ২০ বিঘা করে জমি পায় সেইটার ব্যবস্থা করে collective firming co-operative wayতে start করতে হবে। তারপরে আর একটা জিনিষ এখানে agriculture. এর কথায় বলা হচ্ছে দাম কমে যাচ্ছে অথচ আমাদের কিনতে হচ্ছে বেশী দামে। গভর্ণমেণ্ট কিনছেন কম দামে industrial products বা তার সঙ্গে একটা relation থাকা চাই agricultural productsএর। সব দেশেই দেখা যাচ্ছে industryর চাপে agriculture মরে যাচ্ছে। সাড়ে সাত টাকায় শ্রীপ্রফুল্ল সেন মহাশয় যাদের উৎপন্ন ফসল কেনেন তাদের কাপড় চোপড় প্রভৃতি এবং লৌহজাত যে সমস্ত জিনিষ কিনিতে হয় তার দাম কমে নাই। সব কিছুরই ভারসাম্য থাকা দরকার। Industrial Countries—England বা America—যত সব undeveloped counrtyগুলিকে exploit করছে—agricultural countryর কৃষকদের তারা exploit করছে। এ সম্বন্ধে হিসাব করা কঠিন। (A Voice: আপনার পক্ষে অন্তত: নয়।) সেন মহাশয়ের পক্ষেও কঠিন হবে। Labourএ raw materialsএ কত খরচ হচ্ছে এ সম্বন্ধে যদি একটা parity না হয় তবে একটা ভারসাম্য হওয়া উচিৎ। বর্তমানে যা চলছে তা হচ্ছে—5 : 1 এই relation.

তারপরে হচ্ছে decentralisation. গ্রামে কৃষক পঞ্চায়েৎ থেকে সহরের প্রতিষ্ঠান, তারপরে প্রদেশ, তারপরে centre এই ভাবে decentralise হওয়া দরকার। মুখ থেকে প্রথমে গ্রামে যেতে হবে। আমি এটা জেনে সুখী হলাম যে প্রতি unionএ কৃষি সহকারী তাঁরা নিযুক্ত করেছেন। এটা যে একটা right directionএ move হয়েছে এ কথা স্বীকার অবশ্য করব। যে গ্রামে multipurpose society হয়েছে সে গ্রামের যাবতীয় ব্যবস্থা গ্রাম্য পঞ্চায়েতের হাতে ছেড়ে দিতে হবে। সেখানে গ্রামের জন্য যতটা খাদ্য দরকার তা কুলান হবে যদি surplus থাকে তবেই, সেন মহাশয় যদি requisition বা procure করতে যান, তারা দেবে। ধর্মগোলা হোক, বা co-operative shop বা store হোক সেখানে গ্রামের শস্য থাকবে এবং সেখান থেকে loan হিসেবে নিতে হবে। সমস্ত কাজ উৎপাদন, বণ্টন যা কিছু সব decentralise ভাবে করা দরকার। যদি সমস্ত ভারতের কৃষকদের উন্নত করতে হয় এ ছাড়া উপায় নাই। সেই জন্য সেন মহাশয়ের সহিত আমি মোটেই একমত নই। তিনি যা যা বলেছেন সেগুলি শুধু patchwork. যেখানে heart fail করছে heartএ blood pump করে দিতে পারছেনা সেখানে মলম লাগিয়ে কিছু হবে না। কৃষকদের landএর ownershipএর দরকার। সেটা যে পর্যন্ত কৃষকদের কাছে না যাচ্ছে সে পর্যন্ত কিছুই হবে না। Grow more food এর ব্যাপারে যখন বছরের শেষে হিসেব দেবেন তাতে দেখা যাবে যে ২০ বিঘা fallow landকে cultivate করেছেন। যেখানে নাকি দুগাভাষ গ্রাম, সেখানে দু তিন বিঘা পতিত জমি চাষ করাতে মাথার ঘাম পায়ে ফেলে কত জায়গায় সেন মহাশয়কে ছুটাছুটি করতে হয়েছে, এবং তাও এই resultএর জন্য। কিন্তু যদি জমিতে কৃষকদের মালিক করে দেন landএর ownership যদি তাদের দেন তাহলে ত কৃষকেরা আপনা থেকেই প্রেরণা পেয়ে দেশের চেহারা ফিরিয়ে দেবে। কিন্তু এরা ত তা করবেন না। জমির ownership দিতে ওঁরা কিছুতেই রাজী নন। ওঁরা যা যা করেছেন তা অবশ্য আমি approve করছি, কিন্তু মূল জায়গায় যা দিতে হবে। সেটা দিতে ওঁরা নারাজ। এ সম্বন্ধে অন্যান্য জায়গায়—মাদ্রাজে বিল এসেছে, অন্যান্য প্রদেশেও এসেছে, কিন্তু কোথাও কার্য্যকরী হয় নাই। তার কারণ সর্বত্রই জমিদারদের ক্ষতিপূরণ দিয়ে তবে landlordism abolition করা চলবে। কিন্তু কৃষকদের এত টাকা নাই যে মালিকদের টাকা দিয়ে জমি কিনে নেবে। তবু বলতে পারি অন্যত্র কিছু কিছু আয়োজন হয়েছে, কিন্তু এখানে কিছু করবার নাম নাই। সেন মহাশয় grow more food সম্বন্ধে বলতে গিয়েও

এ সম্বন্ধে কিছু উল্লেখ পর্য্যন্ত করেন নাই। গত বছর করেন নাই—এ বিভাগটা তাঁর হাতে ছিলনা, গাঁরা মহাশয়ের হাতে ছিল, উনি বৈজ্ঞানিক লোক হয়েও এ সম্বন্ধে যে কিছু উল্লেখমাত্র করেন নি তার মানে এ সম্বন্ধে কিছু স্বীকার করতে চান না।

আর একটা কথা হচ্ছে রাস্তা নিয়ে। আমাদের গ্রামে গ্রামে যে রাস্তা নাই সেই রাস্তা তৈরী করা সম্বন্ধে আমি বলতে চাই। এ সমস্ত কাজে গ্রামবাসীরা যদি প্রেরণা পায় তাহলে নিজেরাই করতে পারে। তার উদাহরণ আমাদের বাংলা দেশের কয়েক জায়গায় ঘটেছে। হাওড়ায় গ্রামের লোকেরা মিলে ১৩-১৪ মাইল রাস্তা নিজেরা মেরামত করে নিয়েছে। সেখানে কাজ প্রায় তারা শেষ করে এনেছে আর মাইল দুই মাত্র বাকি। সেই রকম ২৪-পরগণার পিয়ালী নামে একটা খাল কৃষকেরা নিজেরা কেটে অনেক জমি উদ্ধার করেছে। এই রকমভাবে land army যদি না হয় তাহলে যে শম্বুকগতিতে মন্ত্রীমহাশয়েরা চলেছেন তাতে একশো বছর কি হাজার বছর লাগবে সব জমির উন্নতি করতে তা বলা যায় না। যারা landless, যাদের কোন কাজ নাই তাদের এই রকম কাজে ডাকলে তারা সাড়া দেবে। কৃষক পঞ্চায়েতের নামে তারা যখন সাড়া দিচ্ছে তখন গভর্ণমেণ্টের ডাকে তারা নিশ্চয়ই সাড়া দেবে এবং পতিত জমি উদ্ধারের কাজটা সহজেই করতে পারবেন। (A VOICE. Compost সারের তো কোন সমালোচনা করলেন না।)

এবারে নানা বিষয়ে যে কথাগুলি মন্ত্রীমহাশয় বলেছেন সে সম্বন্ধে কিছু বলব। একজন বলেছেন compost সারসম্বন্ধে কিছু বলার জন্য; উনি compost সারসম্বন্ধে যে বলেছেন সেটা খুব ভাল জিনিষ, আমিও নিশ্চয়ই সে সম্বন্ধে একমত। তবে আমি বলতে চাই যে গোবর ব্যবহারে যতটা ফল পাওয়া যায়—জানি না out of order করে দেবেন কিনা,—তবে নরোবরে আরো বেশী ফল পাওয়া যেতে পারে (laughter) "নরোবর" দেয়া কত বড় চিচিজ্ঞা হয়েছে তা গ্রামের লোকদের দেখানো উচিত। আরো একটা দিক আছে গোবরের থাকতে পারে, কিন্তু "নরোবরের" আকাল কোথাও নাই। হাওড়া মিউনিসিপালিটির সুশীল বাবুকে দেখতে পাচ্ছিনে, সেখানে মেথরদের যে পয়সা municipal commissionersদের দিতে হয়, ঐ বাবদ সেটা শ্রীযুক্ত প্রফুল্ল সেন মহাশয় নিয়ে গেলে বিনা পয়সায় কাজটা আরো সহজে হবে। (Sj. SUSHIL KUMAR BANERJEE: শিবনাথ বাবু করলে হয়তো আরো সহজে হবে।) সুশীল বাবু রাজী না হতে পারেন, কিন্তু প্রফুল্ল বাবু নিশ্চয়ই করবেন। সেচের বৃদ্ধির দ্বারা যে ফলনের হিসাব ১৯৪৮-৪৯ ও ১৯৪৯-৫০ সালের তুলনামূলকভাবে দেখিয়েছেন সেটাও ঐ একই কথা। এই রকম slow processএ শম্বুকগতিতে কাজ করাটাই দেখছি ওঁরা নীতি হিসেবে গ্রহণ করার পক্ষপাতী। অথচ ওঁরা খাদ্য সম্বন্ধে ১৯৫১-৫২ সালের মধ্যেই স্বয়ংসম্পূর্ণ হতে চান।

আর একটা কথা না বলে পারছিনে সে হচ্ছে ওদের procurement সম্বন্ধে। ওঁরা ধান কেনেন ৭৷৷০ টাকা মণ দরে, এবং আমি বলতে পারি ১৷৷০ মণ ধানে একমন চাল হয় সে হিসেবে রেশনের চালের দাম ১১৲-১৪৲ টাকার বেশী হওয়া উচিত নয়।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN : এ বিষয়ে ২১শে তারিখে বলবেন।

Sj. SIBNATH BANERJEE : জানিনে ২১শে তারিখে কিসের demand আছে সেদিন নাও থাকতে পারি। সেই জন্য আজই একটু বলে রাখি। এই তো দেখুন না সেদিন পুলিশ বিভাগের বাজেটের আলোচনার দিন উপস্থিত থাকতে পারি নাই। কথাটা হচ্ছে এই ৭৷৷০ টাকা দরে ধান কিনে সেটায় কত টাকা মার্জিন রেখে আপনারা বেচতে চান? Central Government বলেছেন ৫৲ টাকা মার্জিন হলেই চলে। কিন্তু এখানে ৫৲ টাকার চেয়ে কেন বেশী রাখা হয়? সাড়ে সাত টাকা করে ধান কিনে publicএর কাছে বিক্রী করতে গিয়ে সেখানে কত টাকা margin মণ প্রতি আপনারা রাখতে চান? Central Government তো বলেছিলেন পাঁচ টাকা হলেই চলে। তার চেয়ে বেশী দরকার হয় কি? সেই ত যথেষ্ট। এমন একটা monopoly business, সাড়ে সাত টাকা মণ কিনে Government সেটা ১৬৲ টাকা, ১৮৲ টাকা দরে বিক্রী করে, তাতে লাভের কথা দূরে থাক তাদের লোকসান হয়। আগে হ'ত, লীগের আমলেও হয়েছে, আর এখনো হচ্ছে। এটা হবার তো কারণ নাই। এত margin থাকতেও লোকসান হয় কেন? সেটা আমাদের অকর্মন্যতার জন্য হচ্ছে, আজ দাম এত বেড়ে যাচ্ছে, তার কৈফিয়ৎ কে দিবে? কৃষকরা বলছে তোমরা যখন ঐ দামে চা'ল বিক্রী ক'রো, তখন অন্ততঃ ধানের দামটা ন'টাকা করে দেও, তাহ'লে আমাদের পোষায়। কারণ আমাদের অন্যান্য দ্রব্যশিল্প ও নিত্য-প্রয়োজনীয় জিনিষপত্রের দাম কমছে না। আমাদের কাছ থেকে যখন ধান কিনবে, তখন সাড়ে সাত টাকা ক'রে Government দেবে, আর যখন বিক্রী করবে, তখন চালের দাম সরকার

আমাদের কাছ থেকে ১৬৲ টাকা, ১৮৲ টাকা, ২০৲ টাকা, ২২৲ টাকা করে নিবে। এত margin কোন্ নীতি অনুসারে হবে? এটা নিশ্চয়ই red-tapism, officialদের অকর্মন্যতার ফলেই হচ্ছে। তাছাড়া আর কোন explanation ওদের থাকে না।

তারপর পাম্পের কথা বলেছেন। Pump অনেকগুলো আনা হয়েছে। Persian wheelএ খুব কাজ হয় না। জানি না কারণ কি। ভারতবর্ষের অন্যান্য জায়গায় Persian wheel চলছে, বোধ হয় পৃথিবীর সর্বত্র পাঁচশো বছর ধরে চলছে। (The Hon'ble BHUPATI MAZUMDER: বাংলায় চলছে না।) অথচ বাংলাদেশে সেটা কেন চলছে না, কেন তাতে কাজ পাওয়া যাচ্ছে না? তাঁরা সেটা জানেন না, মন্ত্রীমহাশয়ও হয়ত জানেন না কি করে সেটা ব্যবহার করতে হয়। অন্ততঃ তিনি যাদের কৃষিসহায়ক হিসেবে নিযুক্ত করেন, তাদের যেন ট্রেনিংএর ব্যবস্থা করেন, যাতে তারা Persian wheelএ কি করে কাজ হয়, কি করে তা ব্যবহার করে ইত্যাদি শিখতে পারে। জানি না কত রকমের pump হয়—Petrol pump, steam pump, electric pump, সেগুলোও ত চলতে পারে। (The Hon'ble BHUPATI MAZUMDER: যতগুলি আছে, সব দেখিয়ে দেব চলছে না।) Minister-দের কাছে হাজির হবার উপায় নাই, তাঁরা চারিদিকে কেবল ঘুরে বেড়াচ্ছেন। লোকে pump কিনে পেট্রলের অভাবে তা ব্যবহার করতে পারছে না। Electric pump অন্য কথা। Steam pumpএও কোন সুবিধা হবে কিনা জানি না। তবে better উন্নততর পাম্প যদি পাওয়া যায়, তাহলে ব্যবহার করা হবে। কিন্তু এই Persian wheelটা অনেক সস্তা। সেটা সম্বন্ধে কেন তাঁরা আপত্তি জানাচ্ছেন, কারণটা ভাল বোঝা গেল না। আমার মনে হয় ভারতবর্ষের সব জায়গায়ই Persian wheelএ ভাল কাজ হচ্ছে। কেন এখানে তা দিয়ে কাজ হবে না? কি শঙ্কা রয়েছে সেটা বুঝিয়ে দিলে ভাল হ'ত।

কৃষক আন্দোলনের কথা গোড়ায় বলেছি, কৃষকদের কথা একটু বলতে চাচ্ছি। যেখানে শিকড় বা মড় রয়েছে সেখানে যারা ওবুধ দিতে চাচ্ছে, তাদের উপর অত্যাচার হচ্ছে। জলপাইগুড়ির কৃষক সভার অফিস পুড়িয়ে দেওয়া হ'ল। তার জন্য কোন enquiry পর্য্যন্ত হ'ল না। আর জমিদারের যদি কোন কাছারী পুড়িয়ে দেওয়া হ'ত, তা হ'লে আর কৃষকদের নিস্তার থাকতো না, তাদের সকলকে জেলের মধ্যে থাকতে হ'ত।

হরিণঘাটার কথা অনেকবার বলেছি। হরিণঘাটায় যুদ্ধের সময় বৃটিশ গভর্ণমেণ্ট land নিয়ে নিল, কথা ছিল, লড়াই শেষ হবার ৬ মাস বাদে ফিরিয়ে দেবে। Acquisition করা হ'ল, দাম দেওয়া হবে, সে দামও তারা আজও পাচ্ছে না, সেখানে যে rent, তাও তারা পাচ্ছে না। তার জন্য তারা অভিযোগ করেছিল। প্রধান মন্ত্রীমহাশয় আশ্বাস দিয়েছিলেন। ফলে এক বছর পেয়েছিল, তা পূজার আগে পেয়েছিল। এই এক বছরের পায়, তার পরের বছরের বাকী। তারপর তাঁরা announce করে দিলেন যে ওটা acquisition হ'য়ে গেছে। কিন্তু তার দামও পাচ্ছে না, আগের যে rentও পাচ্ছে না।

Mr. SPEAKER: Your time is up.

Sj. SIBNATH BANERJEE: One minute, please.

Mr. SPEAKER: All right.

Sj. SIBNATH BANERJEE: আমি যে point দু'টার কথা ব'লব মন্ত্রীমহাশয়ের দৃষ্টি সেদিকে আকর্ষণ করে আমি আমার আসন গ্রহণ করছি। এটা Opposition থেকে আসছে, ব'লে যেন তিনি উড়িয়ে না দেন।

প্রথম হচ্ছে "লাঙ্গল যার, জমি তার"। সেটা তাদের করতে হবে। জমির বন্দু সম্বন্ধে অবিলম্বে যথোচিত ব্যবস্থা অবলম্বন করতে হয়। তা না হ'লে উপরে যদি মলম-পাট্টি কেবল লাগান, তাতে কোনই ফল হবে না। Land তৈরী করতে হবে। যে rateএ চলছে, তাতে বিশ বছরেও বাংলাদেশের পতিত জমি উদ্ধার হবে না। এই জমির সম্বন্ধেও ব্যবস্থা করতে হবে। Agricultural fair relation, equitable relation যাতে থাকে, তার জন্য land redistribution দরকার। Co-operative বা collective farming যদি করা যায় তাহ'লে উন্নত ধরনের বীজ ও সার ইত্যাদি ব্যবহারের সুবিধা হয়। কিন্তু একজন ব্যক্তিগত (individual) কৃষকের পক্ষে এসবের সুযোগ নেওয়া সম্ভব নয়। কাজেই যদি collective farmingএর ব্যবস্থা না হয়, তাহ'লে বলতে হবে তাঁরা যেনাযোনে যুক্তে ছড়াচ্ছেন।

Janab MUDASSIR HOSSAIN: Mr. Speaker, Sir, the performance of my friend over there reminds me of a Bengali adage " বামুন গেল ঘর তো লাঙল তুলে ধর।" Sir, the meaning of this is that the Brahmin who always worships——

The Hon'ble BHUPATI MAJUMDAR: বাংলায় বলুন।

Janab MUDASSIR HOSSAIN: আমি ইংরাজীতেই বলব।

Mr. SPEAKER: Go on speaking in English.

Janab MUDASSIR HOSSAIN: Yes, Sir. The Bengali adage is "বামুন গেল ঘর তো লাঙল তুলে ধর।" It means that the Brahmin always worships God. He is a *pujari* but for some reason or other he took to agriculture as the means of his livelihood and kept some labourers. The labourers knew very well that the Brahmin does not know how to carry on agriculture, cultivation, and things like that. Sometimes when the labourers go to the fields, the Brahmin goes there to supervise their work. When he goes there, these labourers go on cultivating very intensively, but as soon as he disappears from the scene, they cease cultivating land (লাঙল তুলে ধর) and go away with their plough and bullock. Such is the condition of my friend. When he comes here to make demand, he makes long speeches, he will say "do this and do that"; that is to say, he then appears on the scene, but as soon as he goes away, that means the Brahmin disappears, he forgets everything and goes to bed to sleep, and the same state of affairs goes on as it is going on in the same old way. Now, Sir, this is how he should act. The great practical economists of the world are agreed and have said that agriculture by itself is still an ordinary craft, but if it is to be practised with success, it is dependent upon the aid of the several most recondite (Sj. BIMAL COMAR GHOSE: Why use that word?) sciences,—that is the word which has been used by the scientists; therefore, I say "recondite"; it means obscure; not known—as well as upon thoroughly commercial management. The old-fashioned simple methods and easy calculations will no longer suffice. The farmer of today wants to be, in person or substitute, a skilled trader. There must be a knowledge of trading principles, of markets, a power of scientific calculations and a chemical analysis and botanical examination. Such things an ordinary small farmer can neither be expected to possess nor can afford to purchase. Co-operation here comes to his rescue. It provides for him the person who can with his knowledge and experience do for him what he cannot do by himself. Again this great world economist has said that earth or soil has become exhausted by continuous growing of crops for centuries and it has refused to spring and it does not provide living which is regarded in all civilised countries as sufficient to maintain life according to proper standard. Sir, the problem of all the countries, they said, was how to feed and maintain the evergrowing population of the countries concerned and how to make the ancient hoary land which has become impoverished and exhausted by centuries of cultivation rejuvenated and converted into robust, ever-green, virgin, youthful land. Sir, this was the problem which confronted the economists and scientists of advanced countries, such as America, England, Ireland, France, Italy, Germany, Belgium, Holland, Denmark and finally Russia and modern Turkey.

Mr. SPEAKER: How long will you take to read the quotation?

Janab MUDASSIR HOSSAIN: Sir, I shall finish within 10 minutes.

Mr. SPEAKER: No; no. I am asking you about the quotation.

Janab MUDASSIR HOSSAIN: I have nearly finished. "The agricultural advancement of any country is a fascinating study. It is more so

in case of Germany, Holland, Denmark and Russia. It has been said of Germany that with intensive agriculture, with its remunerative industrial crops, its perfected rotations, its variety of applications, German agriculture leads the world." Here, the Hon'ble Minister will please hear me, it is co-operation and co-operation alone which has brought about this transformation. In this way the advanced European countries have settled their food problem as well as the problem of maintaining the ever-growing population as also the problem of supplying raw materials in respect of their industries. Sir, the Province of West Bengal occupies an area of 29,370 square miles or more or less two crore acres and the population is nearly 2 crores and 35 lakhs. (Janab MUHAMMAD IDRIS: আপনি extempore বলুন) Figures কি extempore বলা যায়? Owing to the influx of refugees the population perhaps has increased to 25 millions. Therefore, the average cropped area *per capita* is 0·56. This is the land and population position of the poor West Bengal. Now, Sir, let us see what the Ministry has done to improve the production and distribution of rice which is the staple food crop of the people of this Province. It will appear from page 26, table 21 of the book named "Prospectus of Agriculture" in West Bengal issued by the Government of West Bengal that the yield was as follows:—

		Tons.
1943-44	... ...	4,300,000 (approximate).
1944-45	... ...	3,600,000 (approximate).
1945-46	... ...	2,900,000 (approximate).
1946-47	.. ...	3,500,000 (approximate).
1947-48	... ...	3,400,000 (approximate).

Sir, this is the result of the Grow More Food campaign of which my friend on the other side is so very proud.

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: What is the figure for 1949-50?

Janab MUDASSIR HOSSAIN: I have got no figure from your book. This is the book which you have supplied.

Now, Sir, on page 30 of this book we find, "We do not know enough at present to decide which of our agricultural resources are deserving of the maximum exploitation, so that we might concentrate our efforts on them". Then, Sir, on page 31 we find, "Lastly, the immediately available resources of skilled services and capital are so meagre in comparison with even the limited demands of food, that to set up the deficits of food articles as the measure of our targets for agricultural development would make them too remote and rob them of all practical significance at present". It further goes on to say, "that even the modest and limited objectives of its projected activity for the next few years cannot be realised unless simultaneous action is taken in a number of closely related spheres which are outside its particular jurisdiction......... Lack of response of production to the Grow More Food campaign has presented a baffling problem".

Sir, this shows the dismal state of things. My friend was talking loud of Grow More Food campaign but his department has said that the "Grow More Food campaign has presented a baffling problem". On page 32 it goes to say, "The application of improved technique is impossible. This could be economically feasible only if the units of production, now farms of minute size, are enlarged to a very considerable extent. This, in its turn, would demand a radical change in the property relations in land and the provision of non-agricultural employment to the excess labour which would be released when farming operations are undertaken on a larger scale". The remedy is suggested by his officials on page 33. "The village,

with its ancient tradition of corporate existence, offers the natural basis for such planning. The village authority, vested with co-operative control over the man-power and material resources within its area, can proceed to organise a joint farm of sufficient size to accommodate urgent improvements in technology, taking care of the redundant agricultural labour..............." "This is a way, moreover, which will train up the people in self-reliance and democratic practice". This is the suggestion which has been made by the Agricultural Department of my honourable friend.

Now, let us see what great Indian economists have said of the Co-operative Planning Committee appointed by the Government of India. This is what the Committee says on page 13 of their report for the year 1946. "Agricultural production in India per acre as well as *per capita* is on the lowest level in the world......... The volume of production of food crops is not sufficient even for the requirements of a well-balanced and nutritive diet of the people". On page 14 the report says, "We would like to sound a note of warning in connection with the extension of cultivation" ...."It will be necessary in order to check deforestation and soil erosion to conserve a large part of the unculturable area for purposes of reafforestation. It appears that the principal means of increasing agricultural production is confined to the improvement of the yield". Therefore, Sir, non-cultivable lands and unculturable lands should not be cultivated because that will prevent afforestation; that will lead to erosion of the soil and will be disastrous for the agricultural economy of the country. Therefore, Sir, the proposition which has been made by my honourable friend is an entirely mistaken policy.

Cultivators as a class are too poor. Therefore, this should be done through reorganisation of co-operative societies. Nationalisation, of course, is the great impediment to the improvement of agriculture, to the improvement of production, to the enhancement of yield. The impediment, Sir, lies in the fragmentation of holdings. That is a well-known thing because, Sir, the holdings are uneconomic and lands comprised in one holding are situated in different parts of the village, one mile distant, 2 miles distant, 3 miles distant, and thus it is impossible for the cultivator to look to the cultivation and take care of all the lands which are so separated from one another and to cultivate them thoroughly. Therefore, what is required is that agricultural lands should be nationalised in some way or other, and my opinion is this, Sir, and I have prepared a programme for that, that, without expropriating the proprietor regarding his rights in the property which are sacred rights, we can frame a scheme by which all the lands of a village will be vested in a society, in a co-operative society, and the co-operative society can allot lands to different persons and if all the lands of the village by some means or other is vested in a co-operative society, then the co-operative society can allot the lands to those persons who have lands and who can cultivate them by themselves regard being had to their manpower or cattle-power. In blocks these lands may be allotted to different householders and agriculturists and in this way fragmentation of holdings can be done away with and so everything can be set right.

With these words, Sir, I commend my motion to the acceptance of the House.

Sj. HARIPADA CHATTERJEE: মাননীয় সভাপাল মহাশয়, দেশের বর্তমান কয়েকটা বড় বড় সমস্যার সঙ্গে আমাদের কৃষি সমস্যাটা জড়িত। কিন্তু সে সব সমস্যার সমাধান আজই হঠাৎ সম্ভব কিনা জানিনে কিন্তু সে সমস্যাগুলির সমাধান না হলে যে আমরা আমাদের খাদ্যের ফলন বাড়াবার চেষ্টা করবো না—তার কোন মানে নাই। চাষীদেরই জমি হওয়া উচিত, হলে তাদের উৎসাহ বাড়বে তাও মানি, কিন্তু জমিদারী লোপ করতে গেলে তার আনুষঙ্গিক ক্ষতিপূরণের সমস্যা আছে। একটী বিধবার পাঁচ বিঘা জমি আছে, সেইটে সে চাষীদের দিয়ে চাষ করিয়ে তাদের ফসলে সংসার চালায়, সেটা কি বিনা ক্ষতিপূরণে কেড়ে নিতে হবে?

একটি লোকের একটা বাড়ী আছে তার দুখানা ঘরে সে হয়ত বাস করে বাকি অংশটা ভাড়া দেয়, সে বাড়ীটা কেড়ে নেব কিনা জানিনা। সমস্ত দিক বিবেচনা না করে হঠাৎ একদিন সমস্ত জমি চাষীদের দিয়ে দিতে না পারা গেলে শস্য বাড়ানোর কাজ চলবে না--এ যুক্তি মানতে পারিনে।

এখন দেখা যাক বর্ত্তমান অবস্থায় আমরা কতটুকু কাজ করতে পারি। আমাদের আছে ৯৩ লক্ষ ৩২ হাজার একর ধানের জমি। গড়ে ফসল হয় একর প্রতি ১৬ মণ। ভালভাবে চাষআবাদ করলে খাবার সম্বন্ধে আমরা স্বয়ংসম্পূর্ণ যে হতে পারব সেটা কিছু অসম্ভব নয়। আমাদের যা ধানের জমি আছে তার ফসল শতকরা ১০ ভাগ বাড়াতে পারলেই ধান সম্বন্ধে আমরা স্বয়ংসম্পূর্ণ হতে পারি। আমাদের মন্ত্রীমহাশয় এখানে বলেছেন যে compost সার ব্যবহার করে একর করা ১৬ মণের জায়গায় ৮৯ মণ ধান হয়েছে। আর আমরা চাই মাত্র শতকরা দশভাগ বাড়াতে, সেটা কিছুমাত্র অসম্ভব নয়। বৃটিশ শাসনাধীনে আমরা বলতাম, গঠনমূলক কাজে ইংরেজদের সঙ্গে সহযোগীতা করব, এখন আমাদের নিজেদের সরকার, তাঁদের যতই সমালোচনা করি না কেন খাদ্যের ফসল বাড়িয়ে স্বয়ংসম্পূর্ণ হওয়া যখন দেশবাসীর পক্ষে একান্ত প্রয়োজন তখন বেশ ভালো ভাবে তাঁদের সঙ্গে সহযোগীতা কেন করবনা? কৃষি বিভাগ যে ভাবে অতি অল্প সময়ের মধ্যে এতগুলি কাজ করেছেন তার জন্য মন্ত্রীমহাশয়কে আমরা প্রশংসা না করে পারিনা। আমার এবিষয়ে অভিজ্ঞতা আছে। আমি চাষআবাদ নিয়েই থাকি। আমি দেখেছি সামান্য একটু সহযোগিতা পেলেই গরীব চাষীরা দাঁড়াতে পারে। আমাদের কৃষি বিভাগ থেকে কিছু যদি সাহায্য তারা পেতে পারে। দৃষ্টান্ত স্বরূপ আমি আপনাদের জানাচ্ছি এক জায়গায় চাষীরা দশ বিঘা গম করেছিল, কিন্তু সেই গমের চারাগুলি উপযুক্ত জলাভাবে প্রায় পুড়ে যাওয়ার মতন হয়, ভাগ্যক্রমে আমার সঙ্গে এ বিষয়ে চাষীদের আলোচনা হয়--আমি গিয়ে দেখলাম এত টুক টুকু গমের চারাগুলি লাল হয়ে উঠেছে. Agricultural Engineerকে বলায় এবং তাহার চেষ্টায় ৫ দিনের ভিতর পাম্প পাঠানোর ফলে সেখানে বেশ ভাল গম হয়েছে। শিবনাথ বাবু যে Persian wheelএর প্রসঙ্গ তুলেছেন এখানে সেটা চলবে না কেননা আমি যে জমির কথা বলছি তা নদীর পাড়ে। জল থেকে পাড়ের দূরত্ব অনেক। Persian wheel চালানর সুবিধা নাই। আর Persian wheel থেকে powerineএ চলা এই pump অনেক বেশী জল দেয়। ঘণ্টায় ১০ হাজার গ্যালনের কম নয়। একঘণ্টায় এক বিঘা জমি বেশ ভিজিয়ে দেয়।

Mr. SPEAKER: Order, order. I have to adjourn the House now. Mr. Chatterjee, please resume your speech after the adjournment.

(The House was then adjourned for fifteen minutes.)

(After adjournment.)

Sj. HARIPADA CHATTERJEE: আমি বলছিলাম বর্ত্তমানে আমাদের যে ধানের জমি আছে, তার গড় ফসল শতকরা দশ ভাগ আরও বাড়াতে পারলেই আমাদের প্রয়োজনীয় ধানের সমস্যা মিটবে। দেখা যাচ্ছে যে, যেখানে এক একরে ১৬ মণ, অর্থাৎ বিঘা প্রতি পাঁচ মনের কিছু উপরে গড় ফসল, সেখানে আমরা একর প্রতি ৮৯ মণ অর্থাৎ বিঘা প্রতি প্রায় ৩০ মন, গড় ফসলের প্রায় ছয় গুণ ফসল বাড়াতে পেরেছি compost সার ব্যবহার করে।

আমাদের দেশ অন্যান্য দেশের সঙ্গে তুলনা করলে দেখা যায় যে যারা পূর্ব্বে আমাদের দেশ থেকে ধান নিয়ে যেত, যেমন স্পেন, ইটালী, সেখানে আজ আমাদের চেয়ে বিঘা প্রতি পাঁচ-ছয় গুণ বেশী ফসল হয় জাপানকেও অন্য দেশ থেকে ধান নিতে হত কিন্তু ১০ বৎসরের চেষ্টায় তারা স্বয়ংসম্পূর্ণ ত হলই এমন কি, প্রয়োজনের অতিরিক্ত ধানও উৎপন্ন হল। সুতরাং একটু চেষ্টা করলে এটা আমাদের দেশেও হওয়া সম্ভব, বাংলা দেশ যদি শতকরা দশ ভাগ ফসল বাড়ালেই স্বয়ংসম্পূর্ণ হতে পারে। দশ ভাগ ত সামান্য কথা, আমরা ত দেখছি উপযুক্ত compost ব্যবহার করে ফসল শতকরা ৫।৬ শততে বাড়াতে পারা যেতে পারে এবং এ হ'লে বর্ত্তমানে যে লোক আছে শুধু তা নয়, আরও দেড় কোটি লোককে অনায়াসে খাওয়াতে পারা যায়।

পশ্চিম বাংলায় মোট culturable waste land হল ২০ লক্ষ ২৯ হাজার একর। এর মধ্যে large blocks over 100 acres, suitable for mechanised cultivation হল ২ লক্ষ ৪৬ হাজার একর। এর মধ্যে আবার already survey করা হয়েছে প্রায় ৭৫ হাজার একর,--এখন এইগুলি যদি আমরা কাজে লাগাতে পারি তাহলে যে কত ভাল হয় তা বলবার নয়। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, আমাদের এখানে মন্ত্রীমহাশয় যে হিসাব দিয়েছেন তাতে বলা হয়েছে যে

তাদের নিকট ৩১ খানার বেশী ট্র্যাক্টর নেই। এর মধ্যে ২১ খানি ট্র্যাক্টর মাত্র সম্প্রতি আমদানী করা হয়েছে। পূর্ব্বে মাত্র ১০ খানি ট্র্যাক্টর ছিল। তার আবার লাঙ্গল ছিল মাত্র ৫ খানির অর্থাৎ এক সঙ্গে ১০ খানি ট্র্যাক্টরও একসাথে চালান যেত না। এইভাবে যদি তারা কাজ করেন তাহলে কি করে তাঁরা জমিগুলি চাষ করে তোলার ভার নেবেন? আমি দেখেছি U.P.তে ৩০০ খানা ট্র্যাক্টর কাজ করে। ভারত সরকারের অন্যান্য জায়গায় যা যায় তার তুলনায় আরও অনেক বেশীগুণ বাংলাদেশে আসা দরকার, কিন্তু তার প্রাপ্যগণ্ডা যেটা সেটাই সে পাচ্ছে না। এখানে একজন মাত্র Engineer আছে এবং তার যে staff, তাও temporary; ও তাঁর Assistant একজনও নেই। অথচ U.P.তে দেখেছি একজন Chief Engineer, পাঁচ জন Executive Engineer, ১৫ জন Assistant Engineer ও সমস্ত permanent staff. বোম্বেতে one Director of Agricultural Engineer আছেন। তার একটা প্রকাণ্ড, huge staff আছে। আমি অযথা কর্ম্মচারী বাড়ানর পক্ষপাতি নই, তাই বলে যেখানে প্রয়োজন সেখানে কর্ম্মচারী কেন বাড়াব না? আজকে কত অসহায় নরনারী আমাদের এখানে এসে পড়েছেন--সুতরাং তাঁদের খাওয়ান যদি আমাদের প্রধান সমস্যা হয়, তাহলে কেবল মাত্র তাদের দু-এক কাঠা করে জমি বিতরণ করলেই সকল সমস্যার সমাধান হবে না, আজ সমগ্র জাতিকে, তার সকল শক্তিকে এদিকে কেন্দ্রীভূত করতে হবে।

মাননীয় মন্ত্রীমহাশয় compost manure যা করেছেন তা খুবই প্রশংসনীয়। আমি নিজের অভিজ্ঞতা থেকে বলছি--কিছুদিন আগে নদীয়া জেলায় তেহট্ট থানায় কচুরীপানা সমস্যার উদ্ভব হয়েছিল। নদী, খাল, ডোবা কচুরীপানায় ভরে যেত। কিন্তু বর্ত্তমানে এ থেকে যে compost সার প্রস্তুত হয়েছে তা দেখে একেবারে আশ্চর্য্য হয়ে যেতে হয়। চাট্কা গোবর ও কচুরীপানা থেকে প্রস্তুত compost সার ব্যবহারে খুব ভাল ফল পাওয়া গিয়েছে, ফসল খুব বেড়েছে। তাই আজ দেখছি চতুর্দ্দিকে কচুরীপানা নিয়ে মারামারি লেগে গিয়েছে। স্বাভাবিকভাবে কচুরীপানা প্রায় আর পাবার জো নেই। বর্ষাকালে নদীতে জলের স্রোতে কচুরীপানা ভেসে আসে, সেগুলিকে লম্বা বাঁশ দ্বারা ধরে নিয়ে compost সারে পরিণত করতেও লোক চেষ্টা করছে।

এই compost সার chemical fertiliserএর চেয়ে অনেক ভাল। কারণ জমিতে যদি জৈবিক সার (humus) না থাকে তাহলে কেবল chemical fertiliserএর ব্যবহারে জমি একেবারে নষ্ট হয়ে যায়। America ও অন্যান্য বৈজ্ঞানিক দেশসমূহে এই রকম chemical fertiliser ব্যবহার করার ফলে, সেখানকার হাজার হাজার একর জমি একেবারে মরুভূমিতে পরিণত হয়েছে। সুতরাং আমাদের compost সারের দিকে বিশেষ করে নজর দিতে হবে ও যাতে এর ব্যবহার সর্বত্র হয় তার বন্দোবস্ত করতে হবে। আমাদের শিবনাথ বাবু ব্যঙ্গ করে বলেছেন যে তিনি জানেন যে night-soil-এর কি মূল্য? কিন্তু Germany, Belgiumএ nignt-soil বিক্রি হয়। জাপানে কোন কোন বিশেষ বিশেষ এলাকার জমির উপর লিখে দেওয়া হয় যে "এখানে মল ত্যাগ করা যাবে"। Belgium, Germany প্রভৃতি কয়েকটি দেশে বহু কোটী টাকার nigbt-soil বিক্রয় হয়। আমরা এমন মূর্খ যে এই বহুমূল্য সার নদীতে ঢেলে ফেলে সারও নষ্ট করি নদীও নষ্ট করি। যে গঙ্গায় আমরা স্নান করে মনে করি যে আমাদের সকল পাপ ধুয়ে গেল সেই গঙ্গাতেও অবাধে আমরা শত শত সহরের মল-মূত্র ফেলি। এলাহাবাদ বা কাশী যান, সেখানেও দেখতে পাবেন, ওখানকার গঙ্গায়, এখানকার মত সমস্ত মল-মূত্র ফেলে দেওয়া হচ্ছে। এটা কোনও সভ্য দেশে করে না। তারা নদীর জলও পবিত্র রাখে, মল-মূত্র থেকে মূল্যবান সারও তৈরী করে। কলিকাতার কিছু দূরেই অবস্থিত বিদ্যাধরী নদী, সেই নদীকে বাঁচাবার জন্য কয়েক বছর আগে একটি scheme গ্রহণ করা হয়েছিল। সেখানে মল-মূত্র থেকে যে পলি বা silt পড়ে সেটা মহামূল্যবান জিনিষ। অথচ তার ফলেই বিদ্যাধরী বুজে যাচ্ছিল। কিন্তু দুঃখের বিষয় আমরা সেই মূল্যবান বস্তুটার সদ্ব্যবহার এতদিন করতে পারিনি। কলিকাতার এই ৫০ লক্ষ লোকের মল আমরা নষ্ট করে ফেলে দেই, সেটা বয়ে এসে এই বিদ্যাধরীতেই পড়ে। বিদ্যাধরী বুজে গিয়ে মহা অনর্থের উপক্রম করেছিল। তারপর silt টাকে বড় বড় tankএ ধরার ব্যবস্থা হয়েছে। এখন scheme হচ্ছে tankএর তলদেশ থেকে scraper দিয়ে তুলে এনে, এই মহামূল্যবান সার ব্যবহার করার। এখন এই জিনিষটাকে নেবার জন্য যে চেষ্টা হচ্ছে, এটা খুবই আশার কথা। এটা সকলে স্বীকার করবেন যে আমরা সব থেকে বেশী হারিয়েছি জমির উর্ব্বরা শক্তি। আমাদের জমি সুজলা, সুফলা এবং খুব উর্ব্বরা বলেই এতদিন টিকে আছে। জমি থেকে আমরা এতদিন কেবল নিয়েই আসছি, কিন্তু ফিরিয়ে তাকে কিছু দেই নি। হাট থেকে একটা বলবান বলদ কিনে এনে তাকে যদি ক্রমাগত খেতে না দেওয়া হয়, তাহ'লে সে যেমন শুকিয়ে ক্ষীণ হয়ে যায়, ঠিক

তেমনি হয়েছে আমাদের জমির অবস্থা। জমি থেকে যা নেওয়া হয়, cyclic orderএ তাই আবার জমিকে ফিরিয়ে দিতে হয়। কিন্তু আমরা এতদিন প্রতি সেকেণ্ডে ৭ মণ হাড়ের গুঁড়া ও ১০ মণ খৈল বিদেশে চালান দিয়েছি অর্থাৎ জমির উর্ব্বরা শক্তি পর্য্যন্ত বিদেশে চালান দিয়েছি।

বৃক্ষের পক্ষে উপযোগী ২১ রকমের জিনিষের মধ্যে ৪টা জিনিষ—যেমন nitrogen, potash, phosphate and lime. জমিতে সাররূপে ফিরিয়ে না দিলে, জমির উর্বরা শক্তি ক্রমশ: হ্রাস পেয়ে জমি একেবারেই খারাপ হয়ে যায়। জমিকে ঠিক রাখতে হ'লে humus জড়িত compost সার ব্যবহার করা কর্ত্তব্য। আজকাল দেখা যায় যে গ্রামের ভিতরে গরুর গোবর কেবল জ্বালানী হিসাবে ব্যবহার করা হচ্ছে। সুতরাং সেখানে কয়লা এবং কাঠ ব্যবহার যারা যাতে এই অতি প্রয়োজনীয় গোবর রক্ষিত হয়, সেদিকে মন্ত্রিবর্গের দৃষ্টি দেওয়া কর্ত্তব্য।

গ্রামের ভেতর কেবল খাদ্য শস্য ফলন করলেই চলবে না, গো-মহিষের খাবারও তৈরী করতে হবে। সেখানে গোয়ালাদের এক ছটাকও জমি বা খালি মাঠ নাই যে তারা গরু চরাবে। কাজেই তাদের গো-মহিষ দিয়ে জমির শস্য খাইয়ে নষ্ট করে ফেলে। সুতরাং গোচারণের জমির ও গরুর খাবারের সমস্ত বন্দোবস্ত গভর্ণমেণ্ট থেকে ক'রে দিতে হবে। আমি দু:খের সঙ্গে জানাচ্ছি যে পূর্ব্বে fodder seed distribution সম্বন্ধে যে scheme ছিল, সেটা নাকচ করে দেওয়া হয়েছে, এটা করা উচিৎ হয়নি। Financial difficulties বলে গভর্ণমেণ্ট যে সেই scheme বন্ধ করে দিয়েছেন, এটা মোটেই ঠিক হয়নি এবং আমার মনে হয় এটা একটা মারাত্মক ভুল হয়েছে।

গাঁয়ের শাসনশৃঙ্খলার সঙ্গে অধিক ফসল ফলানর কাজ এক সঙ্গে জড়িত। কোথাও এমন সুন্দর ফসল হয়েছে, আর সেটা গরু এসে খেয়ে গেল, এতে কৃষকের মন ভেঙ্গে যায়। এইরকমভাবে শস্য নষ্ট হলে, তার বিরুদ্ধে নালিশ করার জন্য আইন আছে বটে, কিন্তু একজনকে সাত, আট, দশ মাইল দূরবর্তী গ্রাম থেকে থানায় এসে নালিশ করা সব সময় সম্ভব হয় না। সুতরাং জনসাধারণের দু:খ কষ্ট নিবারণের জন্য সরকারেরই এদিকে প্রখর নজর ও কড়া শাসন রাখতে হবে।

আমি সেদিন রাণাঘাট ষ্টেশনে নেমে দেখলাম, সেখানে কি দারুণ উচ্ছৃঙ্খলতা। আমি ১১ই মার্চের কথা বলছি; যদিও ৪ঠা মার্চ যথারীতি একপত্তন দোল খেলা হয়ে গিয়েছে কিন্তু ১১ই মার্চ আবার ডবল করে সেখানে দোল খেলা খুব বিরাটভাবে চলেছে। ট্রেনের মধ্যে ও রাস্তায় গাড়ীর জানালা খুলে জোর করে লোকের গায়ে পিচ্‌কারী দিয়ে রং দেওয়া হচ্ছে, আর অপর দিকে লোকের কি দুর্দ্দশা। অগণিত বুভুক্ষু বাস্তুহারা নরনারী-দলে প্ল্যাটফর্ম্ম ভর্ত্তি। বন্যার স্রোতের মত তারা কেবল আসছে। দুর্ভিক্ষ যেন অনিবার্য্য। জাতির এই দুর্দ্দিনে অন্য কোন বাজে কাজে মন না দিয়ে, সময় নষ্ট না করে, জাতির সমস্ত চিন্তা, সমস্ত energy এখন কেবলমাত্র এই খাদ্যোৎপাদনের দিকে দিতে হবে। কিছুদিন পূর্ব্বে কৃষ্ণনগর সহরে সরস্বতী প্রতিমা বিসর্জ্জন উপলক্ষে পুলিশের কাছ থেকে ১,১৯৬টা লাইসেন্স নিয়ে procession বেরোয় এবং লোকেরা মদ খেয়ে সারা রাত্রি ধরে রাস্তায় মাতলামী করেছে এবং একখানা প্রতিমাকে রাস্তার ধারে একটা বাড়ীর সামনে নামিয়ে রেখে "মা, তুমি আজ এখানে থাক" এই বলে ফেলে চলে গেল। আজ আমাদের জাতির এই যে অবনতি, এটা অত্যন্ত দু:খের কথা। যেমন সরস্বতী পূজায় তেমনি দুর্গা পূজায়, তেমনি জগদ্ধাত্রী পূজায়, পূজার আসল উদ্দেশ্য হারিয়ে কেবল শক্তির অপচয়। আবাল-বৃদ্ধ-বনিতা সকলে মিলে যদি তাদের সর্বশক্তি এই খাদ্যোৎপাদনের দিকে প্রয়োগ না করেন, তাহ'লে গভর্ণমেণ্টের কতিপয় কর্ম্মচারী তাঁদের সাধু উদ্দেশ্য ও সংকল্প নিয়ে কাজ করলেও কিছুতেই কিছু হবে না। যুদ্ধ বাঁধলে যেমন সমস্ত দেশের লোককে একতাবদ্ধ হ'য়ে কাজ করতে হয়, তেমনি খাদ্যোৎপাদনের বেলায়ও আমাদের সেইভাবে অগ্রসর হ'তে হবে।

আমার সময় বেশী নেই। সুতরাং আমি অল্প অল্প করে কেবল pointsগুলো touch করে যাব। আমার মনে হয় আমাদের যে মাত্র ৩১খানা ট্রাক্টর আছে, তাতে কিছুই হবে না; অন্তত: এর সংখ্যা ৩১৪ গুণ হওয়া উচিত ছিল। আমেরিকাতে একজন চাষীর ২৩ খানা ট্রাক্টরও আছে। যদি গান্ধিজীর আদর্শের কথা বলে বা সর্ব্বোদয় সমাজের দোহাই দিয়ে ট্রাক্টর না কেনার কথা বলা হয় তা'হলে সমস্ত ব্যবস্থা সেই অনুযায়ীই করা উচিত। কলিকাতার মত সহর গড়ব আবার গ্রামের সর্ব্বোদয় সমাজের কথা বলেই চুপ করে থাকব তাত হতে পারে না। এক কলকাতাতেই ৬৩ লক্ষ লোক তা'ছাড়া সহর ও মিউনিসিপ্যালিটিও বাংলায় কম নেই। অর্দ্ধেকের উপর লোক যখন সহরেই বাস করে ও নানা কল কারখানাতে কাজ করে তখন তাদের খাবার তৈরী করতে প্রয়োজনমত ট্রাক্টরের সাহায্য নিশ্চয়ই নিতে হবে। কলন লাঙ্গলের নিশ্চয়ই প্রয়োজন আছে কিন্তু সঙ্গে সঙ্গে

ট্রাক্টরের প্রয়োজনও আছে। সবাজপুর গ্রামে হিসাব করে দেখা গেল ২২ হাজার বিঘা জমি, কিন্তু মাত্র ৫০০ খানি লাঙ্গল। এই ৫০০ খানি লাঙ্গল ত ২২ হাজার বিঘা জমি ভাঙ্গতে পারবে না। তাই ট্রাক্টরে জমি ভাঙ্গুক এবং লাঙ্গল তারপর কাজ করুক। বৈজ্ঞানিক প্রথায় যন্ত্রের সাহায্য না নিলে কেবল লাঙ্গলের উপর নির্ভর করে সহরের লক্ষ লক্ষ লোককে খাওয়ান সম্ভব নয়। কথা উঠতে পারে বিদেশ থেকে ট্রাক্টর কিনলে অনেক টাকা বিদেশে যাবে। সে অবশ্য সত্য কথা কিন্তু আমাদের দেশে যখন রেলওয়ে ইঞ্জিন তৈরী আরম্ভ হয়েছে তখন ট্রাক্টরই বা তৈরী করা সম্ভব হবে না কেন? ট্রাক্টরের সাহায্যে ১০ জন লোক দশ হাজার লোকের খাবার তৈরী করুক, কিন্তু সেই দশ হাজার লোকের খাবার যেন ঐ দশ জনের monopoly না হয়। আমাদের হবে co-operative commonwealth, আমরা ঐ দশ হাজার লোকের খাবার দশ হাজার লোকের মধ্যেই বেঁটে দেব। সমবায় প্রথায় আমাদের সকল কাজ সম্পন্ন করাই বিধেয় হবে।

এখন একটু পাটের কথা বলছি। আমাদের বাংলা দেশে পাট হ'ল সবচেয়ে বড় মূল্যবান সম্পত্তি। পাটই ভারতের বহু পুরাতন, প্রধান ও সর্বশ্রেষ্ঠ শিল্প। Indian Unionএ আমরা গত বছর ২৮ লক্ষ বেল পাট পেয়েছি এবং এবারে ৫০ লক্ষ বেল পাট হবে ব'লে অনুমান করা যাচ্ছে। আরও এর পরিমানকে বাড়ান যেতে পারে যদি আমরা একটু চেষ্টা এদিকে করি। ভারতবর্ষে প্রতি একরে গড়ে ২'৫ বেল পাট হয়। আর পাকিস্থানে হচ্ছে প্রতি একরে ৩'৫ বেল। আমরা যদি পাকিস্থানের সমান গড় ফলন করতে পারি এবং যত পাটের জমি আছে সেটা যদি আরও কিছু বাড়াতে পারি তা'হলে আমরা পাট সম্বন্ধে আমাদের সমস্ত চাহিদাই মিটাতে পারি। ফলন বাড়ান যে খুবই সম্ভব তার প্রমাণ নদীয়ার বহিরাগতরা এবার দিয়েছেন। তাঁরা ভাল টাউন কম্পোষ্ট সার ব্যবহার করে যেখানে একর প্রতি ২'৫ বেল পাট হত না সেখানে একর প্রতি ৬ বেল পর্য্যন্ত পাট উৎপন্ন করেছেন। কিন্তু এই সব যে চাষী উৎপন্ন করবে, তাকে ত দেখতে হবে।

Capitalists আছেন কেবল নিজের স্বার্থসিদ্ধির চেষ্টায়। এমন কি যে হাঁস সোনার ডিম পাড়ে ক্ষুদ্র স্বার্থের বশবর্ত্তী হয়ে তাঁরা তার পেট চিরে থাকেন। পাকিস্থানের পাট পাওয়া যাবে না অতএব যত পার পাট বপন কর এই ধুয়া বেশ এরা উঠিয়েছেন, পাটের উচ্চ দর বেঁধেছেন কিন্তু নিম্নতম দর বাঁধেননি। Bottle-neck সৃষ্টি করে পাটচাষীকে যত কম দর দিয়ে পারেন ছাড়ছেন। Devaluation-এর পর আমেরিকায় পাটজাত দ্রব্যের দাম অনেক কম হওয়া উচিত ছিল কিন্তু তা হয় নি। কলকাতার বাজারে যদিও পাটজাত দ্রব্যের দাম বেঁধে দেওয়া হয়েছে তবুও চোখের সামনে মিলমালিকগণ কালোবাজারের সৃষ্টি করেছেন। আমেরিকায় নিজেরা এজেন্সি খুলে সেখানে পাটজাত দ্রব্য পাঠাচ্ছেন এবং devaluationএর পূর্ব্ব অপেক্ষা চড়া দরে বেচছেন। দুষ্প্রাপ্য ডলার থেকে জাতি বঞ্চিত হচ্ছে। সমস্ত লাভ মিলমালিকগণ পাচ্ছেন। এদিকে বলছেন পাটের অভাব আবার পাট বিক্রি করতে গেলে কিনছেন না। ৯ই মার্চের "Capital" থেকে উদ্ধৃত করছি।

"It is reported that high grades of white jute and *tossa*, as well as of *mesta*, which were directed to mills were mostly refused. This is said to be because in some cases the mills to which they were directed do not use that class of fibre, while in others the experience of the mills is that the jute tendered hitherto under these high grades has fallen far below the standard. The balers however are calling for a return of high grade jute offered to mills and refused, so that they can place the position before the Government of India with a view to obtaining permission to export the jute if it is not accepted by mills."

কাজেই দেখুন বেলারর৷ পাট বিক্রি করতে পারছেন না। ফলে পাট শিল্পের বনিয়াদ লক্ষ লক্ষ পাট চাষী পাটের দর পাবে না। যদি আত্মঘাতী নীতি না নিয়ে, উপযুক্ত দর তাঁরা চাষীকে দেন তবে মাত্র ৫০ লক্ষ বেল কেন প্রয়োজনীয় সমগ্র ৮৫ লক্ষ বেলই ভারতীয় যুক্তরাষ্ট্র থেকেই তাঁরা পেতে পারে।

(Blue light was shown.)

এই আমি শেষ করছি, গাভী সম্বন্ধে দুটো কথা বলবো। যদি আমরা ভালো ষাঁড় না রাখতে পারি তাহলে শুধু ভালভাবে খাওয়ালেই গরুর বংশ ভালো বা বেশী দুধ পাবো না। যেমন গরুর ভাল খাবার দিতে হবে, তেমনি ভালো breedingsএর বন্দোবস্ত করিতে হইবে। The bull is called more than half the herd. Good feeding and good breeding দুটোই দরকার। আমরা হরিণঘাটার যে scheme করেছি, সেটার কাজ খুব ভালভাবে চলছে। সেখানে

থেকে কলকাতায় ৫০০ মণ করে দুধ প্রত্যহ দেওয়া যেতে পারবে। সেখানে ২,০০০ গরু থাকবার ব্যবস্থা আছে। এখন সেখানে ৪০০ গরু রয়েছে, এই ৪০০ গরু যেভাবে আছে পাঞ্জাবী গয়লারা দেখে বলেছে পাঞ্জাবে তারা যেভাবে ছিল তার চেয়ে ভালোভাবে আছে।

তারপরে সেখান থেকে যে ষাঁড় তৈরী হবে সেগুলিকে যখন গাঁয়ে ছেড়ে দেওয়া হবে তখন good breedings-এর প্রকৃত ব্যবস্থা হবে। গরীব চাষীরা ভালো করে তাদের খাওয়াতে পারবে না। ষাঁড়দের খাবার দেবার যে scheme সরকারের ছিল এবারের বাজেটে দেখছি সেটা বর্জন করা হয়েছে। কাজটা ঠিক হয় নি। আমি মন্ত্রিমহোদয়কে অনুরোধ করছি তিনি যেন পুনরায় এ ব্যবস্থাটা করেন। যাঁরা এ সম্বন্ধে বোঝেন তাঁরা সকলেই বলবেন যে গরীব চাষীদের এ বিষয়ে সাহায্য করা উচিত। খারাপ গরু রাখার কোন মানে নেই। বিশেষ করে যেগুলি খারাপ ষাঁড় সেগুলোকে castrate করতে হবে। খালি সমালোচনা করলেই হবে না, আমরা সকলে যদি সহযোগীতা করি এবং সেই সহযোগীতা দিয়ে যদি কাজ করি তাহলেই দেশের প্রকৃত কাজ করা হবে। সমস্ত দেশ আজ আমাদের দিকে তাকিয়ে আছে। অবশেষে পূর্ব্ব বঙ্গ সম্বন্ধে দু'একটা কথা না বলে পারছি না। পূর্ব্ব বঙ্গে আজ যে অত্যাচারের রাজত্ব চলছে, মেয়েদের উপর বিশেষ করে যে উৎপীড়ন হচ্ছে তাতে আমি অবাক হয়ে ভাবি কি করে এখানে বসে আমরা বাজেট আলোচনা এখনো করতে পারছি। আজকের কাগজে বেরিয়েছে একটা মেয়ে লিখেছে যে সেখানে মেয়েদের জন্য পটাসিয়াম সাইনাইড পাঠিয়ে দিতে। আমাদের নিজেদের যদি আজ নিঃশেষে নির্ম্মূল হয়েও যেতে হয় তবুও আমার মনে হয় সেখানে তাদের উদ্ধারের জন্য আমাদের এগিয়ে যাওয়া উচিত।

Janab GHULAM HAMIDUR RAHAMAN: Mr. Speaker, Sir, at the very outset I would like to say that a Government has no right to exist if it cannot solve the problem of food for its people. God has created countries to be inter-dependent. No country can be self-sufficient in all respects and has to depend upon other countries or States for sundry other things. I would congratulate our Food Minister Mr. Sen for the success he has attained in the matter of feeding us. Sir, we know that the India Government has spent 150 crores of rupees on the purchase of foodstuffs. I wish this huge sum remained ours and utilised for the development of our country, to make the country self-sufficient in food and in other respects. Cannot India be self-sufficient? Certainly it can, if it had a strong will and determination. Bengal is mainly an agricultural country; about 68 per cent. of its population are agriculturists and I take pride in saying that I belong to one of them. You will find in newspaper pictures of His Excellency the Governor Dr. Katju and of His Excellency the Governor-General Sri Rajagopalachari ploughing the lands in their compounds probably with a view to give incentive to the Grow More Food campaign. But these things, I am afraid, are more pictorial than practical. For all practical purposes we must go to the village and teach the agriculturists how to improve the yield of their lands. We know that every district has got an Agricultural Officer with certain assistants attached to each thana. My suggestion to the Government would be to place each union in charge of one assistant so that they may receive training and overcome the difficulties that stand in the way of the agriculturists in the matter of cultivation. They should see that no land, not an inch of it lies fallow and that the maximum benefit is got out of it. What is wanted by an agriculturist is strong bullocks, good manure and best seeds. West Dinajpur is an agricultural area and the demand for agricltural loans are the greatest there. Last year I could not procure, rather I could not manage to get enough money to be given to the agriculturists as loans. My request is that an appropriate sum be granted to West Dinajpur for agricultural development. Of course the money is to be invested in the Co-operative Central Bank at Raiganj and Balurghat and through that agency the money may be given to the cultivators for the purposes of agricultural improvement.

With these words, Sir, I conclude.

Sj. HEMANTA KUMAR BASU: মাননীয় স্পীকার মহোদয়, আমরা যখন পরাধীন ছিলাম, তখন আমাদের সেই পরাধীনতার শৃঙ্খলটাকে দৃঢ় রাখবার জন্য ইংরেজ যে কৌশল অবলম্বন

করেছিল, সেটা যে খালি আমাদের মধ্যে সাম্প্রদায়িক ভেদ সৃষ্টি দ্বারা বা সিপাহী বিদ্রোহের পরে অস্ত্র আইন পাশ ও প্রয়োগের দ্বারা, তা নয়। তার চেয়ে বেশী কৌশল তারা খাটিয়েছিল আমাদের দেশে যে বিরাট বস্ত্র শিল্প ছিল সেটাকে ধ্বংস করে দিয়ে। অবশ্য স্বদেশী যুগ থেকে আমাদের চেষ্টার ফলে আমরা বস্ত্র শিল্পকে নতুন করে গড়ে তুলেছি। কিন্তু সব চেয়ে বেশী ক্ষতি ইংরেজরা আমাদের করেছে আমাদের খাদ্য শিল্পকে ধ্বংস করে। ভারতবর্ষের ইতিহাসে মুসলমানের সময়ই হোক বা হিন্দু রাজত্বের সময়ই হোক দুর্ভিক্ষের কথা খুব কম শোনা যেতো। তখন নদ-নদী, খাল-বিল প্রভৃতি ঠিক মতন জমির উর্বরা শক্তি বাড়ানো হতো। কিন্তু ইংরেজ আসবার পর সে চেষ্টা বিপরীত দিকে গেল। ইংরেজ আসার পর নদী-নালার সংস্কারের অভাবে দেশের জমিগুলি অনুর্বর হয়ে ওঠার দরুন বাংলা দেশে ঘন ঘন দুর্ভিক্ষ দেখা দিল। স্যার উলিয়াম কক্স বলে একজন বড় ইংরেজ এদেশে এসেছিলেন ১৯২৬ সনে। খাদ্য সম্বন্ধে তাঁর বেশ অভিজ্ঞতা থাকার দরুণ সুজলা সুফলা শস্য শ্যামলা বাংলাদেশে দুর্ভিক্ষ লেগেই আছে শুনে তিনি বাংলায় এসে দুর্ভিক্ষের কারণ অনুসন্ধানের জন্য পায়ে হেঁটে বেড়ান। এইভাবে অনেক দিন বেড়াবার পরে তদানিন্তন বৃটিশ গভর্ণমেণ্টের শাসন নীতির উপর কটাক্ষ করে একটা মন্তব্য লেখেন। এর পরে "Statesman" পত্রিকায় লেখা হলো--তিনি ইংরেজ হয়েও, ইংরেজবিদ্বেষী। ফলে তাঁকে এখান থেকে deport করা হলো। এই রকম করে ইংরেজ আমলে বাংলাদেশের খাদ্য সম্পদকে নষ্ট করা হয়েছে, এখন আমাদের সম্মুখে প্রধান কাজই হলো নিজেদের খাদ্য নতুন করে তৈরী করা। এই খাদ্য সমস্যার সমাধান না করতে পারলে আমরা বাঁচতেই পারবো না। সেদিক দিয়ে আমার বন্ধু মন্ত্রীপ্রবর প্রফুল্লচন্দ্র এই গরীব দেশে যে সর্বমুখী প্রচেষ্টা এবং অন্যান্য দিক থেকে যাতে উৎপাদন বাড়ে তার যে আভাস দিয়েছেন তাতে প্রশংসা না করে থাকা যায় না। ইংরেজদের সময়ে শুনতাম যে বাংলা দেশ খাদ্য সম্বন্ধে কোনো দিনই স্বাবলম্বী হতে পারে না। সারা পশ্চিম বাংলায় আমাকে ভ্রমণ করতে হয়েছে যেখানেই গিয়েছি দেখেছি গ্রামে জমি পড়ে আছে, অথচ সেখানে বহু লোকের বাস। পূর্ব বঙ্গ থেকে অনেক আশ্রয়প্রার্থী এসে গঙ্গার চরে বসে গেছে। তারা সেখানে নতুন চাষ করে যেভাবে ফসল বাড়িয়েছে তা দেখে মনে হয়েছে যে আমাদের পশ্চিম বাংলা কালে প্রয়োজনের অতিরিক্ত খাদ্য তৈরী করতে পারবে। এইরকমভাবে ছোট খাল, ছোট নদী কেটে নিয়ে, অবশ্য বড় বড় পরিকল্পনা, যেমন দামোদর, ময়ূরাক্ষীর মতন পরিকল্পনা যা করতে সাকি সময় লাগবে, আগে ছোট ছোট পরিকল্পনার কাজে যদি অগ্রসর হওয়া যায়, অবশ্য মন্ত্রীমহাশয়ের বক্তৃতাতে যার আভাস আমরা পেলাম যে এদিকে কাজ বেশ আরম্ভ হয়ে গেছে, তাহলে আমাদের খাদ্য ফসল যে শীঘ্রই বাড়বে তাতে আর সন্দেহ নেই। Grow More Food Committeeতে যাঁরা আছেন তাঁদের কাছে যদি বলা যায় যে অমুক জায়গায় ৫ হাজার টাকা ব্যয় করে খাল কেটে যদি জলের ব্যবস্থা করে দেয়া হয় তাহলে নিশ্চয়ই খাদ্যের পরিমাণ বাড়বে, এইভাবে সকলের সহযোগিতার উপর ব্যবস্থাগুলি কার্য্যকরী হওয়া নির্ভর করে। সঙ্গে সঙ্গে যে সব ব্যবস্থা করা হয়েছে তাতেই আমাদের খাদ্যের উৎপাদন ২ লক্ষ ২॥০ লক্ষ টন বেড়েছে। আমি এখানে একটা কথা বলতে চাই, সে কথাটা হচ্ছে এই যে আমাদের collective farming এর দিকে নজর দিতে হবে। আমাদের এটা হচ্ছে কতকটা ব্যক্তি স্বাতন্ত্র্যের দেশ। যদি নিজেদের সুবিধা করতে পারি, তাহ'লে আর সমাজ বা রাষ্ট্রের কথা আমরা ভাবি না। কিন্তু অন্যান্য দেশ এরকম নয়। সেখানে লোকেরা নিজেদের ক্ষতি করে রাষ্ট্র ও সমাজের ক্ষতি যাতে না হয় সেইরূপ কাজ করে। সেই জন্য উৎপাদন বাড়ানোর ব্যাপারে collectiveএর মনোভাব লোকের মধ্যে প্রচার করতে হবে, তাহলে ফলন বাড়বে। মন্ত্রীমহাশয় যে হিসাব দিয়াছেন তাতে সার প্রয়োগের ফলে গড়ে প্রতি একরে ৫৫--৬০ মণ ধান ফলেছে, কাজেই ব্যক্তিগত প্রচেষ্টায় যদি এতটা হতে পারে তাহলে collective farmingএ শুধু চাষ-বাসের ব্যাপারেই নয়, জীবনের বিভিন্ন অর্থনৈতিক ক্ষেত্রে সকলে মিলে যদি একত্র কাজ করতে পারা যায় তাহলে আমি মনে করি সব দিক দিয়ে ভালো হয়।

আর একটা বিষয় এই যে পূর্বে দেখেছি যতগুলি জলা আছে প্রায় সব জায়গায়ই কচুরি পানায় ভরা। কিন্তু এবারে দেখেছি কচুরি পানা নাই। কারণ জলাশয়গুলি সাফ করা হয়েছে। এই রকমভাবে যদি সব দিক দিয়ে কাজ করা যায় তাহলে খাদ্য বিষয়ে যে আমরা শীঘ্র উন্নতি লাভ করতে পারব তাতে সন্দেহ নাই। আন্তর্জাতিক পরিস্থিতিতে যদি বিরোধ বেধে যায়, তাহলে আর বাইরে থেকে খাদ্য পাওয়া যাবে না। ১৯৪৩ সালে যে রকমভাবে ইচ্ছা করে লোকদের মেরে ফেলা হয়েছিল man-made famineএর দ্বারা, যদি অতিরিক্ত খাদ্য উৎপাদন আমরা না করতে পারি তাহলে আবার আমাদের সেই দুরবস্থার সম্মুখীন হতে হবে। অতএব আমাদের এই খাদ্য বাড়ানোর দিকে সর্বতোমুখী চেষ্টা করতে হবে। বসবার আগে খাদ্য উৎপাদন বৃদ্ধির যে চিত্র মন্ত্রীপ্রবর আমাদের সামনে উপস্থিত করেছেন সেজন্য আবার তাঁকে ধন্যবাদ দিচ্ছি।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN : আজকে যে সমস্ত মাননীয় সদস্যেরা এখানে বক্তৃতা করলেন তাঁদের কাছে আমি কৃতজ্ঞ; এমন কি, শিবনাথ বাবুর কাছেও। শিবনাথ বাবু বলেছেন—খাদ্যে পশ্চিম বঙ্গকে স্বাবলম্বী করবার দরকার নেই। (Sj. SIBNATH BANERJEE : ভুল বুঝেছেন।) তিনি বলেছেন—খাদ্যে স্বাবলম্বনের জন্য বেশী করে চেষ্টা না করে শিল্পের দিকে যদি বিশেষ করে মন দেওয়া যায় তাহলে পশ্চিম বঙ্গের পক্ষে ভালো হবে। এবং তিনি আরো বলেছেন যে খুব বেশী পরিমাণ জমি reclaim করে চাষ বাড়ানোর দরকার আছে বলে তিনি মনে করেন না। সঙ্গে সঙ্গে তিনি একটু পরেই স্বীকার করেছেন যে হাঁ, compost সার ব্যবহারের দ্বারা বা জলসেচের দ্বারা যাকে তিনি মালিশ দেওয়া বলেছেন, এই মালিশ দিয়েও যদি ফসল বাড়াতে পারি তাহলে তাঁর আপত্তি নাই, এবং তার জন্য আনন্দও প্রকাশ করেছেন। তিনি যে ৬ দফা কাজের কথা বলেছেন তাতে তাঁর সঙ্গে আমাদের কোন বিরোধ নাই, তবে এইগুলি বর্তমানে কাজে পরিণত করা সম্ভবপর নয়। তিনি যদি ভালো করে চিন্তা করে দেখেন তাহ'লে বুঝতে পারবেন আমরা ঐ দিকেই এগিয়ে যাচ্ছি। কিন্তু শিবনাথ বাবু দুটো জিনিষ নিয়ে ঘুরপাক খাচ্ছেন। এক দিকে সাম্যবাদের কথা তুলে সেইটেকেই ভাল বলে বলেছেন, আবার সঙ্গে সঙ্গে খাদ্য চাষী সম্মিলন যে আরম্ভ হয়েছে তারও প্রশংসা করেছেন। আমি ওঁকে বলছি এবং আমাদের প্রধান মন্ত্রীও সেদিন ঘোষণা করেছেন যে আমাদের যে ভূমি ব্যবস্থা তার সংস্কার এমনভাবে করতে চাই যে যারা চাষ করবে তারাই তার ফল ভোগ করবে। আমরা শুধু উপর থেকে নামকো ওয়াস্তে জমিদারী প্রথা এখনি বদলে দেবার একটা programme দিইনি, যার ফলে নীচের দিকে যাদের ২০০ বিঘা জমি আছে তারা যেমন ছিল তেমনি থেকে যাবে। আমরা যা economically হওয়া উচিত সেইটে করারই চেষ্টা করব। শিবনাথ বাবু যেখানে বলছেন ২০ বিঘা সেখানে আমরা বলি ১৫ বিঘা। আমি বলেছি এই সমস্ত কাজ এবং শিবনাথ বাবুর উল্লিখিত ৬ দফা কাজ আমরা করতে পারব কিন্তু তার পূর্বে পশ্চিম বাংলাকে খাদ্যে স্বাবলম্বী করতে হবে। শিবনাথ বাবুর suggestion মতন ভূমি ব্যবস্থার সংস্কারের দিকে হাত দিলে শুধু একটা অর্থনৈতিক বিপর্যয়ই ঘটবে না অনেকগুলি লোক ভূমি থেকে সরে যাওয়ার ফলে একটা বিশৃঙ্খলা এসে যাবে দেশের মধ্যে। বর্তমানের সমস্যাসংকুল অবস্থায় আমাদের বিশেষ সতর্কতার সহিত অগ্রসর হতে হচ্চে।

যে কথা শ্রদ্ধেয় হেমন্ত বাবু এবং হরিপদ বাবু বলেছেন যে ১৩ লক্ষের উপর আশ্রয়প্রার্থী ভাইবোন আমাদের এখানে এসেছেন। আরো কত আসবেন জানিনে। আজকে খাদ্যের সমস্যা যখন এই রকম তখন কোন কোন বিষয়ে শিবনাথ বাবুর সঙ্গে theoretically এক মত হয়েও যুক্তপ্রদেশ বা বেহার কি করছে বা করেছে আমি সে আলোচনার মধ্যে যাচ্ছিনে। প্রধান মন্ত্রী মহাশয় বলেছেন—আমিও বলছি, আমরা চাই ভূমির ব্যবস্থা এমন করতে যাতে প্রত্যেক চাষীকে ১৫ বিঘার মত দিতে পারা যায়........কারণ, আমাদের পশ্চিম বঙ্গের স্বল্পায়তন চাষ জমি যা রয়েছে তাতে মাথা পিছু ১·২ একর হয়। যখন অখণ্ড বঙ্গ ছিল তখন ১·৭ ছিল। তারপর আরো আশ্রয়প্রার্থী এসে পড়লে ৬ মাস পরে কত দাঁড়াবে তা বলা যায় না।

শিবনাথ বাবু বলেছেন ধানের দর সাড়ে সাত টাকা, কিন্তু আমরা কেন ১৬৲ টাকা, ১৮৲ টাকা, ২০৲ টাকায় চাল বিক্রী করি। তার উত্তর আগেই demand move করবার সময় দিয়েছি। ধানের দর সাড়ে সাত টাকা, আমরা রিটেলারের কাছে চাল বিক্রী করি ১৬৷৵ মণ। এক মণ ধানে তিন মণ চাল তো আর হয় না। শিবনাথ বাবু কত ধানে কত চাল হয় জানেন না।

Sj. SIBNATH BANERJEE : মন্ত্রী মহাশয় শোনেন নাই, দেড় মণ ধানে এক মণ চাল হয়।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN : আমাদের ধান খুব দূরে দূরে গ্রাম থেকে সংগ্রহ করে আনতে হয়। আমরা এই যে procurement করছি, এতে করে প্রতিটা কনা আমরা বাজারে আনছি। Controlএর অন্য কোন ভাল ফল যদি নাও হয়ে থাকে, তবে এটা হয়েছে যে আজ প্রত্যেকটা দানা, প্রতিটা কনা ধান আমরা আনতে পারছি। হয়ত কিছু ধান black marketএ যাচ্ছে, সদর দরজা দিয়ে সরকারকে দিচ্ছে পেছন দরজা দিয়ে কিছু পরিমাণ কালোবাজারে যাচ্ছে। অনেক দূর দূর গ্রাম থেকে ধান নিয়ে আসতে বেশ কিছু টাকাপয়সা খরচ হয়। গত ৮।১০ বছরে যুদ্ধের সময় থেকে আমাদের দেশে গ্রাম্য রাস্তা সংস্কার হয় নাই। সমস্ত রাস্তা খারাপ হয়ে গেছে। কোথাও বা ট্রাকে করে, কোথাও বা গরুর গাড়ীতে করে ধান নিয়ে আসতে হয়। দিনাজপুর থেকে এক মণ ধান বা চাল আনতে গেলে সাড়ে তিন টাকা চার টাকা খরচ হয়। কাজেই আমরা যে ধান মণ প্রতি সাড়ে সাত টাকা দরে কিনি, যারা সেই ধান কিনবে তাদের মণ প্রতি দু আনা ক'রে কমিশন, যারা সেই ধান রাখবে তাদের মণ প্রতি তিন আনা ক'রে কমিশন, তারপর যারা সেটা চালে পরিণত করে দেবে তাদের মণ প্রতি এক টাকা চার আনা করে দেওয়া হয়। তার উপর আবার

transport cost আছে। এই সমস্ত বিষয় যদি শিবনাথ বাবু হিসাব করে না বলেন, তাহ'লে বলবো উনি আজকাল পুরিক আন্দোলন করতে গিয়ে সমস্ত হিসাব গুলিয়ে ফেলেছেন। কিন্তু আমি তাঁকে ভালভাবে বুঝিয়ে দিতে পারি যে আমরা কিছু অন্যায় কাজ করছি না; লাভও করছি না। যদি কোন জায়গায় socialism হয়ে থাকে, তাহ'লে তা একমাত্র আমাদের এই খাদ্য বিভাগেই হয়েছে। আমরা যাদের কাছ থেকে সংগ্রহ করি তারা সকলে বড় বড় চাষী। এক সময় গভর্ণমেণ্টের তরফ থেকে Dr. J. C. Kumarappaকে ধানের দর বাড়াবার সম্বন্ধে তথ্য দেওয়া হয়েছিল।

শিবনাথ বাবু আরও বলেছেন কাপড়ের দর বেশী, লোহার দর বেশী, মাছের দর বেশী—সবই ঠিক। শিবনাথ বাবু যদি কোন একটা অঞ্চলে গিয়ে survey করেন, তথ্য সংগ্রহ করেন, তাহ'লে দেখতে পাবেন যে আমাদের দেশের যা আর্থিক অবস্থা, তাতে একজন গরীব লোকের বা নিম্ন মধ্যবিত্ত লোকের আয়ের শতকরা ৬৮ ভাগ থেকে ৭২ ভাগ খরচ হচ্ছে এই চালের জন্য। যাদের এক বিঘা থেকে ৭ বিঘা পর্য্যন্ত জমি আছে, তাদের আষাঢ়-শ্রাবণ-ভাদ্র বা আশ্বিন-কার্ত্তিক মাসে কিনে খেতে হয়। এই পশ্চিম বঙ্গের আড়াই কোটি লোকের মধ্যে ১ কোটি ৯০ লক্ষ লোককে কোন না কোন সময় কিনে খেতে হয়। কাজেই আমরা ধানের দর কোনক্রমেই বাড়াতে পারি না। আমাদের শতকরা ৮৫ ভাগ ধান সংগ্রহ হচ্ছে যাদের অনেক জমি আছে তাদের কাছ থেকে, বিশেষ করে যারা ভাগে জমি চাষ করায়।

সুতরাং শিবনাথ বাবু যদি ২১ তারিখে উপস্থিত থাকেন, তাহ'লে আরও details যা সংগ্রহ করেছি সেটা দেখতে পাবেন। উনি ত জানেন আমার হিসেব সংগ্রহের রোগ আছে। আমরা কৃষি ও শিল্প বিভাগের মধ্যে সমন্বয় সাধনের চেষ্টা করবো।

হরিপদ বাবু বলেছেন কি আর বাজেট আলোচনা করবো। আজ এই পশ্চিম বঙ্গে দলে দলে পূর্ব বঙ্গের ভাইবোনেরা আসছে। যেখানে এত বিপদ বিশৃঙ্খলা সেখানে আমরা কি করবো?

শিবনাথ বাবু Persian wheel ব্যবহার করার কথা বলেছেন। কিন্তু তিনি জানেন না যে আমাদের দেশে Persian wheel বেশী কার্য্যকরী নয়। যেরূপ গভীর ইঁদারার প্রয়োজন তা এখানে নাই। তাছাড়া এর দ্বারা সামান্য জমিতে জলসেচ হতে পারে—৬ একর মাত্র। এক একটা Persian wheelএর দাম ৪১১৲ টাকা পাম্পের দাম ২,২২০ টাকা; তাতে ৫০ থেকে ৮০ একর জমি জল পেতে পারে। পরীক্ষা করে দেখা গেছে Persian wheel চলছে না এবং সুবিধাজনক নয় বলেই তাকে বাতিল করা হয়েছে।

শিবনাথ বাবু ঝাড়গ্রামের মাখমোহন মোহান্তকে একটা tractor দেবার জন্য বলেছেন। সেটা বিবেচনা করা হবে। প্রত্যেক District Magistrateকে বলেছি Powerine তেল সঙ্গে সঙ্গে দিয়ে দিতে।

তারপর হরিপদাটার জমির মূল্য সম্বন্ধে শিবনাথ বাবু বলেছেন। সে সম্বন্ধে আমি বিস্তারিতভাবে না জানলেও এটুকু বিশেষভাবে জানি যে তাদের মোট ১০,৭২৫৲ টাকা দেওয়া হয়েছে। প্রধান মন্ত্রী মহাশয় এ সম্বন্ধে order দিয়েছিলেন দিয়ে দেওয়ার জন্য। ১০৬৲ টাকা করে rate হয়েছিল। হিসাবের ও দরের সামান্য কিছু গোলমাল আছে। শিবনাথ বাবুই বলেছেন ১৩৫৪-৫৫ সালের টাকা দেওয়ার জন্য order issue হয়েছে। তা শীঘ্র দেওয়া হবে।

জনাব মুশাররফ হোসেন সাহেব কতকগুলো পুরাতন হিসাব তুলে দেখিয়েছেন ১৯৪৮-৪৯-৫০ সালে যেসব কাজে আমরা এগিয়েছি, যেগুলি কাজ করেছি, সে Irrigationই হোক বা অন্য minor কাজই হোক, ছোট ছোট হলে পরেও সেগুলি স্থায়ী হবে, তা থেকে প্রয়োজনমত জল পাওয়া যাবে ও ফসল বাড়বে। তবে কোন বছর যদি অনাবৃষ্টি হয়, তাহ'লে ত ফসল কমই হবে। কাজেই উনি যে পুরান হিসাব দেখিয়েছেন, তার কোন মানেই হয় না। উনি বলেছেন afforestation চাই জমি খারাপ হয়ে যাচ্ছে। মাননীয় সদস্যকে বলবো যে Forest ও Fishery বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয় afforestationএর জন্য চেষ্টা করছেন। Reclamation করলে সেই জমির আর afforestationএর কথা ওঠে না। Reclamation করলে ভাল কাজ হবে। Reclamation আমরা নিশ্চয়ই করবো।

শ্রদ্ধেয় হরিপদ বাবু অনেক কথাই বলেছেন। ওঁর সঙ্গে আমি এক মত। উনি কয়লা পাঠাবার কথা বলেছেন কামারদের জন্য। এবিষয়ে আমি সরবরাহ মন্ত্রী মহাশয়কে বলবো।

(At this stage blue light was lit.)

SJ. HARIPADA CHATTERJEE: শুধু ঐ কামারদের জন্যই নয়, গৃহস্থের জন্যও চাই। তাদের জন্যও কয়লা পাঠাতে হবে। কারণ তারা গোবর পুড়িয়ে ফেলে।

(A VOICE: আমাদের খাবার ত হ'ল, গরুর খাবারের কি হবে?)

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: বলবো। Fodder সম্বন্ধে আমাদের একটা scheme ছিল, কিন্তু প্রয়োজনীয় টাকার অভাবে সেটা বাতিল হয়ে গিয়েছে। টাকা পেলেই আমরা সেই schemeকে কার্য্যকরী করবো। আমরা যদি জমিতে পরিমিত জলসেচ করতে পারি ও মাঝে মাঝে সার দিতে পারি, তাহ'লে আমাদের ফসলের উৎপাদন বাড়বেই। তাহ'লে আমরা জনসাধারণকেও বোঝাতে পারি তোমরা জল পাবে, আর যদি তোমরা একটু বেশী পরিশ্রম কর, চেষ্টা কর, তাহ'লে একটা জমি থেকে দুটো তিনটে ফসলও করতে পারবে। এমন কি fodder cropও করতে পারবে।

সরকার থেকে আগে মাসিক ১৫৲ টাকা করে ষাড় রাখবার জন্য দেওয়া হত। এটা পুনরায় প্রবর্ত্তনের জন্য অনেকে বলেছেন, আমাদের এবিষয়ে বিবেচনা করা উচিৎ। নিশ্চয়ই আমরা এটা বিবেচনা করবো।

অনেকে ট্রাক্টরের কথা বলেছেন জমি reclamationএর জন্য। তবে tractor যাতে আরও বাড়ান যায় সেটা দেখবো। Reclamationএর জন্যই tractor দরকার। অনেকে বলেছেন tractor চাই, compost সার চাই। হাঁা, সবই চাই। হরিপদ বাবু বলেছেন tractor ত গোবর দেবে না, নাদে না। গ্রামেতে নর্দ্দমা দিয়েও compost সার করা যেতে পারে।

আমাদের পাটের ফলন বাড়াতে হবে। হরিপদ বাবু দেখিয়েছেন পূর্ব বঙ্গ থেকে চাষীরা এসে পাটের চাষ করে ফলন খুব বাড়িয়েছে। সে পাট দেখতে যেমন সুন্দর হয়েছে, qualityও দেখতে ভাল। তিনি বলেছেন একর প্রতি পাঁচ বেল পর্য্যন্ত করতে পারা যেতে পারে। তাই ভয় পাচ্ছেন যে দর কমে যাবে। কিন্তু আমি তা মনে করি না। যে বিপদের কথা তিনি বলছেন তা হবে না। *Capital*এ যে খবর বেরিয়েছে তা ঠিক নয়। এবিষয় আমি সংশ্লিষ্ট মহলকে জানাবো।

জনাব হাবিবুর রহমান সাহেব পশ্চিম দিনাজপুরে কৃষি-ঋণ দেবার কথা বলেছেন। সেটা দরকার হলে আমরা দেব। Development করবার জন্য প্রত্যেক District Magistrateকে আমাদের মোটা একটা টাকা দেওয়া আছে। অনেকে তা জানেন না। যাঁরা খোঁজ রাখেন তাঁরা জানেন যে সেই টাকার সদ্ব্যবহার করা হচ্ছে।

আমাদের শ্রদ্ধেয় হেমন্ত বাবু Sir William Coxএর কথা যা বলেছেন বাস্তবিক সেটা স্বীকার করি। ছোট ছোট যা কিছু কাজ আমরা করছি সে সবই Irrigation বিভাগ ও কৃষি বিভাগ থেকে বিশেষ দৃষ্টি রেখেই আমরা করছি। যে সমস্ত জমি পতিত আছে, সেগুলি সম্বন্ধে আমাদের Refugee Department থেকে ব্যবস্থার আমরা চেষ্টা করছি। Collective farmingএর চেষ্টা হচ্ছে। জলপাইগুড়িতে কাজ আরম্ভ হয়েছে।

Sj. SIBNATH BANERJEE: স্পীকার মহোদয়, মন্ত্রী মহাশয়ের ৫ মিনিট আমাদের মিনিটের চেয়ে লম্বা দেখছি। Blue light তো ৫ মিনিটের ওপর হয়ে গেছে।

(A VOICE: কত লম্বা?)

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: শিবনাথ বাবু দেখছি অধীর হয়ে পড়েছেন। যত সব cut motion এখানে move করা হয়েছে আমি তার বিরোধিতা করছি এবং আমি যে দাবী জানিয়েছি ২ কোটি ৬১ লক্ষ ৫৮ হাজার টাকার তা আপনারা cut motions withdraw করে নিয়ে মঞ্জুর করবেন।

The motion of Sj. Sibnath Banerjee that the demand of Rs. 2,61,58,000 for expenditure under the heads "40—Agriculture" and "71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", was then put and lost.

The motion of Janab Mudassir Hossain that the demand of Rs. 2,61,58,000 for expenditure under the heads "40—Agriculture" and "71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", was then put and lost.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that a sum of Rs. 2,61,58,000 be granted for expenditure under the heads "40—Agriculture" and "71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", was then put and agreed to.

41—Veterinary.

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: Sir, on the recommendation of His Excellency the Governor, I beg to move that a sum of Rs. 14,95,000 be granted for expenditure under the head "41—Veterinary".

The motion was then put and agreed to.

42—Co-operation.

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: Sir, on the recommendation of His Excellency the Governor, I beg to move that a sum of Rs. 17,81,000 be granted for expenditure under the head "42—Co-operation".

Sj. SIBNATH BANERJEE: Sir, I beg to move that the demand of Rs. 17,81,000 for expenditure under the head "42—Co-operation" be reduced by Rs. 100.

I move this to raise a discussion about the policy and practice of the department.

I further move that the demand of Rs. 17,81,000 for expenditure under the head "42—Co-operation" be reduced by Rs. 100.

I move this to raise a discussion about not giving priority to the Refugees' Co-operative Societies regarding loan and other facilities.

I further move that the demand of Rs. 17,81,000 for expenditure under the head "42—Co-operation" be reduced by Rs. 100.

I move this to raise a discussion about the inefficiency of the audit system and non-separation of Audit Section from Administrative Section.

I further move that the demand of Rs. 17,81,000 for expenditure under the head "42—Co-operation" be reduced by Rs. 100.

I move this to raise a discussion about not giving any priority or even ordinary consideration to the applications of Co-operative Transport Societies for buses.

I further move that the demand of Rs. 17,81,000 for expenditure under the head "42—Co-operation" be reduced by Rs. 100.

I move this to raise a discussion about the insufficiency of the grant.

I further move that the demand of Rs. 17,81,000 for expenditure under the head "42—Co-operation" be reduced by Rs. 100.

I move this to raise a discussion about not forming or giving facilities to form a central body as the co-operative alliance for propagating and co-ordinating co-operative activities in the Province.

Mr. Speaker, Sir, আমার অসুবিধা হচ্ছে এই যে মাননীয় মন্ত্রীমহাশয় কিছুই বলছেন না আমাকে আগাকেই বলতে হবে। কো-অপারেটিভ সম্বন্ধে যদি তিনি কিছু বলতেন তাহলে সুবিধা হতো। এই Houseএ, আমরা প্রত্যেক মন্ত্রীর কাছে দাবী করেছি, কোন বিষয়ের দাবী আনলেই সে বিষয়ে কিছু বলা উচিত। উপস্থিত এই দাবীটার বিষয়ে তিনটা cut motion move করা হয়েছে। এর আগে মন্ত্রীমহাশয় agriculture সম্বন্ধে বলতে গিয়ে অনেক time নিয়েছেন বলে এটার বেশী time পাননি বলে বোধ হয় কিছু বলেননি। অবশ্য আর দিন হলো এই departmentটা তিনি হাতে নিয়েছেন। গতবার পূর্ব্বের নিকুঞ্জবাবু যে সব কথা বলেছেন, সেন মহাশয় পাতা উল্টে সেগুলা দেখেছেন কিনা জানি না। অনেক কথা তিনি বলেছিলেন বিশেষ করে তাঁর বক্তৃতার শেষ কালে তিনি বলেছেন "সমস্ত অবস্থা পর্য্যালোচনা করে এইটুকু দৃপ্ত কণ্ঠে বলা যায় যে সমবায় আন্দোলনের এই নব পর্য্যায় অচিরেই যাবতীয় অন্তরায়ের মূলোচ্ছেদ করে সার্থক হয়ে উঠবে। সেদিন হতচেতন জনসমাজ আবার উদ্বুদ্ধ হয়ে উপলব্ধি করবে যে তার অচিন্তনীয় রূপান্তর ঘটেছে। সমষ্টিগত জীবন যে শীঘ্রই বিপুল সমৃদ্ধিশালী হয়ে উঠবে, তারই ইঙ্গিত আজকে দেখতে পাওয়া যাচ্ছে।" খুব গুরুগম্ভীর আয়োজনের আভাস কাজে হত না হোক কথায় প্রকাশ করেছেন, কিন্তু আয়োজনটা কোথায় এসে দাঁড়িয়েছে কিছুই বোঝা যাচ্ছে না। অন্ততঃ গত বৎসরের জন্য যে টাকাটা sanction করা হয়েছিল তাও স'অল্প খরচ করতে পারেননি। এ বছর মন্ত্রী মহাশয় চেয়েছেন ১৭ লক্ষ টাকা, খরচ করলে এই টাকাটা

যে কিছু বেশী হয় তা নয়, কো-অপারেটিভ সম্বন্ধে যদি দুকোটি টাকা দিতেন তাহলেও কাজ হবে তার ঠিক নাই। যে সমস্ত কাজের কথা বলেছি, যেমে নিয়েছেন কিন্তু কবে হবে বলেন নাই। এই হাজার বছরে হবে না দশ বছরে? নিকুঞ্জবাবু যা বলেছিলেন সেতো পূর্বেই উল্লেখ করেছি এখন নতুন মন্ত্রী এসে কিভাবে চালাবেন সেটা বরং ভালো হত। যাহোক বেশী সময় আমি নেব না একটা specific ব্যাপার নিয়ে কিছু বলব। এটা আমার cut motionএর মধ্যেও রয়েছে—যে কোন central body নাই প্রদেশের co-operative activity-গুলিকে co-ordinate করার জন্য। মন্ত্রী মহাশয় দক্ষ লোক হলেও দশটা কাজের মধ্যে কতখানি time এই co-operativeএর জন্য দিতে পারবেন জানি না।

Co-operativeএ জনসাধারণের সহযোগিতা যেমন দরকার গভর্ণমেণ্টেরও সাহায্য তেমনি দরকার। অন্যান্য প্রদেশ যতখানি এগিয়েছে নানা দল ও পার্টি যে রয়েছে তাদের মধ্য দিয়েই কাজটা এগিয়ে যাচ্ছে। মাদ্রাজে আছে, বোম্বেতে আছে, এদেশেও ছিল; Partitionএর সময় liquidationএ চলে গেল জানিনা যাঁরা মন্ত্রী ছিলেন তাদেরও হাতে ছিল কি করে যে liquidationএ গেল জানি না। Non-official যেটা ছিল তাতে মন্ত্রিমণ্ডলীর কোন দায়িত্ব নাই। Semi-official body যেটা ছিল সেটাকেও আবার করবার চেষ্টা হয় নাই। আমরা বাইরে থেকে জোর করে চেয়েছি তবু সেটার registration হতে পারেনি। যেটা co-operativeএর কাজ করবে এবং সাহায্য করবে সেই bodyটা নাই—এই একটা প্রধান অভাব এই departmentএর সম্বন্ধে বলবার রয়েছে। আর একটা মস্ত ত্রুটি এই departmentএর যেটা মন্ত্রিমণ্ডলীর,—প্রধান মন্ত্রীকে দেখা যাচ্ছে না—সকলের চেষ্টা ছাড়া হবে না। সেটা হচ্ছে এই Provincial Central body রূপে যে departmentটার function ছিল সেটা ছড়িয়েছিল সমস্ত বাংলা দেশে। তা'তে অনেক টাকা লগ্নি ছিল। East Bengal থেকে সেই টাকা পাবার কি চেষ্টা হচ্ছে? সে টাকাটা মোটা টাকা। আমার মনে হয় কয়েক কোটি টাকা হবে। সে টাকাটা পাবার চেষ্টা করে কি পরিমাণ পাওয়া গেছে এবং পাওয়া না গেলে কবে পাওয়া যাবে বা পাওয়া যাবেই কিনা জানা দরকার। সেটা না পাবার জন্য এই প্রদেশের co-operative movementএর কাজ বাধা প্রাপ্ত হচ্ছে। যে ১৭ লক্ষ ৮১ হাজার টাকা মন্ত্রীমহাশয় এই বাবদ চেয়েছেন তার প্রয়োজন অনেক আগে রয়েছে। প্রথমে বক্তৃতা দিয়ে এ সম্বন্ধে তিনি কিছু বলেননি আশা করি উত্তরে সে সম্বন্ধে কিছু বলবেন।

Co-operative transport সম্বন্ধে গত বৎসর বলেছিলাম। কিন্তু এখানে বলার অর্থ অরণ্যে রোদন, বলে কোন লাভ নাই। Co-operative society registered থাকা সত্ত্বেও তাদের কোন bus দেয়া হয়নি। প্রধান মন্ত্রীমহাশয়কে বলায় তিনি বলেছেন "ওখান দিয়ে আমরা State bus চালাচ্ছি" আমি হয়ত পেতে পারতাম political sufferer হিসেবে বা refugee হিসেবে। কিন্তু co-operativeএরও পাওয়া উচিত। Busএ co-operativeএর priorityতে refugeeদের জন্য দাবি বাধা হচ্ছে, co-operative society দ্বারা কিন্তু কারো বাধা হচ্ছে না। তারপর societyগু' একটা যা registered হয়েছে সেগুলিও সরকারী সাহায্য না পাওয়ার জন্য, স সে মিরা অবস্থা হয়ে আছে, তারা কোন কাজ করতে পারছে না। যেমন আছে শান্তিনিকেতনে co-operative society, তার মধ্যে health department আছে, যার যখন দরকার হয় ডাক্তার পাবে কিন্তু বছরে co-operative insuranceএর মতন health departmentএ টাকা দিয়ে রেখেছে তা দ্বারা ডাক্তারের help সব সময়ই পাবে, এবং Parliamentary Secretary এই ব্যাপারের যিনি আছেন তাঁর এটা ভালরকম জানা আছে—আমি নিশাপতি মাঝির সম্বন্ধে বলছি,—তাঁর এদিকে সম্যক জ্ঞান আছে, এবং আশা করি এই লাইনটা প্রসারের চেষ্টা হবে।

যেকথা agriculture সম্বন্ধে বলেছি এখন সেইটারই একটা পুনরুক্তি হবে land distribute করে দিয়ে—লাঙ্গল যার জমি তার হলেও enough হবে না, সে ভালোভাবে চাষের মান বাড়াতে বা উন্নততর প্রণালীতে চাষ করতে পারবে না; যদি না in co-operative securities and collective farmingএ সম্মিলিত না হয়। এখানে co-operative securityর কোন পরিকল্পনা আছে কিনা জানবার জন্য ঔৎসুক্য আছে। Industrial linesএ (blue light)—আর একটু সময় চাই। এটায় একটু বেশী বলবো বলে veterinaryতে কিছু বলি নাই।

Mr. SPEAKER : All right, but try to be very brief.

Sj. SIBNATH BANERJEE : আমি যতদূর সম্ভব সংক্ষেপে বলছি। এক একটা pointএর উল্লেখ করে industrial co-operativeএর জন্য বলবার চেষ্টা করেছি, ইংরেজের আমলে, লীগের আমলে; এখানে industrial co-operativeএর প্রতি বর্তমান মন্ত্রীদের বিশেষ দৃষ্টি নাই। Agriculture সম্বন্ধে যে উনি বলেছেন, "ছোট ছোট পরিকল্পনা করে কাজে অগ্রসর হওয়া," এখানেও তেমনি co-operative

ছোট ছোট industry করে জনসাধারণের নিত্যপ্রয়োজনীয় জিনিষগুলি যাতে তারা তৈরী করতে পারে সেদিকে বিশেষ কোন চেষ্টা দেখতে পাচ্ছিনে। চীনে সব যখন চারদিক থেকে অবরুদ্ধ ছিল, বড় industryগুলি জাপান কেড়ে নিয়েছিল, সে সময় China লড়েছে এই industrial co-operativeএর সাহায্যে। প্রায় ত্রিশ হাজার co-operative industry তাদের প্রয়োজনীয় দ্রব্য সব করেছে। জাপান এক একটা জায়গা নিয়ে ক্রমে এগিয়ে এসেছে আর তারা ছোট ছোট যন্ত্রপাতি নিয়ে সরে গিয়েছে, তাতে যন্ত্রপাতিরও বিশেষ ক্ষতি হয় নাই।

এখন nomination সম্বন্ধে একটা কথা বলবো। গতবারে মন্ত্রীমহাশয় বলেছিলেন যে nomination দরকার। Credit societyতে যারা share-holder তাদের প্রতিনিধি থাকে না, departmentএর প্রতিনিধি থাকে। Depositorদের অল্প প্রতিনিধি elected হয়। কিন্তু যারা loan গ্রহণ করে তারা সব গরীব। তাদের depend করবার কেউ থাকে না এর ফলে পাকিস্তান ও হিন্দুস্থানের মতন বিভক্ত হয়ে পড়ে। অন্যান্য জায়গার মতন Consumers' Co-operative, Building Society, Transport Society এ সমস্তর তো প্রশ্নই ওঠে না। এখানে nomination প্রথা থাকার কোন কারণ নাই। অন্যান্য জায়গা থেকে যেমন nomination উঠে যাচ্ছে এখান থেকেও তেমনি nomination উঠে যাওয়া দরকার। Multipurpose society গত বছরে ৯০টা ছিল, এবারে হিসাবে দেখছি তার চেয়ে ঢের বেশী, দেখছি multipurpose societyর একটু fad হয়েছে। তার মধ্যে অনেকগুলিই লালবাতি জ্বেলেছে। (A VOICE: আপনার হাতে কটা লালবাতি।) আমার হাতে লালবাতি জ্বলে নাই। বোঝার শক্ত নাই। কতকগুলি সমিতি বেড়েছে। খালি বাড়ালেই হয় না, তাদের অবস্থা কি। ইউনিয়ন, সমিতি অখণ্ড বাংলায় ২০ হাজারের মতন ছিল। তার মধ্যে actually solvent অবস্থায় ৮০টা—শতকরা ৮০টা ছিল। Multipurpose societyর নাম নিয়ে তার মধ্যেকার কতকগুলি ঋণ দান করছে। তারা কি produce করছে? কি সার সরবরাহ করছে? Compost সরবরাহ করছে না উন্নততর পচাই সার সরবরাহ করছে? এগুলির প্রকৃত functionএর দিকে যদি দৃষ্টি দেয়া হতো তাহলে ভালো হতো। সর্বার্থ সাধক society সত্যই সর্বস্বার্থ করছে—না কাজ করছে? এই বাবদ টাকাগুলি জলে যাচ্ছে, না কাজ হচ্চে?

তারপরে আর একটা বিষয় হচ্চে Audit Department. এটা যে ভালো নয় একথা নিকুঞ্জবাবু গত বছর স্বীকার করেছিলেন। তার কোন পরিবর্তন হয়েছে কিনা জানি না। গত বছর তিনি স্বীকার করেছিলেন ৫০টা societyর জন্য একটা করে থাকা দরকার। গত বছরে ছিল ২০০। এবারে কোন পরিবর্তন হয়েছে না দ্বগুণের আরো বেশী তাদের ঘাড়ে চাপান হয়েছে। তারা দুরুৎ কাজ করে না। প্রতিটী প্রতিষ্ঠানের কাছ থেকে audit fee নেয়া হয়, কাজেই এর কোন মানে নেই যে ২ বছরে ৩ বছরেও audit হবে না। যদি sufficient auditors নিযুক্ত করে audit reportগুলি বছর বছর পাওয়া যায় তাহলে share-holder বা director দল তাদের ত্রুটি সংশোধন করতে পারবে। বছরের মধ্যে একবার তো দূরের কথা দু বছরেও একবার হয় না। এই ব্যাপারটা এমনি একটা stageএ এসে গেছে যে আজই এর সংস্কার হওয়া দরকার। বছরের মধ্যেই audit হওয়া চাই এবং সেজন্য সেন মহাশয়ের পকেট থেকে কিছুই যাবে না। Audit fee বাবদ যে টাকা পাওয়া যায় তারাই হয়ে যাবে। এই audit না হওয়ার দরুণ বহু societyর অবস্থা খারাপ হয়ে পড়েছে, অতএব audit শীঘ্র হওয়া দরকার। দৃষ্টান্ত স্বরূপ আমি একটা ঘটনা উল্লেখ করছি—হাওড়ার একটা co-operative society ১০।১২ বছর আগে liquidationএ গিয়েছে। এই ১০।১২ বছরের মধ্যেও liquidationএর process complete হল না। ফলে টাকাগুলি অনর্থক আটকে রয়েছে, উদ্ধার হলে উলুবেড়ের Co-operative Central Bank নিয়ে গিয়ে সেগুলি কাজে লাগাতে পারত। সেটা অনর্থক আটকে আছে।

আমি যে কয়েকটী point বললাম এবং মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করলাম এইগুলি সম্বন্ধে কি তাঁরা ভাবছেন বা করছেন আশা করি তিনি আমাদের বলবেন।

Sj. KANAILAL DASS : Mr. Speaker, Sir, মাননীয় মন্ত্রীমহোদয় co-operative সম্বন্ধে যে move নিয়েছেন আমি তা সমর্থন করি। Co-operative সম্বন্ধে কাজ করতে গেলে Government থেকে আইন প্রণয়ন বা scheme করে দিয়ে সুযোগ বা সুবিধা দিতে পারেন, কিন্তু যদি জনসাধারণের সক্রিয় সহানুভূতি না পাওয়া যায় তাহলে co-operativeএর কাজ চলতে পারে না। আমি জানতে পেরেছি শিবনাথবাবু co-operative সম্বন্ধে বলতে উঠেও সম্পূর্ণরূপে non-co-operation করতে চান। তিনি বলেছেন Government থেকে Central Co-operative Society গঠন করা হয় নাই। কিন্তু আমি জানি জনসাধারণের সক্রিয় সহযোগীতার ফলে মেদিনীপুর ও বর্দ্ধমানে Central Co-operative Society করা সম্ভব হয়েছে।

Sj. SIBNATH BANERJEE : আপনি ভুল বুঝেছেন, আমি districtএর কথা বলি নাই, আমি বলেছি Provincial Central Societyর কথা।

Sj. KANAILAL DASS : আমি আশা করি, শিবনাথবাবু যদি সক্রিয় সহযোগীতা করেন, তাহলে একটা Central Co-operative Society ভালোভাবেই চলতে পারবে। আমি যতদূর জানি, বহু জায়গায় বহু union ও গ্রামে society খুব ভালভাবে কাজ করছে। কিন্তু আবার এও জানি যে কোন কোন multi-purpose society কাজ করছে না। জনসাধারণের মধ্যে যদি co-operativeএর প্রবৃত্তি না থাকে তাহলে কোন co-operative প্রতিষ্ঠানই টিকতে পারে না। আমি জানি যে সব society ফেল পড়েছে, সেখানে জনসাধারণের ভিতর co-operative mentality ছিল না। কোন কোন society কাপড়ের দোকান করেছিল কিন্তু জনসাধারণের সক্রিয় সহযোগীতার অভাবে এবং co-operative mentality না থাকার দরুনই সেগুলি লোপ পেয়েছে। গ্রামের লোকদের মধ্যে যেখানে co-operative mentality নিয়ে কাজ করেছে সেখানে তারা ভাল কাজ চালাচ্ছে; এই কথা বলে আমি মন্ত্রীমহোদয়ের দাবী সমর্থন করছি।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN : স্পীকার মহোদয়, আজকে সময়ের অভাবে আমি প্রথমে কিছু বলতে পারিনি। তবে শ্রীযুক্ত শিবনাথবাবু যে প্রসঙ্গ উত্থাপন করেছেন সংক্ষেপে তার সদুত্তর দেবার চেষ্টা করবো।

আমাদের যে সমস্ত,--শিবনাথবাবুর ভাষায়,--মোটা বা লম্বা নামের সর্বার্থসাধক সমিতি বা বহুমুখী সমবায় সমিতি হয়েছে তার সবগুলিই যে ভালোভাবে কাজ করেছে তা অবশ্য আমি বলবো না। গভর্ণমেণ্ট জোর করে, আইনের বলে, অথবা জবরদস্তি করে যে এ কাজ করতে পারেন তা নয়। সম্প্রতি ডেনমার্ক থেকে একটী co-operative সম্বন্ধে অভিজ্ঞ ভদ্রলোক এসেছিলেন, তাঁকে জিজ্ঞাসা করা হয়েছিল ডেনমার্কে কি করে সমবায়ের কাজ এত ভাল হয়েছে। তিনি উত্তরে ব'ললেন জাতীয় চরিত্র। সমবায় জিনিষটা উপর থেকে চাপানো যায় না, ওটাকে নীচে থেকে গড়ে তুলতে হবে। শ্রদ্ধেয় শিবনাথবাবু যদি শ্রমিকদের কাজ কম করে সমবায়ের দিকে মন দেন তাহলে ভাল হয়। তাঁরও যে উদ্দেশ্য আমাদেরও তাই। উনি চান রাশিয়ার মতন এখানেও কাজ চলুক। কিন্তু আমরা সেখানকার পন্থা অবলম্বন করতে চাইনে, তাই বলি Regimented Socialismএর ঝোঁকটা ত্যাগ করতে হবে, ঐসব মতবাদের biasটা বর্জ্জন করতে হবে। আমাদের শাসন-ব্যবস্থা, অর্থনৈতিক ব্যবস্থা ও কৃষি, শিল্প, উৎপাদন, বন্টন সব কিছুই যদি সমবায়ের দিক থেকে গড়ে তুলতে হয়, তাহলে নীচ থেকে চেষ্টা করতে হবে। উপর থেকে করলে শেষ পর্য্যন্ত দাঁড়াবে dictatorship. সেই জন্য যে registered co-operative societyগুলি আছে তাদের নিজেদের প্রয়োজন মতন তারা ঠিক চলছে। কতকগুলি কাপড় বিক্রয় করছে, কোনটা বা কেরোসিন তৈল বিক্রয় করছে। কেউ বা ভালো ষাঁড় কিনে নিয়ে যাতে ভালো গরু হয় তার জন্য চেষ্টা করছে। Co-operative সমিতির কাজ শুধু যে রেজেষ্টারী করলেই হয় তা নয়। শক্তিনগরে, কৃষ্ণনগর থেকে দু মাইল দূরে চিনাইতপুর থেকে প্রায় ৫ হাজার লোক এসেছেন--৮৮ হাজার টাকা দিয়ে জংলা জমি কিনে নিয়ে পরিষ্কার করেছেন, রাস্তা করেছেন, আরো অনেক কিছু করেছেন—co-operationএর দ্বারা। তাঁরা আমাদের কাছে এসে বলেছেন চিনাইতপুরে আমরা ভালো গেঞ্জী তৈরী করতাম এখানেও আমরা করবো—আমাদের সূতা দিন। গভর্ণমেণ্ট থেকে সাহায্য করা হ'য়েছে। এইরকম ভাবেই এ জিনিষটা সত্যিকারের সমবায়ের ভিত্তিতে গড়ে উঠেছে। আমাদের পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্ট চরকা চালাবার চেষ্টা করছেন--মহাত্মা গান্ধী ব'লতেন চরকা কাজের চেয়ে বড় co-operative আর কিছু হতে পারে না। পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্টের Khadi Boardএর Honorary Secretary শ্রীপঞ্চানন বসু মহাশয় ১৩।১৪টা unionএ কাজ আরম্ভ করেছেন; সেখানে গ্রামের কৃষি ও স্বাস্থ্যের দিকেও Khadi Boardএর নজর আছে। বস্ত্রে স্বাবলম্বী করবার জন্যই আমাদের এই আয়োজনের সুরু।

Sj. SIBNATH BANERJEE : Nizam Palaceএ চরকা কাটা হয়--এটা কি সত্য?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN : গিয়ে দেখবেন। Khadi Boardএর কর্মীরা কি করে গোবর থেকে compost সার হচ্ছে আর ময়লা থেকেও হচ্ছে তা গ্রামে গ্রামে গিয়ে দেখতে পাওয়া যাবে। শিবনাথবাবুকেও তাহলে সূতা কাটতে হবে। (Sj. SIBNATH BANERJEE : আবার জেলে গেলে কাটবো।) তারপরে শিবনাথবাবু বলেছেন "বাস দেওয়া হয় নাই co-operative societyদের।" এটা ঠিক কথা নয়। Transport Department থেকে সার্কলার দেওয়া হয়েছে co-operative

societyকে preference দেওয়ার জন্য। তবে যে সমস্ত registered society আছে—তা যে জেলায় আছে তাদের যেন জানিয়ে দেওয়া হয়। বাদ দিতে আমরা যে গভর্ণমেণ্ট থেকে বারণ করে দিয়েছি তা নয়, আমরা উল্টো গভর্ণমেণ্ট থেকে জানিয়ে দিয়েছি যে তাদের যেন বাদ দেওয়া হয়।

গত বছর--শিবনাথবাবু বলেছেন, "গত বছর যে টাকা আমরা নিয়েছিলাম তা খরচ করতে পারিনি," সত্য কথা। তার কারণ ভারত গভর্ণমেণ্ট যা grant দিতে চেয়েছিলেন সেটা দিতে পারেন নাই। (SJ. SIBNATH BANERJEE : এবারে কম হলো কেন?) এবারেও হবে না, আমাদের ভাণ্ডার থেকে দেবার উপায় নেই।

শিবনাথবাবুর আর একটা অভিযোগ হলো audit সম্বন্ধে। তিনি বলেছেন societyগুলি নিজেরাই audit fee দিতে রাজি। কিন্তু এ বিষয়ে আমার কাছে বহু দরখাস্ত রয়েছে যাতে তারা লিখেছেন "আমরা audit fee দিতে পারব না।" আমি যেদিন বার্ণপুরে গিয়েছিলাম, সেখানে একটা co-operative society আছে, সেখানে তাদের সভায় প্রথম প্রস্তাবই ছিল যে "আমরা audit fee দিতে পারব না।" এ সম্বন্ধে আমরা যদি একজন গভর্ণমেণ্ট কর্ম্মচারী নিযুক্ত করি তাহলে শুধু বেতন দিলেই ত চলবে না, dearness allowanceও দিতে হবে, house rentও দিতে হবে। এখন যে হারে society বাড়ছে সেই হারে audit feeএর সংখ্যা বাড়ানো বর্ত্তমানে পেরে উঠবো বলে আমি মনে করি না।

তারপরে nomination সম্বন্ধে--ব্যাপার হলো এই যে গভর্ণমেণ্ট থেকে যেখানে টাকা দেয়া হয়েছে সেখানে গভর্ণমেণ্টের তরফের লোক মনোনয়ন করা হবেই।

শিবনাথবাবু পূর্ববঙ্গে টাকা আটকে পড়ে থাকার যে কথাটা তুলেছেন সেটা খুব সত্যি এবং এও ঠিক যে দু কোটি টাকার বেশীই আমাদের পাওনা। সেই দু কোটি টাকা পাবার জন্য উপরের ও নীচের levelএ যত রকম চেষ্টা করা দরকার কোরেছি কিন্তু পাচ্ছি না। জবরদস্তি করে তো আর আদায় করতে পারি নে, সেই দু কোটি টাকার জন্য আমাদের co-operativeএর আন্দোলন যথেষ্ট ক্ষতিগ্রস্ত হয়েছে।

SJ. SIBNATH BANERJEE: Sir, I beg leave to withdraw all the six cut motions that I have moved.

(There being no objection.)

All the six motions of Sj. Sibnath Banerjee that the demand of Rs. 17,81,000 for expenditure under the head "42—Co-operation" be reduced by Rs. 100, were then by leave of the House withdrawn.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that a sum of Rs. 17,81,000 be granted for expenditure under the head "42—Co-operation", was then put and agreed to.

Adjournment.

The House was then adjourned at 7-40 p.m. till 4 p.m. on Friday, the 17th March, 1950, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 17th March, 1950, at 4 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble ISWAR DAS JALAN) in the Chair, 7 Hon'ble Ministers and 50 members.

STARRED QUESTION

(to which oral answer was given)

Settlement Kanungos

***57. Dr. SURESH CHANDRA BANERJI:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Land and Land Revenue Department be pleased to state if it is a fact—

(*i*) that Settlement Kanungos recruited before 1934 have been denied the benefit of usual pension scheme; and

(*ii*) that these Kanungos are to undergo a pay cut varying from 5 per cent. to 12 per cent. to earn—

(1) a consolidated pension of Rs.55 per month against their grade pay of Rs.250 per month, or

(2) a nominal gratuity on their superannuation provided they did not opt to accept the above pension scheme?

(*b*) If the answer to (*a*) is in the affirmative, do the Government consider the desirability of—

(*i*) allowing the usual pensionary benefit to such Kanungos without imposition of pay cuts; and

(*ii*) restoring to them the amount deducted from their pay on cut basis?

(*c*) Will the Hon'ble Minister be pleased to state if it is a fact—

(*i*) that the Settlement Kanungos are to perform duties involving 10 to 15 miles touring per day; and

(*ii*) that these Kanungos have been denied the benefit of travelling allowance?

(*d*) If the answer to (*c*) is in the affirmative, do the Government consider the desirability of allowing the benefit of usual travelling allowance to these Kanungos?

(*e*) Will the Hon'ble Minister be pleased to state if the surplus Settlement Kanungos have been absorbed in employments of equivalent rank and cadre after taking into consideration their experience in different administrative matters?

MINISTER in charge of LAND and LAND REVENUE DEPARTMENT (the Hon'ble Bimal Chandra Sinha): (*a*)(*i*) Yes. Settlement Kanungos recruited before 1935 have not been given the usual pensionary benefit because their service was a temporary one without provision for any pension.

(*ii*) (1) Yes. Pension is nothing but deferred pay and there was no provision for it in the temporary service of Settlement Kanungos. The *ad hoc* pension of Rs.55 per month was, in fact, sanctioned *ex gratia*.

(2) No. The graduated cut was imposed on the pay of only those who opted for the pension scheme.

(*b*)(*i*) The matter is at present under the consideration of Government.

(*ii*) No. Does not arise at present.

(*c*)(*i*) No. Ordinarily Settlement Kanungos have not to move 10 to 15 miles a day.

(*ii*) In a settlement operation, Settlement Kanungos are to work in *halkas* (sub-circles) which very seldom exceed 10 square miles in area. Kanungos in charge of *halkas* have never been allowed any travelling allowance for their movement within the *halkas*, as their *normal* work is in the fields and not in the office. They, however, get pony or cycle allowance while doing field work. If they go outside *halkas* they are entitled to travelling allowance.

(*d*) Kanungos are given the usual travelling allowance for their movements except for their work in settlement *halkas*.

(*e*) The question of absorption of surplus Kanungos is under the consideration of Government.

Sj. SIBNATH BANERJEE: মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি ৫৫৲ টাকা পেনসেন পেতে গেলে ঐ শতকরা ৫৲ টাকা থেকে ১২৲ টাকা cutএ তাদের agree করতে হয়?

The Hon'ble BIMAL CHANDRA SINHA: Agree করতেই হয় একথা নয়। পূর্ব্বে যখন এই scheme introduce হয়েছিল সেই সময় যাঁরা এতে এসেছিলেন তাঁরাই agree করেছিলেন।

Sj. SIBNATH BANERJEE: মাননীয় মন্ত্রীমহাশয় অবগত আছেন কি যে Engineering tribunal, Cotton tribunal এবং আরও অনেক tribunal যেখানে পূর্ব্বে workerদের pension, gratuity ছিল না, এখন tribunal তাদের জন্য sanction করেছেন?

The Hon'ble BIMAL CHANDRA SINHA: হাঁ।

Sj. SIBNATH BANERJEE: তাহলে এই কথা বলা কি সংগত হয়েছে যে 2 (*i*) তে বলা হয়েছে "Pension is nothing but deferred pay and there was no provision for it in the temporary service" এবং এর আগে আছে "The usual pensionary benefit because their service was a temporary one" কিন্তু সেই temporary hand থাকা সত্ত্বেও অন্যান্য industryতে আপনারা যে সমস্ত tribunal করেছেন তাঁরা pension দিচ্ছেন অথচ আপনারা নিজেরাই pension দিচ্ছেন না এবং তার বিরুদ্ধে argument দিচ্ছেন--এটা কি reasonable হচ্ছে, না যুক্তিসঙ্গত?

The Hon'ble BIMAL CHANDRA SINHA: আমি মাননীয় সদস্য মহাশয়কে (*b*) (*i*) পড়তে অনুরোধ করছি "the matter is at present under the cansideration of Government" সেই জন্য এ বিষয় বিবেচনা হচ্ছে, তাছাড়া এখানে আর একটা হচ্ছে--এখানে যাঁরা temporary এবং permanent আছেন তাঁদের সম্বন্ধে, Governmentএর অন্যান্য serviceএ যে সমস্ত আইন কানুন আছে তার সঙ্গে খাপ খাইয়ে এই rule করতে হবে।

Sj. SIBNATH BANERJEE: কতদিন under consideration of Governmentএ আছে?

The Hon'ble BIMAL CHANDRA SINHA: এ সম্বন্ধে West Bengal Kanungos Association, 1948এর December বোধ হয়, আমাদের দৃষ্টি আকর্ষণ করে এবং তারপরে এই জিনিষটা বিবেচনাধীনে আছে। বর্ত্তমানে এই সব শেষ হয়ে আসছে এবং আশা করা যায় যে এই দুই মাসের মধ্যে শেষ হয়ে যাবে।

Sj. SIBNATH BANERJEE: অন্যান্য departmentএর সঙ্গে খাপ খাইয়ে করতে হবে। Kanungoরাও 1948 সালে অন্যান্য department এর মত pension ও gratuityর জন্য দাবী করে আসছেন সে সম্বন্ধে একটা নীতি ঠিক করলে আর অন্য নীতির দরকার হবে না।

The Hon'ble BIMAL CHANDRA SINHA: মাননীয় সদস্য মহাশয় বোধ হয় আমার উত্তরটি ঠিক বুঝতে পারেন নি। Government servicesএ কিছু temporary ও কিছু permanent লোক থাকেন। উনি যে উদাহরণ দিয়েছেন labourersদের সম্পর্কে এই নীতি তা এখানে অন্যভাবে বিবেচনা করবার প্রয়োজন আছে, কারণ এখানে অন্যান্য বিভাগে যা temporary ও permanent service ruleএ আছে ও যা pension ruleএ আছে সেগুলির সঙ্গে মিলিয়ে কাজ করতে হবে।

Sj. SIBNATH BANERJEE: মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি এই temporary service এক জনের পক্ষে কত দিন চলে? কারণ আমি দেখেছি ১৯৩৫ সালের আগে, বহু লোকের পাঁচ দশ বছর service হয়ে গিয়েছে, তবু তারা temporary রয়েছে।

The Hon'ble BIMAL CHANDRA SINHA: অনেক ক্ষেত্রে অনেকে temporary service হিসাবে অনেকদিন ধরে কাজ করেছেন তবে এটা অনিবার্য্য ছিল। Temporary post অনেক সময় প্রত্যেক বৎসর নূতন করে sanction করা হয়।

Sj. SIBNATH BANERJEE: আর একটা Railway tribunal এখানে হয়েছে এক একটা grant করা হয় কিন্তু ছয় মাস continuously কাজ করলে পরে তাদের permanent করা হয়; Railway Board railway workerদের জন্য যে নীতি Government of India করেছেন মাননীয় মন্ত্রীমহাশয় সেই নীতি গ্রহণ করতে রাজী আছেন কি?

The Hon'ble BIMAL CHANDRA SINHA: আমি Railway Tribunalএর সেই নীতিগুলি সম্বন্ধে অবগত নই। আমার কাছে পাঠিয়ে দিলে এ বিষয় চিন্তা করব।

Sj. SIBNATH BANERJEE: Railway Tribunal নয়, এটা Railway Board সংগ্রহ করেছেন।

The Hon'ble BIMAL CHANDRA SINHA: আমি এ বিষয় অনুসন্ধান করে দেখব।

Committee of Privileges.

Mr. SPEAKER: I would like to announce that the following members have been duly elected to the Committee of Privileges:—

1. Sj. Bipin Behari Ganguli,
2. Mr. G. C. D. Wilks,
3. Sj. Debendra Nath Sen,
4. Sj. Radha Nath Das,
5. Dr. P. C. Ghosh,
6. Mr. Daniel Gomes,
7. Basantlal Murarka,
8. Sj Banku Behari Mandal,
9. Janab Husan Ara Begam,
10. Janab Md. Idris, and
11. Janab Golam Hamidur Rahman.

The Committee will consist of these eleven members with Mr. Deputy Speaker as Chairman.

Resolution (non-official).

Sj. SHYAMAPADA BHATTACHARYYA: Sir, I beg to move that the control of floods of the Damodar river being one of the objectives of the multi-purpose Damodar Valley Project, this Assembly is of opinion that

any delay in the fulfilment of that objective may involve, as has been experienced in the past, huge costs to the State Government of West Bengal in repairs of damages to railways, roads and embankments and in giving relief to the people affected and that therefore steps for the construction of dams at Maithon and Panchet Hill which are vital to the control of Damodar floods should be undertaken with the utmost expedition.

Sir, as the House is fully aware, the Damodar, the river of sorrows, has been notorious for its floods that had from time to time devastated the countryside, destroyed crops worth crores of rupees, laid waste the once fertile soil smiling with crops by deposit of sands, and disrupted communication either by road or rail and caused incalculable damage and sufferings to the people inhabiting the area. I do not want to waste the valuable time of the House by recapitulating the sad incidents of the past. Suffice it to recall that in the present century there have been major floods in the years 1913, 1935, 1941 and 1943, causing havoc and ruin and there appears to be no regularity in the repetition of such floods. The problem of harnessing its mischief-making power and utilising it for the benefit of mankind engaged the attention of politicians and administrators and it was only with the ushering in of independence that the question was taken serious notice of. The importance of this question has been discussed times without number both in the legislature and public platforms and in conferences and communiqués.

The scheme was given shape in the Central Legislature in 1948 by the passing of the Damodar Valley Corporation Act, and laying the foundation of a public corporation entrusted with the execution of the scheme.

In pursuance of this Act the Damodar Valley Corporation has been pursuing its activities and has been able to make a certain amount of progress.

It is, however, regrettable to find a section of the people in the Central Legislature trying to minimise the importance of the scheme and placing in the forefront schemes of their own. It is rather unfortunate—I am reading an extract from a daily paper—Mr. B. Das of Orissa while speaking on the demand under Works, Mines and Power made this observation: he characterised the Damodar Valley Corporation as a cancer in the body politic of India. He said that people would not recognise this republic within the Republic of India: it would be better to abandon this scheme for Government's financial solidarity. Mr. Shiva Rao also made such caustic remarks. I fail to understand the mentality which has prompted them to make such utterances.

The importance of the scheme as a nation-building enterprise cannot be overlooked, and I crave the indulgence of the House to read a few extracts from a brochure issued by the Damodar Valley Corporation as to why the Damodar Scheme deserves top priority among India's Development schemes. The first item is in relation to flood:

"Though the Damodar is a relatively small river, the flood damages caused by it in the past have been exceptionally severe. Agriculture in the Lower Valley suffers from monsoon floods almost every year. The damages are particularly heavy in years of devastating floods which occur periodically. Such floods are a perpetual threat not only to the main arteries of rail and road communications, but also to the city of Calcutta. Because of the high fertility of agricultural land in the Lower Valley and of the large amount of capital already invested in the area exposed to the flood hazard, the damages likely to be caused by floods are proportionately far more serious than almost in any other river valley in India. **As a flood insurance policy the justification of the scheme is obvious as it will insure high values representing the landed property and the fixed capital assets, against flood contingencies at a comparatively low 'premium'.**"

Then with regard to the next item "Food" it says: "The regulated Damodar will make it possible to service at least 9 lakh acres of fertile alluvial soil with perennial irrigation, some being inclined to accept a substantially higher figure. About a fifth of this area is already under full or partial *kharif* irrigation. On the other hand what are fallow and waste lands now will be available for cultivation after the elimination of floods and the provision of irrigation facilities. The contribution which the scheme can make to solve the present food shortage in the country can be judged from the following:

"The additional output of rice that can be produced in the Valley may be conservatively estimated at 50 lakh maunds or about 2 lakh tons per year.

"There is no reason why in the long run year-round cropping should not become the practice in this region. As is well known, per acre income is much higher for most *rabi* crops than for rice. Even assuming that only one-half of the total irrigated area will grow a second crop, the additional income should easily amount to 50 per cent. of the value of the additional rice output as estimated."

The last flood of 1943 is still vivid in our memory. It was a catastrophe to the local people. The main arteries of communication of the East Indian Railway and the Grand Trunk Road—considered essential to the war effort of the country—were washed away at several places, and the Central and the Provincial Governments of those days had to spend about a crore of rupees to repair the damages. The flood-protection embankment of the river was also washed away and had to be reconstructed at 1·4 crore of rupees. Losses in property and crops were immeasurable.

After the havoc of 1943, the problem of the control of Damoar flood came to the forefront and Government recognised that only palliative measures were not enough to prevent a recurrence of the threat of future floods. This led to the appointment of the Damodar Flood Enquiry Committee under the able chairmanship of Maharajadhiraj Bahadur of Burdwan consisting of eminent experts. The Government of India also appointed a Technical Committee. To obviate the possibility of recurrence of such disasters from a long-term aspect, the Committee recommended the construction of storage dams in Chota Nagpur and suggested that as a scheme for flood control only would be costly and unremunerative, the possibility of multi-purpose development of the Damodar basin, *e.g.*, perennial irrigation, generation of hydro-electricity, navigation and flood control should be explored. As a result, the question of unified development of the Damodar Valley engaged the attention of the Government so that not only the mischief caused by the vagaries of the river could be prevented but simultaneously its power of destruction could also be transformed into one of creation. The Damodar Valley Project with multiple purposes of flood control, power, irrigation and navigation which was devised after a serious consideration by the Government of India and the Governments of West Bengal and Bihar, is at present under execution by the Damodar Valley Corporation which was brought into existence under a special statute.

It is evident from what I have said that control of floods is the most important of the objectives of this project. Any delay in the fulfilment of that objective is fraught with the grave risk of catastrophes of the magnitude experienced in the past and, God forbid, if another serious flood occurs before the flood control portion of the project is implemented, the Union Government and the State Government of West Bengal will have to incur huge expenses in their respective spheres for immediate and temporary relief. Such expenditure would be avoidable in the sense that it would not be necessary, but for the delay in the execution of the flood control measures. As far as we know, the work on the ground has so far been confined to

Konar and Tilaiya dams on the upper catchment of the Damodar river, but these would not ensure flood control. We feel it our duty to point out to the authorities concerned with due deference that the people who suffered in the past from the Damodar floods have become restive and a promise that a good deal of benefit would accrue to them on the completion of the project as a whole has no reassuring effect on them.

It is far from our intention to disparage the works so far done by the Damodar Valley Corporation. We need only emphasize that flood control measures cannot brook any delay. The Panchet Hill Dam is the only dam conceived on the Damodar river itself which is estimated to control roughly two-thirds of the volume of its flood water and combined with the Maithon Dam is vital to attaining the objective of flood control. Work on these two dams should be undertaken and completed with the utmost expedition before another flood can overtake us.

While suggesting this, I am fully conscious of the need for the utmost economy in the present financial stringency of our Government. But economy to be effective, must be planned on a long-term basis. It is not sound economy to stop expenditure for the immediate present only to be forced to unremunerative and avoidable expenditure necessitated by the sheer force of circumstances. It is neither sound economy to curtail expenditure on a project on the planning of which huge sums have already been spent and for the implementation of which the proper machinery has been set into being already. The slowing down of progress of a scheme like the Damodar Valley Project which, we are promised, would usher in a new era of prosperity in the basin will prove certainly wasteful in the long run. These considerations must weigh with our authorities and lastly it should be borne in mind that the primary object of controlling flood should be the first item in the programme of its implementation.

With these words, Sir, I move this resolution for the acceptance of the House.

SJ. HARIPADA CHATTERJEE: মাননীয় সভাপাল মহোদয়, একটু কথাটা খুলেই বলা ভাল। কারণ এই দামোদর পরিকল্পনা আরো যে কতকগুলি গঠনমূলক কাজ হচ্ছে, তার মধ্যে সর্বশ্রেষ্ঠ স্থান অধিকার করবে, সে বিষয় কোন সন্দেহ নাই। যার আটটা dam তৈরী হবে এবং ভারতবর্ষের economic nerve-centre বলে অর্থনৈতিক মর্মস্থলে এই পরিকল্পনা রচিত হচ্ছে। এর মধ্যে আমাদের একদিকে টাটা বৈদ্যুতিক শক্তি নেবে, আর একদিকে এই বৈদ্যুতিক শক্তি অবলম্বন করে কয়লার খনি থেকে কয়লা উত্তোলন করতে পারবে; এবং আরো বহুবিধ কাজ করা সম্ভব হবে। কিন্তু কথাটা খুলে বলাই ভাল এই জন্য যে এই আটটা damএর শেষের দুইটা damই বাংলা দেশের পক্ষে অতি অবশ্য প্রয়োজনীয়। এই দুইটা হচ্ছে আমাদের Maithon এবং Panchet Hillএ। এখন আমাদের এই dam দুইটা যদি তৈরী না হয় এবং যে damগুলি হতে বৈদ্যুতিক শক্তি পাওয়া যাবে কেবল সেইগুলিই তৈরী হয় তাহলে বাংলা দেশের যে সমস্যা তার সমাধান করবার কোন পথ থাকবে না। আজকে বাংলা দেশে সব চেয়ে বড় দরকার এবং ভারতবর্ষেরও বড় দরকার আমাদের খাবার। পূর্ব্ব বঙ্গের ভাই বোনেরা অসহায় অবস্থায় এখানে দলে দলে আসছে, আমরা এই খাদ্য সমস্যা কি ভাবে সমাধান করবো তা ভেবে কূল পাচ্ছি না। ভারতবর্ষে আমরা যদি সত্যিই এক হয়ে চলি এবং যদি সত্যিই বাংলার এই ব্যথা তাদের প্রাণে বাজে, তা'হলে আমরা যাতে এই ক্ষুধাতুর নরনারীর মুখে অন্ন দিতে পারি, সেই ব্যবস্থাই সর্ব্বাগ্রে অগ্রণী হয়ে করা দরকার। এই পরিকল্পনাকে top priority দেওয়া উচিত কেননা এই বাঁধ দুটি তৈরী হলে আমরা দুই লক্ষ টন অতিরিক্ত চাল পাবো। এবং তার অর্দ্ধেক রবি শস্য পাবো। দামোদর আমাদের দেশের মর্মস্থল দিয়ে প্রবাহিত হচ্ছে--এর বিনাশ শক্তির কথা বাংলা দেশের কাকেও বলতে হবে না। দামোদরের ধ্বংস শক্তির কথা বলতে গিয়ে কবি বলেছেন "এ দামোদর গোবিন্দ নয় সৃষ্টি যে ছল করে পালন মহোদধি জল্লোলা এ গাঙ গিলছে দম্ভভরে"। এই সেদিনও বন্যায় Railway line ধ্বংস করে গ্রামের পর গ্রাম উজাড় করে দিয়েছে। আমাদের একদিকে এই দামোদরের শক্তিকে দমন করতে হবে সৃষ্টি পালনের জন্য, আর একদিকে তার বিনাশ শক্তিকে ধ্বংস করার আগেই কাজে লাগাতে হবে। যদি বাংলা দেশকে বন্যার হাত হতে বাঁচাতে হয়, তাহলে এই দুইটা বাঁধ সর্ব্বাগ্রে করা দরকার। খুলে বলতে ভয় হয়,

যে রকম আয়োজন হচ্ছে তাতে এই দিকে নজর পড়বে কিনা জানি না। এই দামোদর পরিকল্পনায় ৫৫ কোটি টাকা বরাদ্দ হওয়ার কথা শুনেছিলাম। ৫৫ কোটি টাকার কোন হিসাব হয়েছে কিনা জানি না। বাংলা দেশের যে দায়িত্ব আছে কারণ বাংলা দেশ যখন এর অংশীদার, তখন বাংলা দেশ সেটা জানতে চাইবে। Devaluation হওয়ার পর প্রথমেই শ্রমিকদের হার অন্যভাবে বেড়ে যাওয়ায় আবার কি দাঁড়াবে এই ৫৫ কোটি টাকায়, তা বলতে পারি না। আমাদের কোন টাকা কোন দিকে দেবার উপায় নাই। আমাদের বাংলা দেশের সবচেয়ে বড় সমস্যা হচ্ছে খাদ্য সমস্যা এবং এই বন্যার হাত থেকে বাঁচতে গেলে, খাদ্যকে বাঁচাতে গেলে এবং খাদ্য তৈরী করতে গেলে এই দিকে ছাড়া অন্য দিকে নজর দেবার উপায় নাই, অন্য কাজ করার আগে এইটাই করা দরকার। অন্য যে কয়টা dam হচ্ছে ভারতবর্ষে যেমন হিরাকুণ্ড, ইত্যাদি, এই সমস্তগুলির প্রত্যেকটা dam, প্রত্যেকটা পরিকল্পনাই দামোদর পরিকল্পনার থেকে বড়। দামোদরের আটটা dam আছে, এইগুলি ছোট ছোট। দামোদর পরিকল্পনায় ৮টা dam আছে, তার মধ্যে আমাদের যা বোঝান হচ্ছে তা হলো এই যে যেগুলি দ্বারা শুধু বৈদ্যুতিক শক্তি উৎপাদন হবে সেই কটা ছোট ছোট dam এখন করা হবে, তাছাড়া ব্যয় সংকোচেরও আর একটা ওজুহাত দেখিয়ে মাইথন আর প্যাঞ্চেট হিলের কাছে এসেই যদি কাজটা থামিয়ে দেয়া হয়, বা স্থগিত রাখা হয়, যদি বাংলা দেশের সামনে এসে ঐ পাহাড়ে বাঁধ দুটি তৈরী না করা হয় তাহলে সেটা কি আমাদের পক্ষে সর্বনাশের ব্যাপার হবে না? সেই জন্য আমরা বলছি যে সকলে একমত হয়ে খুব জোরের সঙ্গে বলা উচিত; এবং আমাদের যা কিছু বলবার আছে আমাদের প্রতিনিধি হয়ে যারা যাবেন তাদের কাছে সকলের ঐক্যবদ্ধ মত নিয়ে গিয়ে তাদের বলতে হবে "বর্ত্তমানেই এ দুটি বাঁধ না হলে আমাদের প্রদেশের চলতে পারে না"।

যে সমস্ত ছোট বা বড় বড় পরিকল্পনা নিয়ে কমিটি বা কমিশন বসে, তার সবগুলিতে আমরা না থাকলেও তার ভিতর যে সব আলাপ আলোচনা হয় তার সব না হলেও একটু আধটু যে আমরা জানতে না পারি তা নয়। দামোদর আর ময়ূরাক্ষীর মতন বৃহৎ পরিকল্পনার উদ্দেশ্য বিবিধ। এই রকমের পরিকল্পনায় আমাদের বিভক্ত না হয়ে এক হবার সুযোগ দিয়েছে। দুই প্রদেশের গভর্ণমেণ্ট মিলে এক হয়ে এই কাজ সম্পন্ন করার আমাদের সুযোগ দিয়েছে, সেখানে যদি বেহার বেহারীর এই মনোবৃত্তির বশীভূত হয়ে যদি বাংলা দেশের কাজটাকে পিছিয়ে দেয়া হয় আমাদের বেহারের কাজটা আগে হয়ে যাক, বাংলার কাজটা পরে হোক, এই যদি এক দলের মনের ভাব হয় তাহলে আমাদের ঐক্যবদ্ধ হবার প্রয়াসটা নষ্ট হয়ে যাবে এবং সঙ্গে সঙ্গে প্রাদেশিকতার উদ্ভব হবে। কাজেই আমি বলছি যে খণ্ডিতভাবে না হয়ে এই পরিকল্পনাটা সর্বতোভাবেই হওয়া উচিত। বৈদ্যুতিক শক্তির প্রয়োজন আছে সেটাও করা হোক, এবং যে বাঁধ দুটো না হলে বাংলার চলে না সে দুটোও করা হোক। বিশেষ করে বর্ত্তমানে আমাদের এখানে পূর্ব বঙ্গের ভাইবোনদের খাওয়াবার সমস্যা এখন আমাদের সামনে, তাছাড়া বাংলা দেশকে বন্যার হাত থেকে বাঁচাবার সমস্যাও আমাদের সামনে। এই দুটি অত্যাবশ্যক বিষয়ের কথা মনে রেখে যেমন করে হোক বাঁধ দুটা যাতে তৈরী হয় সেইটে আমরা দেখতে চাই।

Sj. HEMANTA KUMAR BASU: স্পীকার মহোদয়, ১৯১৩ সালে যখন দ্বিতীয় শ্রেণীতে পড়তাম স্কুলের ছাত্ররূপে তখন শুনেছিলাম দামোদর নদের ভীষণ বন্যায় বর্দ্ধমান, মেদিনীপুর, হাওড়ার বহু গ্রাম বন্যাবিধ্বস্ত হয়ে বহু লোকের ঘরবাড়ী এবং জমি নষ্ট হয়েছে, গরু বাছুর অনেক নষ্ট হয়েছে। সেই দিন দামোদরের সঙ্গে আমাদের প্রথম পরিচয় হয়েছিল। আহ্বান এসেছিল স্বেচ্ছাসেবকরূপে আমাদের সেখানে যাবার, আমরা গিয়েছিলাম, এবং দামোদরের তাণ্ডবলীলা নিজের চোখে দেখে এসেছিলাম।

আজকে মানুষ প্রকৃতিকে নিজের কাজে লাগাবার জন্য প্রকৃতিকে বৈজ্ঞানিক উপায়ে সংযত করবার চেষ্টা করছে। দামোদরের সহিত বর্দ্ধমান বিভাগের উন্নতি, অবনতি, জমির উর্ব্বরতা বৃদ্ধি বা হ্রাস, বিশেষভাবে জড়িত। আমাদের দেশে railway হবার পর কতকগুলি embankment হওয়ার দরুণ দামোদরের যে স্বাভাবিক গতি তার স্রোত ইত্যাদিতে বাধা পড়েছে। যখন স্বাভাবিক গতিতে বাধা পড়লো, তখন নতুন রাস্তা তাকে বের করতে হলো। এবং সে রাস্তা লোকের ঘর বাড়ী ও জমির উপর দিয়ে হলো। এবং এই জন্য আজকে আমাদের যে খাদ্যসঙ্কট বা খাদ্যাভাব তার কারণ হচ্ছে দামোদরকে তার স্বাভাবিক গতিতে চলতে না দেয়া, পদে পদে বাধা সৃষ্টি করায়—একদিন যে দামোদর মানুষের জীবনে সুখসম্পদ সৃষ্টি করেছিল, সেই দামোদর বর্ত্তমানে অভিশাপ বহনকারী হয়ে দাঁড়িয়েছে। আজকে আবার সেই দামোদর যাতে আমাদের জীবনে সুখসম্পদ বৃদ্ধি করতে পারে সেই চেষ্টা হচ্ছে। দামোদর পরিকল্পনার কথা এতবার করে আমাদের মনে করার কারণ হচ্ছে এই যে দামোদর আমাদের পশ্চিম বঙ্গের উন্নতির প্রধান সহায়ক।

পৃথিবীর ইতিহাস আলোচনা করলে দেখা যায় অন্যান্য দেশে, বিশেষতঃ আমেরিকায় দেখা যায় টেনেসি ভ্যালি তৈরী করার দরুণ আমেরিকার প্রভূত উন্নতি হয়েছে। যতদিন আমেরিকা পরাধীন ছিল তার নদনদীগুলির গতি

শুষ্ক হবার ফলে সেখানেও খাদ্যাভাব, ম্যালেরিয়ার প্রকোপ, প্রভৃতি হয়। কিন্তু পানামা খাল কাটার পর সে অঞ্চলের ম্যালেরিয়া দূর হয়ে এখন স্বাস্থ্যনিবাসে পরিণত হয়েছে। তারপর টেনেসি ভ্যালি Schemeকে কার্য্যকরী করে' সে এত খাদ্য বাড়িয়েছে যে সমস্ত পৃথিবীতে যত খাদ্যের দরকার তা সে আজ পাঠাতে পারে। তারপর ইজিপ্টের নাইল নদীর জল নষ্ট হয়ে যাওয়ায় সেখানে ম্যালেরিয়া প্রতিবৎসর লেগেই ছিল। স্যার উই-লিয়ম উইলকক্স সেখানে নাইল নদীকে সংস্কার করে সেখানকার স্বাস্থ্যের ও খাদ্যের উন্নতি করে দিয়েছেন। রাশিয়া নানারকম scheme করে খাদ্যসম্ভার বাড়িয়েছে। এবং তারা যে এতখানি সম্পদশালী হয়েছে সেও এই জন্য। আমাদের বাংলা দেশেও স্বাধীনতা লাভের সঙ্গে সঙ্গেই খাদ্য উৎপাদনের প্রতি বিশেষভাবে দৃষ্টি দেওয়া হয়েছে, এবং দামোদর পরিকল্পনা তারই একটা বিশেষ কারণ। এই জন্য এই পরিকল্পনাটাকে যেমন করেই হোক সার্থক করে তুলতে হবে।

এর আগেও এ সম্বন্ধে এই Assemblyতে আলোচনা হয়েছে। এখন এই পরিকল্পনা যতশীঘ্র সম্ভব সম্পন্ন করতে হবে। কিন্তু একটা অসুবিধা দেখা যাচ্ছে এই যে devaluationএর জন্য সমস্ত জিনিষ যথেষ্ট পরিমাণে পাওয়া যাচ্ছে না। অন্যান্য জায়গায় চাপের দ্বারা এই পরিকল্পনাকে সার্থক করার একটা বাধা সৃষ্টি হয়েছে। কিন্তু আজ এ জাতিকে বাঁচাতে হলে অন্যান্য দিক থেকে লোহা ও সিমেণ্টের চাহিদা কমিয়ে দামোদর পরিকল্পনার জন্য আবশ্যকীয় জিনিষপত্রের supply যথেষ্ট বাড়িয়ে এই পরিকল্পনাকে সার্থক করতে হবে।

আমি বর্দ্ধমান জেলার অনেক জায়গায় ঘুরেছি। দেখেছি এডেন ক্যানাল বা দামোদর নদের যে সব জায়গায় খাল বেরিয়েছে সেই সব জায়গায় বিঘা প্রতি ১৫ মণ করে ধান ফলেছে। কিন্তু সেখান থেকে এক মাইল দূরে ৪।৫।৬ মণের বেশী ধান হয় না। কাজেই এই দামোদর পরিকল্পনাটাকে যদি আমরা কাজে লাগাতে পারি তাহলে খাদ্য সম্পদ যে বেড়ে যাবে তাতে সন্দেহ নাই। আমাদের ভারতবর্ষের অনেকগুলি প্রদেশের মধ্যে, বিশেষ করে, বেহার ও বাংলার মধ্য দিয়ে এই দামোদর বয়ে গিয়েছে। হরিপদ বাবু যে বলেছেন যে দুটো বড় বাঁধ এবং কয়েকটা dam তৈরী করলে পর, তবে আমরা দামোদরকে সংযত করে আমাদের কাজে লাগাতে পারব। কাজেই আজকের এই পরিকল্পনাটা আমাদের পশ্চিম বঙ্গের পক্ষে জীবনমরণ সমস্যা। প্রফুল্ল বাবু আমাদের কাছে যে খাদ্য উৎপাদনের কিস্তি দিয়েছেন তা দ্বারা হয়ত আমরা খাদ্য সম্বন্ধে সাফল্যমণ্ডিত হব। কিন্তু আমরা চাই আমেরিকানরা যেমন সব জায়গায় খাদ্য পাঠিয়ে সবাইকে তাদের মুঠোর মধ্যে এনে ফেলেছে আমরাও চাই যে আমাদের খাদ্যাভাব যে শুধু দূর করবো তা নয় আরো অনেকের যে অভাব হয়েছে সেটাও যেন পূরণ করতে পারি।

Sj. SIBNATH BANERJEE: মাননীয় স্পীকার মহোদয়, আমি শুধু এটা সমর্থন করছি। কয়েকদিন আগে আমি বলেছিলাম যে এই দুটো বাঁধ খুব প্রয়োজনীয়। আমি খুব আনন্দিত যে ২৩ জন সভ্যের স্বাক্ষরিত একটা resolutionএ বিষয়টা আজ এই Assemblyতে এসেছে। আমি আশা করি এটাতে কারোই আপত্তি থাকতে তো পারেই না, বরং সকলেই একবাক্যে এই resolutionটা সমর্থন করবেন।

Janab MUSHARRUFF HOSSAIN: Sir, I have risen to speak on this important subject because I find no other Muslim has spoken on this, and I want to associate myself whole-heartedly with all that has been said on this resolution by previous speakers. West Bengal requires just 360,000 tons of foodstuffs to make it self-sufficient. If this Damodar Valley Scheme alone is worked out I am sure that the above deficit can be easily made up. As a result you can get ten maunds more per acre if the land is irrigated with silt water of Damodar. That ten maunds more is not only on the average crop but on the crop that you can raise when there is plenty of water in the country from rains, and if this ten additional maunds per acre is raised from 700,000 acres of irrigated area under the scheme the deficit can be easily made up. So to delay the execution of a scheme like this is a criminal offence, an offence which cannot be condoned by any civilised country in the world. That money which is required to carry out a scheme like this is just additional 5 or 6 crores of rupees which can be easily obtained if the orgy of hatred and violence that is preached now is stopped and the money that is being wasted on it saved and utilised on the Damodar Valley Scheme. It is useless to repeat what I have said and a man of my age cannot be expected to speak for a long time and so I simply say again that I give my whole-hearted support to a resolution of this kind. If other parts of India would not listen to us and give us at once all the money that

this scheme requires it would be considered as an act of great wrong and so I appeal to the rest of India to help us. We are now losing about 6 to 10 crores of rupees annually for purchasing foodstuffs from abroad for this State alone and suppose we utilize 6 crores of rupees for the embankments for two years I am sure West Bengal will not care to get anything from the Central Government by way of any subvention after 1951 for foodstuff.

With these words, Sir, I take my seat.

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAYA: মাননীয় স্পীকার মহোদয়, দামোদর পরিকল্পনা সম্বন্ধে কিছু বলবার জন্য আমি তৈরী হই নাই। আমাদের খণ্ডিত বাংলাদেশের বর্তমান যে আকৃতি তার অধিকাংশই দামোদর অববাহিকার ভিতর পড়ে। আজকের বাংলাদেশের যে দুইটী প্রধান নদী, গঙ্গা আর দামোদর, তাদের মধ্যে মৌলিক একটা ব্যবধান রয়েছে। গঙ্গা হিমালয় থেকে প্রবাহিত হচ্ছে; হিমালয়ের চিরতুষার থেকে তার জল প্রবাহিত হচ্ছে, কাজেই গঙ্গার যে স্থায়ী স্রোত তার জন্য কোন ব্যবস্থা অন্য কাউকে করতে হয় না। কিন্তু দামোদর এবং বাংলার আরো কয়েকটি নদী এরা গঙ্গার মতন হিমালয় থেকে বেরোয় নি। এরা বেরিয়েছে ছোট-নাগপুর থেকে। এই নদীগুলি হচ্ছে দামোদর, সুবর্ণরেখা, রূপনারায়ণ, ময়ূরাক্ষী। ছোটনাগপুর পাহাড় বরফে আবৃত নয় বলে বছরের সব সময় ছোটনাগপুর থেকে দামোদরে জল আসতে পারে না। আগে ছোটনাগপুরের পাহাড় বনে আচ্ছাদিত ছিল এবং সেই বনে প্রচুর পরিমাণে পাতা পড়ে থাকত, কাজেই ছোটনাগপুর পাহাড়ে যে জল পড়তো তা গাছের মধ্যে, পাতার মধ্যে আটকে থাকত, এবং সেই জল ধীরে ধীরে দামোদর নদে পড়তো আর সারা বৎসর দামোদরে জল থাকতো। ইংরেজ আসবার পর থেকে ছোটনাগপুরের সমস্ত বন নষ্ট হয়ে গেছে। কাজেই ছোটনাগপুর পাহাড়ে যে জল পড়ে তাতে সব বালি ধুয়ে নদীর গর্ভে পড়ে। আর সব জল এক সঙ্গে পড়ে বলে দামোদরে প্রচণ্ড বন্যা হয় যার ফলে সমস্ত দামোদর তীরবর্তী প্রদেশ বন্যায় বিধ্বস্ত হয়। প্রথম যখন বন্যার প্রকোপ হয় সে সময় East Indian Railway বর্দ্ধমান পর্য্যন্ত বিস্তৃত হয়েছিল এবং সেই রেল রক্ষা করার জন্য গভর্ণমেণ্ট বাঁধ দিতে আরম্ভ করেন। তখন চতুর্দ্দিক বাড়িয়ে দু'দিকেই বাঁধ দেওয়া হয়; কিন্তু পরে railway line-এর উত্তর দিকের বাঁধটা মেরামত করা হয় এবং দক্ষিণ দিকের বাঁধটা অসংস্কৃতই রাখা হয়। তারপর খণ্ডঘোষ থেকে আরম্ভ করে মেমারি থানা পর্য্যন্ত বাঁধের অনেক জায়গাই ভেঙ্গে গিয়েছে এবং তার ফলেই আপনারা জানেন যে ১৯১৩ সালের বন্যা হয়েছিল। তারপর থেকেই প্রায় প্রতি দু'বছর অন্তর বন্যা হচ্ছে। এবং এসব বন্যাও ১৯১৩ সালের বন্যা থেকে বিশেষ কিছু কম নয়। এই যে দু'দিকের বাঁধ মেরামত করা হয় না, শুধু এক দিকেরটা হয়, এর ফলে দামোদরের পার্শ্ববর্তী সমস্ত ক্ষেত্র অনুর্ব্বর হয়ে যায়। যেসব ক্ষেতে আগে সোনার ধান ও অন্য শস্য হত সে সমস্ত ক্ষেত্র নষ্ট হয়ে গেছে। নদীর বালু পড়ে যে জমিগুলিতে সে জমিকে ভালো করে তোলা এখন বড় ব্যয়সাধ্য।

আজকে যে পরিকল্পনার আলোচনা হচ্ছে সেটা পূর্বোক্ত কারণে অত্যাবশ্যক। এই পরিকল্পনার সঙ্গে এটাও করতে হবে যাতে ছোটনাগপুর পাহাড়ে বন জন্মাতে পারে। আজ নদীগর্ভ নীচু হয়ে গেছে ছোটনাগপুরে পাহাড়ের সমস্ত বালু ধুয়ে আসবার জন্য, তার ফলে সমস্ত বাংলা দেশে এমন কি গঙ্গায় পর্য্যন্ত জাহাজ চলতে অসুবিধা ঘটেছে। আপনারা জানেন, ছোটনাগপুর থেকে যে ৪টী নদী বেরিয়েছে তার একটার সঙ্গে বাংলার কোন সম্পর্ক নাই। বর্গীরা প্রথম এই নদীটা পার হয়ে এসেছিল এই যা। কিন্তু সুবর্ণরেখা থেকে সমস্ত বালু ধুয়ে আসবার ফলে অন্য দিকে সমুদ্রের বালি জমে একটা দ্বীপের মতন হওয়ায় আবহাওয়ার পরিবর্তনে আমাদের কাঁথি অঞ্চল affected হবে। বাকি রূপনারায়ণ, গেঁয়োখালি বলে একটা জায়গা আছে, তার একদিকে দামোদর আর এক দিকে রূপনারায়ণ। এই তিনটী নদী মিলে গঙ্গার মোহনা সৃষ্টি করেছে। প্রতিনিয়ত, দামোদরের বন্যায় ও রূপনারায়ণের বালি সরাবার জন্য গঙ্গায় dredge করতে হয়। দামোদরের বন্যায় ছোটনাগপুর পাহাড়ের যে বালু ধুয়ে আসে তা গঙ্গার মধ্য দিয়া সমুদ্রে গিয়ে পড়ে। কাজেই দামোদরের যে পরিকল্পনা তৈরী হয়েছে এতে যে বড় বড় হ্রদ তৈরী হবে, এটা ঠিকই হয়েছে, কিন্তু ছোটনাগপুরের পাহাড়কে যদি বনভূমিতে পরিণত না করা হয় তাহলে ঐ যে হ্রদ তৈরী হবে সেগুলি বালুতে ভরে যাবে এবং——

Mr. SPEAKER: Mr. Banerjee, your time is up.

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAYA: আর দু মিনিট সময় চাচ্ছি। তথাপি আজকে যে চেষ্টা হচ্ছে, এটা আশাব্যঞ্জক চেষ্টা। বাংলার সব চেয়ে ধান উৎপাদক জেলা হচ্ছে বর্দ্ধমান জেলা। সেই জেলার উপকার হবে প্রচুর। সে বাংলা দেশের মধ্যে সবচেয়ে বেশি শস্য উৎপাদনকারী জেলা হবে যদি

দামোদর পরিকল্পনা শেষ পর্য্যন্ত ফলবতী হয়। আমি আশা করি যে এই পরিকল্পনা ভারত গভর্ণমেণ্ট এবং অন্যান্য গভর্ণমেণ্ট মিলে কার্য্যকরী করবেন যার ফলে পশ্চিম বঙ্গের রূপ একেবারে পরিবর্ত্তন হয়ে যাবে--কৃষি এবং শিল্প দুইই বৃদ্ধি প্রাপ্ত হবে।

The Hon'ble BIMAL CHANDRA SINHA: Mr. Speaker, Sir, I rise to give my whole-hearted support to the resolution moved by Sj. Shyamapada Bhattacharyya. Various members have referred to the various aspects of the scheme and dealt with the advantages that might accrue to West Bengal out of this project. Sir, to my mind, Damodar Valley affects the very life of West Bengal. It is no mere exaggeration. If you look at facts you will find that this Damodar Valley Corporation deals in a way with one of the key problems that will have to be solved if we have to solve the problem of West Bengal. Sir, when I say this I have many things in mind. The House will pardon me if I say that it is not proper to look at the resolution of the Damodar Valley Corporation in a piecemeal fashion. Sir, what is the picture of West Bengal today? I will take the House to a few years back and I would refer to conditions that Bengal, particularly West Bengal, was in since the days of War, Famine and Partition. Sir, it is well known all over India, if not all over the world, that while during the war other provinces were in a slightly better condition because of high price of cereal, West Bengal and Bengal as a whole had a different picture. There was in fact a devastating war; there was a denial policy; there was the devastating famine, and on top of this came partition with all its resultant consequences and all its tale of horror and suffering and privations.

Sir, that is the picture of West Bengal today. A reference has been made to the problem but, Sir, the problem to my mind is far bigger and far deeper. If we analyse the demographic changes of West Bengal even from 1901 we shall find that there has been under pressure of events a distribution of population and there was a great trek from the villages to the towns because the villages became unhealthy, because people in the villages had no sufficient means of livelihood, because people found conditions of living attractive in towns. Even those who did not find sufficient employment in towns had to migrate from villages because of new circumstances. Sir, I would like to give the House only one figure and that will prove that West Bengal has now become the most urbanised province in the whole of India. The percentage of urban population in West Bengal was about 13 per cent. in 1901; it came up to 27·48 in 1948. I am afraid it has gone beyond that level at the present moment. So, Sir, that is the picture and if this trek from villages to towns continues unabated, what will be the result? The result will be that cities will be over-congested, that villages will be, if not already, decayed. There will be shortage of agricultural labour on the one hand in the villages and there will be over-congestion in the cities with practically no improvement of the living condition of the people who would rot there. That will be the position. West Bengal will be a hollow shell of decaying villages surrounded by a ring of cities with all its difficulties and disadvantages and with no amenities. Sir, in the interest of West Bengal it is essential that this should not be allowed to continue and if we have to do that, the only solution lies in resuscitating villages.

Sir, reference has been made to the East Bengal refugee problem. Have we taken note of the fact how people in West Bengal villages are growing destitute every day? What is the result of this pressure of events on their economy? Sir, it is not only the question of East Bengal refugees. If we cannot revive the villages, if we cannot resuscitate the village economy, the result will be that in no time we shall be confronted with the problem of refugees even in West Bengal villages. So, Sir, from all points of view it has become urgently necessary to resuscitate the villages in such a way that people can find condition suitable to live there, people can find sufficient means of livelihood there. That can only be done by improving the

economic condition in villages. But how to improve the economic condition of villages? To my mind this Damodar Valley Corporation is the biggest scheme that has yet been undertaken in West Bengal for that purpose. We are trying to have some improvement through small irrigation schemes and so on, but the House will realise, as everybody realises, that these are more or less in the nature of palliatives and cannot go to the root of the problem. So, Sir, if we have to tackle the problem at its root, we shall have to undertake and carry through in the shortest possible time a scheme of this magnitude.

Sir, my friend Mr. Bhattacharyya has referred to a remark that was made by Mr. B. Das in the Indian Parliament. It is perhaps not parliamentary practice to criticise or to refer to the proceedings of other Houses. I would, Sir, not therefore refer to or criticise the statement he made, but I would certainly record my protest against the remark he made, namely, that the Damodar Valley Corporation is the greatest cancer in the body politic of India. If there is mismanagement in the Damodar Valley Corporation, remove it by all means. But, Sir, if you say that the scheme itself is a cancer in the body politic of India, I think the House will agree with me unanimously that we must enter our emphatic protest against that remark and we must point out to the Government of India as also to the members of the Parliament that if Bakra Dam costing 100 crores of rupees can be gone through and if other schemes like the Hirakud Dam are not to be cut down for want of finance, what is there to prevent the speedy execution of the Damodar Valley scheme?

Sir, a question has been raised that the problem of finance stands in the way of speedy and full execution of the Damodar Valley scheme. Sir, I have tried to analyse the problem but to my mind this problem of finance should not in any way stand in the way of speedy execution of the Damodar Valley scheme. My reasons are as follows: It is well known that India is importing food worth many million crores of rupees—and not always from soft currency areas—in order to meet the food deficit of this country. In 1948-49, 130 crores worth of food had to be imported from foreign countries. Sir, if this food import is not to continue it is essential that we should have large river valley projects in our country so that we may not spend our foreign exchange reserve on the import of food. So, Sir, if we can find funds for the import of food, if we have no difficulty in that matter, I do not know what is there to prevent that fund from being diverted to the execution of this long-term river valley project so that expenditure on that account can be reduced in one or two years to come.

Sir, then again the experience of the Tennessee Valley Authority shows that these river valley projects pay for their cost, at least substantially, in no time. May I, Sir, refer the House to one of the reports received from the Tennessee Valley Authority. I am quoting an extract from Lilienthal's book on Tennessee Valley Authority. There he says, as a result of the Tennessee Valley Authority there has been tremendous increase not only of food production but of various other products in that region and the value of those additional products comes up to a very big amount. I would quote one or two more instances. In 1939 the Tennessee Valley Authority Co-operative Administration programme began. In 1942 the annual report of the Tennessee Valley Authority stated, the number of milch cow increased from 343 to 743. In Virginia the report is that food production doubled, and so on and so forth. So, Sir, if we take into account the value of these additional yields, I have no doubt in my mind that this is a sufficient guarantee even for an orthodox financier to think of it as a good investment. As a matter of fact, it has been thought to be an investment even by international standards. Had it not been so, the World Bank would not have advanced money on this account. Now, Sir, the crux of the problem that faces us today and that has been pointed out specifically in the resolution is whether we are going

to push certain dams which are so vital for the flood control operations. Sir, you are aware, that when the Committee presided over by the Maharajadhiraj of Burdwan started its work, after scrutiny of the various reports on the Damodar problem it came to the conclusion that the problem of Damodar cannot be solved unless it is tackled on a multi-purpose basis. That Committee recommended that as the floods in Damodar are caused by storms in the Bay of Bengal, it should be possible to get clear warnings in anticipation of any heavy storm. Therefore, the Tennessee Valley Authority model should be adopted and it should be converted into a multipurpose scheme. The primary purpose for which this multi-purpose scheme was drawn up was flood control, irrigation and power. When, Sir, the original estimate was drawn up by Mr. Voorduin it was estimated thus: flood control was expected to cost Rs. 14 crores, irrigation was expected to cost Rs. 13 crores, and power 28 crores of rupees. The arrangement arrived at between the Central Government, Government of Bihar and the Government of West Bengal was as follows: in the matter of power out of Rs. 28 crores required for the purpose West Bengal was to contribute 9·33 crores, Bihar was to contribute 9·33 crores and India 9·33 crores. About Irrigation West Bengal was to contribute 11·7 crores, Bihar 1·3 crores and India Government nothing. About flood control measures West Bengal was to contribute Rs. 7 crores, Bihar nothing and India Rs. 7 crores. So, Sir, we shall find that out of a total cost of Rs. 55 crores India Government was to contribute 16·3 crores, Bihar Government was to contribute 10·63 crores and the West Bengal Government 28·03 crores. The heaviest burden fell on the Government of West Bengal, and the burden of financing flood control measures fell very heavily particularly on West Bengal. But the West Bengal Government agreed to all these proposals and accepted the arrangements that were drawn up between the three Governments. Now, Sir, on this basis a scheme was drawn up and preliminaries were being examined. If, Sir, there is now a proposal to cut down flood control measures, that would not only be a grievous wrong done to West Bengal, but, if I may say so, that would be almost a breach of faith with West Bengal, because West Bengal has agreed to accept the burden of flood control measures. If the proposal is confined only to power or even to irrigation and if it is not for flood control, the result will be West Bengal will be deprived of most of the benefits that this scheme is likely to produce. I do not say that it will not get any of the benefits, but, Sir, the primary object with which the scheme was started will not be served. Therefore, Sir, when we hear that perhaps financial considerations will compel the authorities to slow down the scheme and that would perhaps affect the construction of the dams at Maithon and other places, I must confess that we feel sad. Sir, I may also point out that of all the dams the Panchet dam is the only dam on the Damodar river itself. The irrigation experts will perhaps be able to tell us that the river Damodar carries the largest volume of water; other rivers, for instance, Barakar and Usri, carry a lesser volume of water than the river Damodar. So, Sir, if the Panchet dam is left out and it is not constructed at the present moment, I am doubtful if the large volume of water carried by Damodar and uncontrolled by any dam would not defeat the very purpose of the scheme. That, after all, is a matter for technical experts to decide, but even if the technical experts decide that it will be possible to control flood without constructing the dam in the Damodar river itself, what we as laymen should insist upon is that there must be some arrangement for flood control which will lead to the benefit of the people of West Bengal. These are the vital issues for West Bengal and we cannot look at it with equanimity if there is a proposal for slowing down the programme or cutting down the work. I hope the Government of India will realise, the province of Bihar will realise, as also other provinces will realise that it is dangerous in the present context of things to cut down or slow down the work in this manner. Sir, it has been recognised by authorities at Delhi that Bengal's problems are India's

problems and if Bengal's problems are to be tackled satisfactorily, we have to go down to the root of the matter and must at least start work which in two or three or four years' time will materialise, so that the living conditions in West Bengal may be improved. If we cannot do that, with the huge refugee problem and various other problems confronting this Border Province, we shall have to face such tremendous difficulties that it will be difficult to keep the situation under control. So, Sir, we must tackle the problem immediately before us and adopt measures that are likely to solve the problem to a certain extent. We must at the same time make a foundation for the permanent improvement of the country, so that after independence the hopes aroused in the minds of the people may be fulfilled, if not this year or in the next year, at least within some measurable future date and the people can feel that their upliftment is sure to come and they will not have to live on an extremely and inconceivably low standard of living and suffer the inconveniences that they are suffering at the present moment.

Sj NISHAPATI MAJHI: মাননীয় স্পীকার মহোদয়, আজ আমার বন্ধু শ্যামাপদ বাবু যে প্রস্তাব এই পরিষদে উপস্থাপিত করেছেন তাতে আমরা একবাক্যে এইকথা জানাচ্ছি, যেহেতু দামোদর নদীর প্লাবন রোধ দামোদর উপত্যকার বহুমুখী পরিকল্পনার অন্যতম উদ্দেশ্য, সেহেতু এই পরিষদ এই অভিমত জ্ঞাপন করিতেছে যে অতীত অভিজ্ঞতা অনুযায়ী উক্ত উদ্দেশ্য কার্য্যকরী করায় অধিক বিলম্ব ঘটিলে বন্যার দরুণ ক্ষতিগ্রস্ত রেল লাইন, পথঘাট ও বাঁধের মেরামত এবং বন্যাবিপন্ন নরনারীকে সাহায্যদান বাপদেশে পশ্চিম বঙ্গ রাষ্ট্র সরকারের যে বিপুল অর্থব্যয় হইবার আশঙ্কা আছে তাহা নিবারণকল্পে দামোদর বন্যা নিরোধের অপরিহার্য্য অঙ্গরূপে মাইথন ও পাঞ্চেট হিল বাঁধ নির্ম্মাণ কার্য্য অবিলম্বে কার্য্যকরী করা হউক। এই প্রস্তাব আমি সর্ব্বান্তঃকরণে সমর্থন করছি এবং তার পূর্ব্বে যাঁরা এই পরিকল্পনা রচনা করেছেন, ভবিষ্যতের কথা ভেবে বাংলার অর্থনৈতিক ও সামাজিক অবস্থার কথা বিবেচনা করে যাঁরা এটাকে কার্য্যকরী করে তুলছেন তাদের সর্ব্বাগ্রে ধন্যবাদ দিচ্ছি।

পশ্চিমবঙ্গ আজ অর্থনৈতিক সমস্যায় বিপন্ন। চারদিক থেকে আজ পশ্চিম বঙ্গের যে শোচনীয় অবস্থা হচ্ছে তার আশু প্রতিবিধানের জন্য এই সব বৃহৎ পরিকল্পনা আমাদের দেশে দামোদর, ময়ূরাক্ষী, অজয়, গঙ্গা ও বিদ্যাধরী প্রভৃতি নদীর বাঁধ বিশেষ আবশ্যক। যতদিন এই সব পরিকল্পনা কার্য্যকরী না করা যাবে ততদিন আমাদের সত্যিকারের জীবনের মানদণ্ড বৃদ্ধির কোন উপায় নাই। এই পশ্চিমবঙ্গের জীবন-মরণ সমস্যার দিনে সব পরিকল্পনাকে কার্য্যকরী করবার তৎপরতা দেখা দিয়েছে। আজ এই প্রস্তাবে আমরা এক বাক্যে এই কথা বলছি কেন্দ্রীয় সরকার যেন অবিলম্বে এই দেশের কল্যাণের জন্য—এই দেশের নরনারী রক্ষার জন্য সমগ্র দামোদর পরিকল্পনা কার্য্যকরী করে তোলেন। কয়েক বৎসর হোলো দামোদরের কাজ আরম্ভ হয়েছে, কয়েক কোটী টাকাও ব্যয় হয়েছে। এই পরিকল্পনায় একদিকে বন্যা নিয়ন্ত্রণ করা হবে, তেমনি এই দেশের যাতে খাদ্য শস্য অধিক উৎপন্ন হয় তারও একটা ভাল সেচ ব্যবস্থা করা হবে। আজ পশ্চিমবঙ্গের অবস্থা অনেকেই জানেন। ২৯ হাজার ৩ শত ৭০ বর্গমাইল এর পরিধি। লোকের সংখ্যা ২৷৷০ কোটী, মাথা পিছু প্রতি বর্গমাইলে ৮৫১ জন লোকের বসবাস এখন নয় শতর কাছাকাছি হয়েছে। তিন কোটী একর ফসলের জমি, তার মধ্যে দুই কোটী একরে ধান হয় আর তিন লক্ষ একরে মরিচের চাষ হয়। আজকে আমাদের জমি বাড়াবার কোন উপায় নাই। এখানে এই অল্পস্থানে অল্প জমির মধ্যেই কাজ করতে হবে। সেই জন্য এখানে বিজ্ঞানের সাহায্য নিতে হবে। জল সেচের ব্যবস্থা এবং অন্যান্য ব্যবস্থা অবলম্বন করে খাদ্যের পরিমাণ বাড়াতে হবে। এই পরিকল্পনা সেই দিক দিয়ে একটা পথ দেখাচ্ছে। আবার আর একটা কথা এই প্রস্তাবের সঙ্গে বলতে চাই; এই নদীগুলির ধারে দেখা যায় যে কৃষকদের ছোট ছোট শিল্প কাজ ছিল। তারা নিরীহ, তারা দুর্ব্বল, গরীব। সেচ-মন্ত্রীমহাশয়কে আজ অনুরোধ জানাচ্ছি, তিনি যেমন নদী নালা সংস্কার করছেন, বাঁধ বাঁধছেন সেইরূপ এই সব দরিদ্রেরা যেখানে অবস্থান করত সেই স্থানগুলি যেন ভাল করে তোলেন। কেননা এই সব গরীব তারা সময়মত খেতে পায় না, শিক্ষার ব্যবস্থা নাই, ঘরবাড়ীও ভাল কিছু নাই, তাদের সামাজিক জীবনও অতি খারাপ। তাদের উৎখাত করে এই বৃহৎ পরিকল্পনা যেন গড়ে তোলা না হয়। তারা বড় গরীব, তাদের যদি তাড়িয়ে দেওয়া হয়, এই বিরাট পরিকল্পনার জন্য তাদের যদি বস্তি থেকে উচ্ছেদ করা হয়, এবং এই বৃহৎ পরিকল্পনার মধ্যে যদি তারা কোন স্থান না পায়, তাহলে তারা আর কোথাও কোন স্থান পাবে না। আজ যদি আপনারা সত্যিকারের দেশের কল্যাণ চান তথা জল জমিয়ে না রেখে কার্য্যকরী করতে চান, তাহলে এই সব গোত্রের জাতিদের স্বাধীন বাংলা দেশের সৈনিকের মত গড়ে তুলতে হবে। তাদের এই পরিকল্পনার যথাস্থানে স্থাপন করতে হবে। আর তা যদি

না করেন তাহলে সেচবিভাগে বড় বড় অফিসার রেখে অনেক ফসল উৎপাদন করার যে ব্যবস্থা হচ্ছে সেটা
জিনিষে পরিণত হবে। আমাদের দেশে কৃষকের সংখ্যা কম। অথচ বাংলার শতকরা ৭২ জন কৃষক।
এখন যদি হিসাব করা যায় তাহলে দেখা যাবে যে আমাদের দেশে শতকরা ৪৬ জন কৃষক। অবশ্য বাং
অনেক লোক এসেছে কিন্তু তাদের মধ্যে অধিকাংশ লোকই কৃষি কাজে অচল। আর যারা অচাষী এসেছে
কেবল চাকরীর দিকে নজর দিচ্ছে। কৃষি কাজে ঝুঁকি নিতে তারা চায় না। শুধু জল থাকলেই ফসল হ
না। আজ চাই শ্রম--পরিশ্রম করবার লোক, এই দিকে সরকারের দৃষ্টি দেওয়া উচিত। দামোদর পরিকল
অনেক কিছু উপকার হবে দেখা যায়। কিন্তু আমরা এই পল্লী শিল্পীর দিকে দৃষ্টি দিচ্ছি না। আমি ি
করি না যে আবার গ্রামের লোক হাঁটুর উপর কাপড় পরে বসেবসে ভাল মানুষের মত পড়ে থাকবে।
চার দিক থেকে নূতন আবহাওয়া তৈরী হচ্ছে। বিশেষ করে ৩৪ হাজার পল্লীর মধ্যে যেগুলি বদ্ধিষ্ণু
সেখানে দলে দলে শিক্ষিত নরনারী এসে এইগুলিকে আদর্শ গ্রামে--ছোট সহর রূপে গড়ে তুলছে। দা
পরিকল্পনার মধ্যে যাতে পরস্পর পরস্পরের সঙ্গে সহযোগিতা স্থাপন করতে পারে এই ব্যবস্থা করতে হ
গরীবদের জন্য যাতে ছোট গৃহ শিল্প বৈদ্যুতিক শক্তির দ্বারা স্থাপিত হয় তারদিকেও দৃষ্টি দিতে হবে।
সেচ-মন্ত্রীমহাশয় ও সেচবিভাগের কর্তৃপক্ষকে এই বিষয় বিশেষ দৃষ্টি দেবার অনুরোধ জানাচ্ছি। আবার ব
এই দেশের কল্যাণের জন্য, বহু লক্ষ লোকের আশ্রয়ের জন্য আমাদের দামোদর পরিকল্পনাকে সর্বাগ্রে কার্য্য
করা বিশেষ দরকার। এই বিষয়ে কোন দ্বিমত নাই। এই দিকে ক্রমশঃ জনমত বৃদ্ধি হচ্ছে। আমাদের
কর্ণধার তাঁরা এই গরীবদের দিকে দৃষ্টি দেবেন,--এই কথা বলে আমি শ্যামাপদ বাবুর এই প্রস্তাব সর্বান্তঃক
সমর্থন করছি।

SJ. BASANTLAL MURARKA: Mananeo Speaker mahodai, mahatpurn perastao apke samney rakha giya hai, main uska redhai s samarthan kerta hoon, aur sathi parastabak mahadai ko bhi dhanabad de hoon, keon ke jeh bohut mahatpurn parastao hai. Jo Bengal ka sub s rachnatak kam hai, sub sey bara kam hai wah Damudar ka kam hai. Beng ke uper sara Bharatversh nerbher kerta hai. Bengal Bharatversh k raksha kersakta hai. Jati Bengal kamzore ho to sara Bharatversh kamzo hojaiga aur ager Bengal takatwer ho, balman ho to sara Bharatver takatwer hojaiga. Bharat ek arthic sankat sey guzer raha hai, is arth sankat ko door ker ney ke liey, is arthic isthiti sey raksha parne ke liey bera kalpana hai wah Damudar kalpana hai. Is kam ko juld sey ju lia jai. Main herdai sey iska samarthan kerta hoon aur asha kerta hoon k isko juld lia jaiga.

SJ. KANAILAL DE: সভাপাল মহাশয়, এই পরিষদের সম্মুখে দামোদর পরিকল্পনা ত্বরান্বি
করবার যে প্রস্তাব উপস্থাপিত হয়েছে, আমি সেই প্রস্তাব সর্বান্তঃকরণে সমর্থন করছি। দামোদর এক সময়ে পশ্চি
বাংলার প্রধান সম্পদ ছিল। দামোদরের বন্যার লাল জল ছোটনাগপুর পাহাড় বেয়ে এসে বর্দ্ধমান জেলার দু
কূল প্লাবিত করে দিত, সেই জলের সঙ্গে উর্ব্বর মৃত্তিকা মিশে থাকায় প্লাবিত জমি ফসলে পূর্ণ হয়ে যেত
১৮২০ সালে Governmentএর একটা reportএ দেখা যায় যে, ভারতবর্ষের মধ্যে বর্দ্ধমান অন্যত
উর্ব্বরতম জেলা। দামোদর নদের বন্যায় দুই কূল প্লাবিত হয়ে গিয়ে বর্দ্ধমান জেলার জমি উর্ব্বর করে দি
আর কৃষকেরা ধনধান্যে সমৃদ্ধ হয়ে উঠতো। আমি দামোদরের কূলে বাস করি, ছেলেবেলায় শুনেছি বর্দ্ধমা
অঞ্চলে যার ১০ বিঘা জমি ছিল সে একজন অবস্থাপন্ন গৃহস্থ বলে গণ্য হত। এক এক বিঘায় ২৪।২
মণ ধান হত এবং এই জমিতে রবিশস্যও প্রচুর পরিমাণে হত। আর সেই সময়ে দামোদরের তীরবর্ত্তী
পল্লীতে ম্যালেরিয়াও ছিল না। কিন্তু যখন rail line হল সে সময় থেকে দামোদরের এই মঙ্গলময়
রূপ পরিবর্ত্তিত হয়ে ধ্বংসের লীলায় প্রকট হয়ে উঠলো। Rail line রক্ষা করবার জন্য বাঁধ বাঁধা হল
এই বাঁধ বাঁধার ফলে দামোদরের জল দুই কূল প্লাবিত করতে পারলো না এবং ক্রমাগত ছোটনাগপু
পাহাড়ের বড় বড় জঙ্গল কেটে ফেলার ফলে বেশী পরিমাণে বালি ও মৃত্তিকা জলের সঙ্গে আসতে লাগলো
তার ফলে দামোদরের গভীর খাদ পূর্ণ হয়ে গেল। এই বাঁধের জন্য দামোদর মঙ্গলময়রূপ পরিত্যাগ করে ধ্বংসে
লীলা আরম্ভ করলো। গত ৩৫ বৎসরের মধ্যে দামোদরে ৩।৪ বার প্রচণ্ড বন্যা হয়ে গিয়েছে। আমরা ১৯১৩
সালে দামোদরের যে বন্যা দেখেছি--আমাদের বাল্যকালে, সে কি ভীষণ। শত শত গ্রাম নিশ্চিহ্ন হয়ে গিয়েছে
বহু নরনারী বন্যায় ভেসে গিয়ে প্রাণ দিয়েছে, হাজার হাজার গরু বাছুর নষ্ট হয়ে গিয়েছে, কত বিপন্ন লোক বৃক্ষ

ঘরের ছাইয়ের উপর বসে নদীতে ভেসে গিয়েছে তাদের উদ্ধার করবার কোন উপায় হয় নাই। এই দামোদরের এতদিনের বন্যা নিবারণ করবার যে পরিকল্পনা, সে পরিকল্পনাকে অর্থ-কৃচ্ছ্রতার দোহাই দিয়ে বন্ধ করে রাখলে পশ্চিম বঙ্গের অত্যন্ত ক্ষতি হবে।

এই পরিকল্পনা অর্থ-কৃচ্ছ্রতার দোহাই দিয়ে বন্ধ করে রাখলে পশ্চিমবাংলার প্রতি অত্যন্ত অবিচার করা হবে। যে কোন প্রকারেই হোক দামোদর পরিকল্পনাকে সফল করতে হবে। দামোদর পরিকল্পনা যে রকম হবে বলে পূর্বে বলা হয়েছিল তাতে দামোদর অঞ্চলের বন্যাপীড়িত লোকজন সত্যই স্বস্তির নিশ্বাস ফেলেছিল। তারা ভেবেছিল,--কয় পুরুষ ধরে যে কষ্ট তারা সহ্য করে আসছে সেটা তাদের দূর হবে। এখন তাদের সেই স্বপ্নটা যদি সার্থক না হয় তাহলে তারা নিরাশায় ভেঙ্গে পড়বে। ভারতের বিভিন্ন প্রদেশের কত বড় বড় পরিকল্পনা আরম্ভ হয়েছে এবং কাজও দ্রুত চলছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় পশ্চিম বাংলার পক্ষে এই অত্যাবশ্যক কাজটায় যখন কেন্দ্রীয় সরকার হাত দিয়েছেন, সেটা কেন বন্ধ হবে আমরা বুঝতে পারি না।

উড়িষ্যা, দক্ষিণ ভারত ও বেহার প্রদেশের যে কয়টা dam হওয়ার কথা সেগুলি সবই হবে, কেবলমাত্র পশ্চিম বাংলার এই অত্যাবশ্যকীয় পরিকল্পনাটি বন্ধ রাখা হবে, এবং কতদিনের জন্য বন্ধ রাখা হবে তা পর্য্যন্ত জানা যায়নি। অতএব আমাদের কেন্দ্রীয় সরকারকে বিশেষভাবে চাপ দিতে হবে। দামোদর পরিকল্পনা বহুমুখী, দামোদরকে রাণীগঞ্জ থেকে নৌবাহ্য করা হবে। বর্ষায় ৩ মাস ছাড়া দামোদরে নৌকা চলতে পারে না। যদি ১২ মাস নৌকা চলাচল হয় তাহলে ঐ অঞ্চলের অধিবাসিগণের বিশেষ সুবিধা হবে। যদি জলরক্ষা ক'রে নিয়ন্ত্রিতভাবে নদীর স্রোতে চালিত করতে পারা যায় তাহলে তার পাশ থেকে ছোট ছোট খাল কেটে পার্শ্ববর্ত্তী স্থানে চাষের জন্য জল দেয়া যেতে পারে। সেসব অঞ্চলে জলের অভাবে রবি শস্য কিছু মাত্র হয় না, কেবলমাত্র ধান হয়। যদি জল ধরে রেখে বিভিন্ন খাল কেটে সমস্ত অঞ্চলে আবশ্যকমত প্রবাহিত করা যায় তাহলে দেশের শস্যসম্পদ বৃদ্ধি হবে এবং আমাদেরও খাদ্যাভাব মিটে যাবে। কিন্তু এ স্বপ্ন সফল কবে হবে?

বড় বড় বিবৃতিতে নূতন নূতন পরিকল্পনার আশার রূপ আমাদের দেখানো হয়, কিন্তু সে সমস্ত আশা কথামাত্রেই পর্য্যবসিত হয়। দামোদর পরিকল্পনায় যা আমরা আশা করেছিলাম, এবং অত্যন্ত জোরের সঙ্গে যে কথা অধিবাসীদের শুনিয়েছিলাম, আমাদের সেই দামোদর পরিকল্পনা কেবল আশায় মাত্র পর্য্যবসিত হয়ে যাবে, এ আমরা সহ্য করতে পারি না। এই পরিকল্পনা সফল হলে প্রচণ্ড বন্যা নিয়ন্ত্রিত হবে, দেশ ধনধান্যে পূর্ণ হবে, সেজন্য এই পরিকল্পনাকে সার্থক করতে আমাদের সকলের আপ্রাণ চেষ্টার প্রয়োজন।

সেই উদ্দেশ্যে আজ আমরা পশ্চিম বঙ্গ পরিষদের সকল সভ্য এক বাক্যে এই প্রস্তাব সমর্থন করছি, যাতে কেন্দ্রীয় সরকার দামোদরের কাজ বন্ধ না করেন, এবং পাঁচ বছরের মধ্যে যেন কাজটা সম্পূর্ণ করে দেন; এই বলে আমি এই প্রস্তাব সর্বান্তঃকরণে সমর্থন করছি।

Sj. BANKUBEHARI MONDAL: মাননীয় স্পীকার মহোদয়, শ্যামাপদ বাবু যে দামোদর পরিকল্পনার প্রস্তাব এনেছেন তা আমি সর্বান্তঃকরণে সমর্থন করি। যে Barrage-এর কথা আছে, তার অপর পারে আমার বাড়ী, কাজেই দামোদর সম্বন্ধে কোথায় কি অসুবিধা তার অভিজ্ঞতা ও জ্ঞান আমার আছে। ১৯১৩ সালে যখন প্রথম দামোদরের বন্যা হয় তখন আমি কলেজের ছাত্র ছিলাম। স্বর্গগত ডাঃ রাসবিহারী ঘোষ দামোদর বন্যার সাহায্যের জন্য যে টাকা দিয়েছিলেন সেই টাকা নিয়ে দলে দলে ছাত্রেরা দুর্গতদের সাহায্যদানের জন্য ঘুরেছিল। পল্লীগ্রামে যে সমস্ত লোকের বাস তাদের অধিকাংশেরই মাটির ঘর। সেই সমস্ত মাটির ঘরের দেয়াল পড়ে গিয়াছিল, অধিবাসীদের গরু বাছুর ইত্যাদি বানে ভেসে গিয়েছিল। এমন কি বানে অনেক ছেলে বুড়োকে ভাসিয়ে নিয়ে গিয়েছিল। রাত্রি বেলায় যখন বান আসে তখন সবাই ঘুমিয়েছিল বলে বাড়ীর বাইরে বড় কেউ আসতে পারেনি। গভর্ণমেণ্টও সে সময় বন্যায় অনেক সাহায্য করেছিলেন। সে বন্যায় বর্দ্ধমান সহরের ভিতরও এক মানুষ জল হওয়ায় সমস্ত সহর জলে প্লাবিত হয়েছিল। সেখানে relief দিয়ে সমস্ত মানুষকে রক্ষা করা হয়েছিল। Railway line যা বর্দ্ধমানের পশ্চিমে সে সমস্ত ভেঙ্গে যায়, তাছাড়া বর্দ্ধমান থেকে কাটোয়ার যে রেল লাইন সেটাও ভেঙ্গে যায়।

১৯৪৩ সালে যখন বন্যা হয়, তখন শক্তিগড় ষ্টেশনের কাছে হাজার হাজার বিঘা জমি চাষের অযোগ্য হয়ে গিয়েছিল এবং আজ পর্য্যন্ত সে জমি উদ্ধার করা হয় নাই। এই জমিগুলি নষ্ট হওয়ার জন্য আমাদের খাদ্যশস্য ঘাটতি পড়েছে। এবং সেই সমস্ত জমির মালিকগণ যারা এক সময় অবস্থাপন্ন ছিল তারা নিঃস্ব হয়েছে। সেই জন্য দামোদরের dam দুটি যদি তৈরী হয় তাহলে লোকের এই রকমের দুর্দ্দশা ঘটিবে না। বর্ষা আসন্ত প্রায়, কে জানে বন্যা কবে আসবে। তার জন্য দামোদরের তীরবর্ত্তী লোকেরা সর্ব্বদা ভয়ে ভয়ে থাকে।

তারা আশা করেছিল দামোদর পরিকল্পনা কার্য্যে পরিণত হবে, ফলে তাদের দুঃখ কষ্ট দূর হবে। Durgapur canalএর যে বন্দোবস্ত হয়েছে তার জল ১২ মাস থাকবে। আর পানাগড়ের কাছে যে canal আছে তাতে বর্ষার সময় জল দেয়া হয়, সব সময় সে জল পাওয়া যায় না। তারপর এখন যে পরিকল্পনা হচ্ছে সেই পরিকল্পনা অনুযায়ী পশ্চিম বঙ্গের বর্দ্ধমান এবং বাঁকুড়ার কয়েকটা জায়গায় canal তৈরী হচ্ছে। কিন্তু কেন্দ্রীয় গভর্ণমেণ্টের যে রকম আস্তে আস্তে কাজ হচ্ছে এবং টাকার অভাবে যে রকমে কাজ বন্ধ হবার উপক্রম হচ্ছে তাতে বাংলাদেশের বিশেষ ক্ষতি হবে।

বাংলাদেশে যা হচ্ছে সেটা হলো বরাকর নদীর বাঁধ। কিন্তু এটা যদি শীঘ্র আরম্ভ না হয়, কালবিলম্ব হয়, তা হলে আমাদের দেশের সমূহ ক্ষতি হবে। তারপর, দেনা করে গভর্ণমেণ্টের এই কাজ চলেছে, সে দেনার সুদ দিতে হবে, কিন্তু কোন বিশেষ কাজ হবে না; আর আমাদের এদিকেরটা করলে দেশের যা খাদ্য ঘাটতি সেটা পূরণ হবে, বিদেশ থেকে চড়া দামে খাদ্য আনতে হবে না। তা ছাড়া এই দামোদরের ধারে পূর্ব্ব বঙ্গের অনেক রেফিউজি বাস করতে পারবে, আমি পূজার সময় বাড়ী গেছিলাম, তখন দেখেছি বন্যার জলে অনেক লোক এসে জড় হয়েছে, ৩।৪শ লোককে ২।৩ দিন ধরে ভিজে মেটে রাস্তার ধারে বসে থাকতে হয়েছে। তারপর গ্রীষ্মকালে অতিরিক্ত গরমের জন্য দামোদর পার হওয়া দায় হয়। বর্ষায় যদি বান হয়, তখন সেই বানের গতি এত বেশী যে অনেক সময় লোকদের ভাসিয়ে নিয়ে যায়। ব্যারেজ হলে সেসব অসুবিধা জনসাধারণের অনেকটা লাঘব হবে। তাছাড়া canalএ মাছও হবে। যেসব জায়গায় canal যাবে না সেখানেও জলের বন্দোবস্ত অন্যভাবে করা চলবে। এই বলে আমি এই প্রস্তাব সর্ব্বান্তঃকরণে সমর্থন করছি।

Sj. KANAILAL DASS: মাননীয় স্পীকার মহোদয়, আমি এই প্রস্তাব সম্পূর্ণভাবে সমর্থন করছি। বর্ত্তমানে ভারতবর্ষের প্রধান সমস্যাই হচ্ছে refugee আর খাদ্য। আমি মনে করি যদি এই দামোদর পরিকল্পনা ঠিক পুরাপুরিমত করা যায় তাহলে এই দুটো সমস্যাই মিটে যাবে। Damodar Valleyতে ৮টা বাঁধ করবার যে কথা হচ্ছে এবং তাতে যে বৈদ্যুতিক শক্তির উৎপাদন হবে তদ্দ্বারা বহু factory চলবে যাতে নাকি বহু বেকার সমস্যার সমাধান হবে। তার আর একটা কাজ হবে flood control, তার ফলে বাংলা দেশের যে flood হয় সেটা বন্ধ হবে।

স্পীকার মহোদয়, আমরা জানি এই দামোদরের বন্যা আমাদের কত হাজার হাজার ভাইদের ভয়ের কারণ হয়ে দাঁড়িয়েছে। প্রত্যেক বছরে দেখা গেছে যখন flood হয় তখন বর্দ্ধমান জেলার রায়না থানার এবং অন্যান্য অঞ্চলের জমিগুলি নষ্ট হয়। একটু আগে মাননীয় সদস্য বঙ্কুবাবু বলেছেন যে শক্তিগড় ষ্টেশনের কাছে বহু জমি নষ্ট হয়ে গেছে।

Sj. SIBNATH BANERJEE: Mr. Speaker, Sir, the question be now put.

Mr. SPEAKER: Yes, it is going to be put.

Sj. KANAILAL DASS: সেই জন্য দামোদর পরিকল্পনা আরম্ভ করবার সঙ্গে সঙ্গে যে কাজ করা হয়েছে তার মধ্যে যদি নীচের দুটো damএর কাজ স্থগিত রাখা হয় তাহলে পশ্চিম বাংলার উপকার তো হবেই না, বরং বিশেষ রকম ক্ষতিই হবে। এ বিষয়ে কেন্দ্রীয় সরকারকে ও করপোরেশন কর্ত্তৃপক্ষকে আমরা, এই দুটো বাঁধ একই সঙ্গে তৈরী করার জন্য, অনুরোধ করছি। নৈলে অনর্থক আমরা কতকগুলি টাকা food supply ও controlএর ব্যাপারে এবং রেলওয়ে বাঁধের জন্য খরচ যে করে আসছি প্রতি বৎসর, সে খরচাটা বন্ধ হবে না। এই বলে আমার বন্ধুরা যে প্রস্তাব এনেছেন সেটা আমি সমর্থন করছি।

The motion of Sj. Shyamapada Bhattacharyya that the control of floods of the Damodar River being one of the objectives of the Multi-purpose Damodar Valley Project, this Assembly is of opinion that any delay in the fulfilment of that objective may involve, as has been experienced in the past, huge costs to the State Government of West Bengal in repairs of damages to railways, roads and embankments and in giving relief to the people affected and that therefore steps for the construction of dams at Maithon and Panchet Hill which are vital to the control of Damodar floods should be undertaken with the utmost expedition, was then put and agreed to.

Mr. SPEAKER: The next motion is of Mr. Sibnath Banerjee. Under rule 76 it is necessary to obtain the consent of the Minister-in-charge of the Department to which the resolution relates because the notice was short and as the consent has been refused, the motion cannot be discussed.

Sj. SIBNATH BANERJEE: Mr. Speaker, I would like to make my submission. It was circulated day before yesterday—at least we got it yesterday and the Chief Minister or the Home Minister who is refusing consent must have got it yesterday and therefore, he should have told us that the consent was refused. At this time when the time for discussing the resolution has come, I am surprised to hear that the consent has been refused. This should have been done long ago. It should not have been on the agenda here. When this item is going to be discussed, to say that consent has been refused is not fair to the House and certainly not to me. Therefore, Sir, I would like to have your permission to move this and the consent should be taken for granted. If he sleeps and is absent from the House, it is not our fault. He should have told us why he is objecting. It is a very important matter on which the fate not only of Bengal but of the whole India depends. We are suggesting certain things which will pacify the people, which will ease the situation. What the present Ministry is doing is worse than Hitlerism. They are not capable of facing even one-man opposition and it was not opposition at all—it was a suggestion. After all, big men like Pandit Jawaharlal Nehru and others are unable to find any solution and I did not claim that I have found a solution. It was only a short-term programme that was given and which was being worked out in the Peace Committee and also by Pandit Jawaharlal Nehru and Dr. Roy himself. Therefore, I do not see any reason why this should not be discussed in this House. The provisions or suggestions that I have made will apply to both the Governments mostly. For instance, complete security of life and property should be guaranteed to the Muslims of West Bengal and also adequate compensation for losses should be paid.

Mr. SPEAKER: Please do not read the resolution.

Sj. SIBNATH BANERJEE: We claim this State to be a secular State but I want to say that this is not a secular State.

Mr. SPEAKER: You cannot discuss the resolution.

Sj. SIBNATH BANERJEE: I am saying that this is not a secular State and the Chief Minister in refusing his consent has shown that it is not a secular State. It is a dictatorial State.

Mr. SPEAKER: You cannot discuss that. The only question that you can discuss is the point of order. If you have got any submission to make on the point of order, you can do so. But in making your submission, you cannot discuss the resolution.

Sj. SIBNATH BANERJEE: Sir, I am not discussing the resolution. What I want to say is that the way in which consent has been refused is absolutely out of order, and it is dictatorial. There is a provision that consent has to be taken. If consent was to be refused, it ought to have been refused yesterday or day before yesterday, and the Minister concerned should have been consulted. Today the resolution is in the agenda, and the resolution was before us yesterday and we have come prepared. If consent had been refused earlier, all our trouble could have been minimized or avoided. The absence of the Chief Minister today is the most irritating part of the whole thing. Why should consent be refused? The Chief Minister owes an explanation at least to this House. Let the resolution be postponed. Let us hear the Chief Minister as to why consent has been refused, and then it can finally be dealt with—not today because the Chief Minister, who is

the only man who can give some explanation or reason as to why consent has been refused, is not here, and it is discourteous both to you, Sir, and to the House.

Mr. SPEAKER: So far as this resolution is concerned, I am bound by the rules which require 21 days' notice. The rule provides that if a resolution has to be moved with shorter notice, consent of the Minister-in-charge must be obtained. That consent not having been obtained, I am unable to go on with this resolution or permit the member concerned to move this resolution.

Sj. SIBNATH BANERJEE: I am not claiming that.

Mr. SPEAKER: I should tell you this that this resolution does not lapse. If there be any more non-official day for resolutions while the Assembly is sitting, and if by that time 21 days expire, the resolution will still be before the House.

Sj. SIBNATH BANERJEE: Sir, I am not making any further submission about 21 days' notice. I know that. We were never told that we would get a non-official day. The day when we were told that we would get a non-official day—immediately we knew that we would get a non-official day I submitted this resolution. Before that we did not know that we had any chance of non-official resolutions being considered by this House. Immediately we knew that there was a non-official day, I gave notice of this resolution. I would suggest that the taking up of this resolution be postponed for the next day, so that it may be taken up on that day, and at least the objection of the Chief Minister be heard. That is all that I am asking for.

Mr. SPEAKER: I have already told you that this resolution does not lapse. If there be another non-official day for discussing resolutions, and if by that time the time expires or if by that time the Minister gives his consent, then it can be discussed. Otherwise, it cannot be discussed.

So far as the question of sending resolutions is concerned, a member is entitled to send resolutions at the commencement of the session or I believe even before the commencement of the session, and one has to be alert in these matters, so that the time may not lapse. Unfortunately, that has not been the case with regard to this matter, and in view of the fact that the necessary consent has not been obtained, whatever may be the reason for it, I am unable to go on with this resolution any more. As there is no other business of the House, the House stands adjourned——

Sj. SIBNATH BANERJEE: Speaker is all-powerful. Is there no provision to override the Chief Minister's objection?

Mr. SPEAKER: No. I have considered the matter very carefully.

Sj. SIBNATH BANERJEE: We have got your superior consent. When we have got your consent then consent of the lesser fries need not be taken.

Mr. SPEAKER: There is no discretion to be left in me under rule 76. Therefore I cannot curtail the time. The Minister concerned has got to give a reply on this matter which is of such great importance. I do not want to probe into the reason or want of reason. You can understand very well the importance of the subject and the necessity of the Ministers getting ready for giving a proper answer.

Adjournment.

The House was then adjourned at 5-55 p.m. till 10 a.m. on Saturday, the 18th March, 1950, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Saturday, the 18th March, 1950, at 10 a.m.

Present:

Mr. Speaker (the Hon'ble ISWAR DAS JALAN) in the Chair, 8 Hon'ble Ministers and 41 members.

STARRED QUESTION

(to which oral answer was given)

Rise in prices of oil-seed cakes

***58. Sj. ANNADAPRASAD MANDAL:** (ক) কৃষি বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয় অবগত আছেন কি যে—

(১) গরুর খাদ্য এবং জমিতে সার হিসাবে ব্যবহার্য্য খইলের দর চড়িয়া গিয়াছে; এবং

(২) খইলের মূল্য বৃদ্ধিহেতু খাদ্যোৎপাদনে বিঘ্ন ঘটিতেছে?

(খ) যদি (ক) বর্ণিত প্রশ্নের উত্তর হাঁ হয়, তাহা হইলে—

(১) খইলের দাম কমাইবার কোন ব্যবস্থা করা সম্ভব কি না; এবং

(২) যদি কমান সম্ভব না হয়, খইলের ন্যায় গরুর খাদ্যের অন্য বিকল্প কোন চিন্তা তিনি করিয়াছেন কি না?

MINISTER in charge of the AGRICULTURE DEPARTMENT (the Hon'ble Prafulla Chandra Sen): (ক) (১) হাঁ।

